ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

JAGARAN ■ 8 March, 2023 ■ আগরতলা ৮ মার্চ, ২০২৩ ইং ■ ২৩ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা



Azadi Ka Amrit Mahotsav

Government of Tripura

G20 2023 INDIA





ভারতের মাননীয় প্রধানমন্ত্রী
শ্রী নরেন্দ্র মোদী মহোদয়

ত্রিপুরায় আপনি স্বাগত

মন্ত্রিসভার

শপথ গ্রহণ সমারোহ

৮ মার্চ, ২০২৩ ■ সকাল ১০ টা

স্বামী বিবেকানন্দ ময়দান, আগরতলা

শপথ গ্রহণ শুরু হবে সকাল ১১ টায়। এই ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী হতে জনসাধারণকে সকাল ১০ টার মধ্যে ময়দানে প্রবেশ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

Join the event live at : DD NEWS ICA Tripura

ICA/D-2135/2022-23

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৯ ▫ সংখ্যা ১৪৬ ▫ ৮ মার্চ ২০২৩ইং ▫ ২৩ ফাল্গুন ▫ বুধবার ▫ ১৪২৯ বঙ্গাব্দ

## আন্তর্জাতিক নারী দিবসের ভাবনা

স্বাধীনতার ৭৫ বছর অতিক্রান্ত হইলেও আমাদের দেশে নারীদের সমান অধিকার এখনো নিশ্চিত করা যায়নি। ইহা দুর্ভাগ্যের। সে কারণেই নারীদের অধিকার সুরক্ষিত করিবার জন্য দেশের সংবিধানে বেশ কিছু অধিকার স্বীকৃত রহিয়াছে। নারীদের অধিকার সুরক্ষা এবং নারীদের নির্যাতনের হাত থেকে রক্ষা করিবার জন্য বিশেষ আইনী সংস্থান করা হইয়াছে। কিন্তু তাহাতে নারীদের অধিকার ১০০ু নিশ্চিত করা সম্ভব হইয়াছে বলিয়া মনে হইতেছে না। সেই কারণেই নারীদের অধিকার সুরক্ষিত করিবার জন্য আজও চিৎকার করিতে হইতেছে। নারীদের অর্ধেক আকাশ বলিয়া আখ্যায়িত করা হইলেও বাস্তবে তাহাদেরকে সেই অর্ধেক আকাশের অধিকার দেওয়া হইতেছে না। সরকার এবং বিভিন্ন সংগঠন মহিলা ক্ষমতায়নের স্লোগান তুলিলেও তাহা বাস্তবায়িত হইতেছে না। শুধু ভারতবর্ষেই নয় গোটা বিশ্বেই নারীরা নানাদির দিয়া বঞ্চিত অবহেলিত। শিক্ষা স্বাস্থ্য সহ সামাজিক সর্বক্ষেত্রে নারীরা এখনো অনেক পিছিয়ে। এই অবস্থা হইতে উত্তোরণের জন্য শুধু নারী সংগঠনগুলিকেই লড়াই সংগ্রাম করিলে বাস্তব সম্মত উত্তোরণ সম্ভব হইবে না। ইহার জন্য নারী-পুরুষ সচেতন সকল অংশের জনগণকেই বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করিতে হইবে। প্রতি বছর ৮ মার্চ নারীদের সম্মান জানাতে বিশ্ব জুড়িয়া পালিত হয় আন্তর্জাতিক নারী দিবস। সারা বিশ্বে নারীদের সামাজিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক অর্জনকে সম্মান জানাইতে এই দিনটি ব্যাপকভাবে পালিত হয়। আন্তর্জাতিক নারী দিবস একটি বিশ্বব্যাপী ছুটির দিন হিসাবেও পালন করা হয়। দিনটি লিঙ্গ সমতা, প্রজননের অধিকার, নারীদের উপর হিংসা ও নির্যাতন, নারীর সমান অধিকার ইত্যাদির মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলির উপর দৃষ্টি নিবদ্ধ করে। প্রতিটি নারীকে উদযাপন করার জন্য দিনটি পালন করা হয়। লিঙ্গবৈষম্য দূর করিতে, নারী সমানাধিকারের জন্য বিশ্ব জুড়িয়াই পালন করা হয় দিনটি। ইউনাইটেড নেশনস এডুকেশনাল সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশন তথা ইউনেসকো-র তরফে জানা গিয়াছে, ১৯০৯ সালে ২৮ফেব্রুয়ারি আন্তর্জাতিক নারী দিবস প্রথম পালন করা হইয়াছিল। নারী শ্রমিকদের প্রতি সম্মান দেখাইয়া দিনটি প্রথম পালন করা হইয়াছিল। পরে রাশিয়াতেও ১৯১৭ সাল থেকে দিনটি পালিত হইতে থাকে, প্রায় একই রকম কারণে। তবে পরে রাশিয়াতেই দিনটি পালিত হইতে শুরু হয় ৮ মার্চ থেকে। এর পর থেকে এ দিনটিই এই উপলক্ষ্যের জন্য নির্দিষ্ট হইয়া আছে।

সমাজের সমস্ত ক্ষেত্রে লিঙ্গবৈষম্য দূর করিবার জন্য এই দিনটি বিশ্ব জুড়িয়া পালিত হয়। শিল্প-সাহিত্য-বিজ্ঞান-সহ সব ধরনের ক্ষেত্রে এবং সমাজের সমস্ত কাজে মহিলাদের অবদানকে স্বীকৃতি দিতেই দিনটি পালিত হয়।আর এই মূল ভাবনার প্রেক্ষিতেই এবারের থিমটি যেন আরও বেশি উজ্জ্বল। ২০২৩ সালের নারী দিবসের থিম-- 'DigitALL- Innovation and technology for gender equality'! এবারের থিম-ভাবনায় এই "DigitALL" শব্দটির চয়ন খুব তাৎপর্যমণ্ডিত, খুব অর্থবহ, খুব কম্প্রিহেনসিভ একটা ব্যাপার। আমরা "ডিজিটাল" শব্দটির সঙ্গে খুবই পরিচিত। এ কালের যুগকে সর্বার্থেই "ডিজিটাল যুগ" বলা হয়। পড়াশোনা, সাংবাদিকতা কাজ, অফিসজব, বিনোদন, শিল্প-সংস্কৃতি-- প্রায় সব ক্ষেত্রেই ডিজিটাল যুগের রমরমা। তবে এ বছরের নারী দিবসের এই "DigitALL" শব্দটির সঙ্গে ডিজিটাল শব্দটির বিশেষ ধ্বনিসাম্য থাকিলেও অর্থের দিক থেকে তাহা বহুদূরপ্রসারী। থিমের এই শব্দটিকে ডিজিটঅল বা ডিজিটালও বলা চলে হয়তো। শুধুমাত্র প্রসব যন্ত্রনা সহ্য করেন বলিয়াই নারীরা মহান, এমন ধারণা অনেকদিন আগে থেকেই ভাঙা শুরু হয়েছে। কালের পর কাল, যুগের পর যুগ বাড়ির বাইরে বেরিয়ে অনেক কিছুই করিতে দেওয়া হয়নি মহিলাদের। তাই প্রমাণ করার সুযোগ পেতেও অনেক দেরি হয়ে যায়। নারীরা আজ যাহা করিয়াছেন কোনোটাই তাহাদের না পারার মত ছিল না।যেটা কঠিন ছিল সমাজ থেকে বেরিয়ে লড়াই করিয়া নিজের জায়গা তৈরি করে নেওয়া। নারীরা যে অসীম ক্ষমতার ক্ষমতাশালী তার ব্যাখ্যা আমরা পুরান থেকে বর্তমানের বিজ্ঞানেও পাই। তাই আজও ধরিত্রীর রক্ষাকর্তা হিসেবে মা দুর্গার নাম নেওয়া হয়। আমাদের পৃথিবীও স্বয়ং এক নারী। নারীরা তো এগিয়ে চলিয়াছেন। কিন্তু এই সমাজ আজও নারীসুরক্ষার যথার্থ ব্যবস্থা নিয়া উঠিতে পারেনি। এর মধ্যে আজও লড়াই করিয়া চলিয়াছেন আজকের নারীরা। সেই সকল নারীদের আন্তর্জাতিক নারী দিবসের শুভেচ্ছা যারা সমস্ত বাধা পেরিয়ে নিজের পায়ে দাঁড়ানোর একটা জায়গা করিয়া নিয়াছেন, কিংবা করিয়া চলিয়াছেন।ইতিহাসের পাতা থেকে ভবিষ্যতের পৃথিবীতে মহিলাদের জয়যাত্রাকে তুলিয়া ধরিয়া এই দিন। জাতি, ধর্ম, ভাষা, সংস্কৃতি, অর্থনীতি, রাজনীতি সমস্ত দর্শনের উর্ধ্বে গিয়া কুর্নিশ জানানো হয় মহিলাদের কৃতিত্বকে। এই দিনটিকে উপলক্ষ্য করিয়াই আরও জোরদার হয়ে ওঠে মহিলাদের অধিকারের লড়াই।

সারা বিশ্বে এই বিশেষ দিনটা বিশেষভাবে উদযাপন করা হয়। বর্তমান বিশ্বে নারীরা নিজেকে অনেক উচ্চতায় পৌঁছে নিয়া গিয়াছেন। পুরুষের সঙ্গে কাঁধে কাঁধ মিলাইয়া সংসার চালানো থেকে দেশ কিংবা রাজ্য চালানো, সমস্তটাই করিতে সক্ষম নারীরা। আন্তর্জাতিক নারী দিবস পালন করা হোক নারীদের কৃতিত্ব, তাঁহারা কী কী অর্জন করিয়াছে জীবনে, সে সমস্ত আলোচনা করে। যাহাতে নতুন প্রজন্মের মেয়েরা তাঁহাদের দেখিয়া অনুপ্রাণিত হইতে পারে, এমন কিছু করা প্রয়োজন।

## কলকাতা বিমানবন্দরে শ্বাসকষ্ট অনুব্রতর, নিলেন ইনহেলার

কলকাতা, ৭ মার্চ (হি. স.) : কলকাতা বিমানবন্দরে পৌঁছেই কিছুক্ষণ দাঁড়িয়ে ছিলেন অনুব্রত মণ্ডল। ইনহেলার বের করে টানতেও দেখা যায় কেষ্ট মণ্ডলকে সম্ভবত হাঁফিয়ে উঠেছিলেন তিনি।

মঙ্গলবার কলকাতা বিমানবন্দরে ইডির গাড়ি পৌঁছানোর পরই অনুব্রতর শারীরিক অবস্থা দেখে অনুমান করা হচ্ছে, তিনি নিঃশ্বাস প্রশ্বাসের ক্ষেত্রে একটু সমস্যা বোধ করছিলেন। সেই কারণে তাঁকে গাড়ি থেকে নামিয়ে সরাসরি চেক ইন প্রসেসের জন্য না নিয়ে গিয়ে, বিমানবন্দরের ৩সি গেটের বাঁ দিকে দাঁড় করানো হয়। সেখানে দাঁড়িয়ে তিনি ইনহেলার নেন এবং তারপর তাঁকে ভিতরে নিয়ে যাওয়া হয়।

প্রসঙ্গত, জোকা ইএসআই হাসপাতাল থেকে জানিয়ে দেওয়া হয়েছে, অনুব্রত মণ্ডলের শারীরিক অবস্থা সম্পূর্ণ ফিট রয়েছে। হাসপাতাল সূত্রে জানা যাচ্ছে, প্রায় দেড়-দুই ঘণ্টা হাসপাতালে রেখে তাঁর মেডিক্যাল টেস্ট এবং পুঙ্খানুপুঙ্খভাবে শারীরিক পরীক্ষা হয় অনুব্রতর। এরপর হাসপাতালেই তাঁর খাওয়ার ব্যবস্থা করা হয়। এদিন দুপুর ২টো নাগাদ জোকা ইএসআই হাসপাতাল থেকে বেরোন অনুব্রত। তাঁকে গাড়িতে তুলে রওনা দেন কেন্দ্রীয় তদন্তকারী আধিকারিকরা। কলকাতা বিমানবন্দরে ইডির গাড়ি পৌঁছানোর পরই অনুব্রতর শারীরিক অবস্থা দেখে অনুমান করা হচ্ছে, তিনি নিঃশ্বাস প্রশ্বাসের ক্ষেত্রে একটু সমস্যা বোধ করছিলেন। সেই কারণে তাঁকে গাড়ি থেকে নামিয়ে সরাসরি চেক ইন প্রসেসের জন্য না নিয়ে গিয়ে, বিমানবন্দরের ৩সি গেটের বাঁ দিকে দাঁড় করানো হয়। সেখানে দাঁড়িয়ে তিনি ইনহেলার নেন এবং তারপর তাঁকে ভিতরে নিয়ে যাওয়া হয়।বিমানেও অনুব্রত মণ্ডলের শারীরিক অবস্থার উপর নজর রাখার সম্পূর্ণ বন্দোবস্ত রাখা হচ্ছে। সূত্র মারফত জানা যাচ্ছে, অনুব্রত মণ্ডলের সঙ্গে থাকবেন একজন চিকিৎসক। বিমানে থাকবেন ইডির তিনজন আধিকারিক। মঙ্গলবার সন্ধে ৬টা ৪৫ মিনিটের বিমানে দিল্লির উদ্দেশে রওনা দেবেন ইডির আধিকারিকরা। জানা যাচ্ছে, বিমানে কেষ্টর সিট নম্বর ১১ডি।

# মুক্তিযুদ্ধের দুই ছবি

**মীর রাকিব হাসান ও হৃদয় সাহা**

**৭ মুক্তিযোদ্ধার গল্প**- মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান খিজির হায়াত খান। নিজের পরিচালনায় প্রথম ছবি 'অস্তিত্বে আমার দেশ' (২০০৭) করেছিলেন বীরশ্রেষ্ঠ মতিউর রহমানকে নিয়ে। প্রথমটির ১৬ বছর পর মুক্তি পাচ্ছে মুক্তিযুদ্ধের গল্পে তাঁর দ্বিতীয় ছবি 'ওরা ৭ জন'। "যখন 'অস্তিত্বে আমার দেশ' নির্মাণ করি তখন বয়সে অনেক তরুণ ছিলাম। অনভিজ্ঞতা ও নানাবিধ সমস্যার কারণে মনমতো অনেক কিছুই তখন করতে পারিনি। ইচ্ছা ছিল মুক্তিযুদ্ধ নিয়ে কমপক্ষে আরেকটি গোছানো এবং বড় বাজেটের ছবি নির্মাণ করব। সেই চেষ্টার সফল চিত্রায়ণ 'ওরা ৭ জন'।"

খিজিরের বড় অনুপ্রেরণা তাঁর দুই মুক্তিযোদ্ধা মামা। ছোট মামা সাইফুল ইসলাম সাফু মুক্তিযুদ্ধে শহীদ হয়েছিলেন। তিনি দেশের সর্বকনিষ্ঠ মুক্তিযোদ্ধাদের একজন। রাজাকাররা যখন সাফুদের নৌকায় অ্যামবুশ করে তখন তাঁর সঙ্গে ছিলেন আরেক বিখ্যাত মুক্তিযোদ্ধা কামরুল আলম খান খসরু। যিনি 'ওরা ১১ জন' ছবিতেও অভিনয় করেছিলেন। খিজিরের আরেক মুক্তিযোদ্ধা মামা রফিকুল ইসলাম। তাঁর অন্যতম পরিচয় ইউনেসকো কর্তৃক ২১ ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে স্বীকৃতি আদায়ে নেতৃত্ব প্রদান। ফুটবল নিয়ে 'জাগো' (২০১০) নির্মাণের পর ফিল্ম মেকিংয়ে মাস্টার্স করার জন্য রফিক মামার কানাডার বাসায় ছিলেন খিজির। তখন মুক্তিযুদ্ধের অনেক গল্প শুনেছেন মামার মুখে। মুক্তিযুদ্ধের গল্পে ছবি নির্মাণের উৎসাহটা আরো বেড়ে যায় তাঁর। 'ওরা ৭ জন'-এর কাহিনি, চিত্রনাট্য ও সংলাপ সব নিজেই করেছেন। মামাদের গল্প ও নিজের পড়াশোনায় জানা বিভিন্ন কাহিনির সমন্বয়ে বিন্যাস করেছেন ছবির কাহিনি। কাহিনি এগিয়েছে মুক্তিযুদ্ধের ৫ নম্বর সেক্টরের সাতজন যোদ্ধার একটা মিশন নিয়ে। এটা কোনো সত্য ঘটনা নিয়ে নয়। বিভিন্ন ঘটনা থেকে অনুপ্রাণিত হয়ে তৈরি হয়েছে এই গল্প। 'ওরা ৭ জন' ছবির গুরুত্বপূর্ণ সাতটি চরিত্রে অভিনয় করেছেন ইন্তেখাব দিনার, ইমতিয়াজ বর্ষণ, শাহরিয়ার ফেরদৌস সজীব, সাইফ খান, খালিদ মাহবুব তূর্য, নাফিজ আহমেদ ও পরিচালক নিজেই।

'ডাক্তার সাব' চরিত্রে অভিনয় করেছেন ইন্তেখাব দিনার। এই অভিনেতা বলেন, 'অসম্ভব আন্তরিকতার সঙ্গে নির্মিত হয়েছে ছবিটি। ভালো স্ক্রিপ্ট। সবার মনোযোগ দিয়ে অভিনয়ের চেষ্টা ছিল। এখানে সরাসরি রণাঙ্গনের গল্প বলা হয়েছে। বাংলাদেশের ছবিতে যেটা খুব বেশি দেখানো হয়নি। ছবিটির জন্য আমাদের চেয়ে পরিচালককে বেশি চ্যালেঞ্জের মুখে পড়তে হয়েছে। কারণ একটা ভালো ছবি নির্মাণের সৎক্ষ চেষ্টা ছিল তাঁর।'

এই ছবির শুটিংয়ের সময় দিনারের বাবা মারা যান। পুরো ছবিতে একটা বেদনার আবহ আছে, দিনারের ব্যক্তিজীবনের দুঃখ তাঁকে বেশ সাহায্য করেছে ছবিটিতে।

সাব-ইন্সপেক্টর সাফি চরিত্রে অভিনয় করেছেন সাইফ খান। পাকিস্তান পুলিশে নানা নিপীড়নের শিকার হয় কুস্তিগীর হতে চাওয়া সাফি। সাইফ বলেন, 'পুলিশে জয়েন করার পর নানা নিপীড়নের শিকার হয় সাফি। আন্তর্জাতিক প্রতিযোগিতায় তাকে সুযোগ দেওয়া হয় না পূর্ব পাকিস্তানের বলে। যুদ্ধের ময়দানে সাফির টার্গেট কখন কোন পাকিস্তানিকে পাবে আর ঘাড় মটকাবে। ছবিতে হবিগঞ্জের ভাষায় কথা বলেছি। আমি হবিগঞ্জের ছেলে, নিজের ভাষাটাই ব্যবহার করতে পেরেছি।'

মসজিদের মোয়াজ্জিন সোলায়মান কাজীরূপে আছেন ইমতিয়াজ বর্ষণ। তিনি বলেন, 'রণাঙ্গনের বীরগাথার গল্প বলব আমরা। সাতজন মুক্তিযোদ্ধা একটা মিশনে যায়। গল্পটার শুরু ও শেষ যুদ্ধের ময়দানে। দুদিনের মিশন হয়ে ওঠে সাত দিনের। যুদ্ধটা মাঠ পর্যায়ে কেমন হয়েছিল, কী ধরনের মনস্তত্ত্ব কাজ করত যোদ্ধাদের, দর্শকদের তা দেখানোর চেষ্টা করেছেন পরিচালক।'

ছবির নাম 'ওরা ৭ জন' হলেও এটি সাতজন বীরশ্রেষ্ঠের গল্প নয়, জানালেন শাহরিয়ার ফেরদৌস সজীব। তিনি অভিনয় করেছেন সার্জেন্ট মুক্তাদির চরিত্রে।

এ পর্যন্ত চারটি ছবি নির্মাণ করেছেন খিজির হায়াত খান। 'জাগো' ছাড়া বাকি তিন ছবিতেই অন্যতম প্রধান চরিত্রে অভিনয় করেছেন তিনি। এ ছবিতে মেজর লুতর চরিত্রে অভিনয় করেছেন। মুক্তিযুদ্ধের জন্য পাকিস্তান সেনাবাহিনী থেকে পালিয়ে এসেছে। পরিচালনার পাশাপাশি অভিনয় করার যুক্তি দিলেন তিনি, 'আমি যদি মনিটরের পেছন থেকে পরিচালনা করি তাহলে আমার শিল্পীদের মনে হতে পারে আমি তাঁদের সঙ্গে নেই। কিন্তু আমি যখন তাঁদের সঙ্গে স্ক্রলিং করব, কাদায় নামবতখন তাঁদের আরো বেশি মনে হবে, আমি তাঁদের সঙ্গেই আছি। আমি যে চরিত্রটা করেছি তার কথা বলা, নিজেকে উপস্থাপনার জন্য একটা ব্যাকগ্রাউন্ডের দরকার ছিল। আমি ক্যাডেট কলেজে পড়াশোনা করেছি। সেনাবাহিনীতেও অল্প সময়ের জন্য ছিলাম। মনে হয়েছে চরিত্রটা আমিই ভালো করতে পারব।'

ব্যান্ডের গায়ক থেকে মুক্তিযুদ্ধের ময়দানে আসা নজরুল চরিত্রে অভিনয় করেছেন খালিদ মাহবুব তূর্য। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলার প্রথম বর্ষের ছাত্র সুমিত চরিত্রে অভিনয় করেছেন নাফিস আহমেদ। সাত যোদ্ধার সঙ্গে জাকিয়া বারী মম আছেন চিকিৎসক অপর্ণা সেন চরিত্রে। সাত মুক্তিযোদ্ধার সঙ্গে যার চরিত্র নানাভাবে জড়িয়ে যায়।

**বাংলাদেশের ফরাসি বন্ধুর গল্প**

১৯৭১ সাল, ৩ ডিসেম্বর। মুক্তিযোদ্ধাদের অসামান্য লড়াইয়ে দেশ যখন স্বাধীনতার দ্বারপ্রান্তে, ঠিক তখনই প্রায় পাঁচ হাজার মাইল দূরের দেশ ফ্রান্সে ঘটে এক বিস্ময়কর ঘটনা। প্যারিসের আর্লি বিমানবন্দরে লন্ডন থেকে ছেড়ে আসা পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইনসের একটি বিমান ছিনতাই করেন ২৮ বছরের ফরাসি যুবক জ্যঁ ক্যুয়ে। তাঁর দাবি, ভারতে অবস্থানরত বাংলাদেশি শরণার্থীদের জন্য ২০ টন ওষুধ ও প্রয়োজনীয় ত্রাণসামগ্রী পাঠাতে হবে। ওই সময় এই ঘটনাটি আন্তর্জাতিক গণমাধ্যমে বেশ ফলাও করে প্রচারিত হয়। এই ঘটনায় বাংলাদেশের মুক্তিযুদ্ধ নিয়ে আরো বিশদভাবে জানতে শুরু করে বিশ্ববাসী। সেই ফরাসি যুবকের বিমান ছিনতাইয়ের ঘটনা নিয়ে ফাখরুল আরেফীন খানের ছবি 'জে কে ১৯৭১'। ২০১৫ সালে ফরাসি যুবকের এই ঘটনা সম্পর্কে জানতে পারেন পরিচালক। এই গল্প নিয়ে ছবি নির্মাণ করার স্বপ্ন দেখেন তখন থেকেই। '২০২০ সালে এসে সিদ্ধান্ত নিই ছবিটি বানানোর। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে ২০২১ সালে সিনেমাটি মুক্তি দেওয়ার ইচ্ছা ছিল। করোনার কারণে সেটা পিছিয়ে যায়', বললেন ফাখরুল।

'জে কে ১৯৭১'-এর চিত্রনাট্য লিখেছেন মাসুম রেজা। শুটিং হয় কলকাতায়। বিমানবন্দরের সেট ফেলে টানা ১৫ দিন শুট করেন। অভিনয়ে আছেন প্রায় ৩৬ জন দেশি-বিদেশি অভিনয়শিল্পী। গল্পের কারণে বিদেশি শিল্পীই বেশি। জ্যঁ ক্যুয়ের ভূমিকায় ফরাসি অভিনেতা নিতে চাইছিলেন পরিচালক। কভিডের বিধি-নিষেধের কারণে সেটা পারেননি। সৃজিত মুখার্জীর 'দ্বিতীয় পুরুষ' দেখতে গিয়ে কলকাতার অভিনেতা সৌরভ শুভ্রকে এই চরিত্রের জন্য পছন্দ হয় পরিচালকের। জ্যঁ ক্যুয়ে চরিত্রটাকে নিজের মধ্যে বেশ ভালোভাবে ধারণ করেছেন সৌরভ, এমনটাই বিশ্বাস পরিচালকের। প্রধান পাইলটের ভূমিকায় অভিনয় করেছেন 'ফেলুদা'খ্যাত ভারতীয় অভিনেতা সব্যসাচী চক্রবর্তী। পরিচালকের আগের ছবি 'গণ্ডি'তেও অভিনয় করেছিলেন তিনি। বিদেশি অভিনয়শিল্পীদের মধ্যে আছেন ব্রিটিশ ছবি 'দ্য ওয়ারিয়র কুইন অব ঝাঁসি'র মার্কিন অভিনেতা ফ্রান্সিসকো রেমন্ড। আরো আছেন রাশিয়ান অভিনেত্রী ডেরিয়া গভ্রুসেনকো ও নিকোলাই নভোমিনাস্কি। শেষেরজনকে হিন্দি 'পাঠান'-এও দেখা গেছে। আছেন বাংলাদেশের মাজনুন মিজান ও আমান রেজা।

'জে কে ১৯৭১' মূলত ইংরেজি ভাষার চলচ্চিত্র। স্প্যানিস, ফরাসি ও উর্দু ভাষাও ব্যবহৃত হয়েছে ছবিটিতে। বাংলাদেশি দর্শকদের জন্য রয়েছে বাংলা সাবটাইটেল। ছবিতে রয়েছে দুটি ইংরেজি গানজর্জ হ্যারিসনের বিখ্যাত গান 'বাংলাদেশ' কাভার করেছেন জেফার রহমান, অন্যটি 'সোলস'-এর নাসিম আলী খানের।

ছবিটি নির্মাণ করে পরিচালক অবশ্য পুরোপুরি তৃপ্ত নন। কারণ অনেক কিছুতেই ছাড় দিতে হয়েছে তাঁকে। তিনিই এই ছবির মূল প্রযোজক। শুটিংয়ের মধ্যেই পড়েন অর্থসংকটে। যেদিন শুটিং শুরু করেন সেদিন রাতেই প্রবল বৃষ্টিতে কলকাতার রাস্তাঘাট ডুবে যায়, এমনকি ক্ষতিগ্রস্ত হয় শুটিং সেটও। ছবির কিছু অংশ রি-শুটও করতে হয়।

ছবিটি মুক্তি পাচ্ছে মাত্র একটি প্রেক্ষাগৃহেঢাকার স্টার সিনেপ্লেক্সে। পরিচালক নিজেই জানান, এই ছবি সিঙ্গেল স্ক্রিনে দেওয়ার মতো নয়। তবে পরিচালক আশা করছেন, যারা মুক্তিযুদ্ধ সম্পর্কে আগ্রহী তারা ছবিটি সিনেপ্লেক্সে গিয়ে দেখবে। বিদেশেও ছবিটি মুক্তি দেওয়ার ইচ্ছা তাঁর। ফাখরুল বলেন, "দর্শক হলে গিয়ে 'জে কে ১৯৭১' দেখে আলোচনা-সমালোচনা করবেএটাই প্রত্যাশা। এই ছবির মাধ্যমে সরকারের কাছে দাবি থাকবে জ্যঁ ক্যুয়েকে যেন 'ফ্রেন্ড অব বাংলাদেশ' স্বীকৃতি দেওয়া হয়।"

# এবার লন্ডনের রাজপথে বসছে সিস্টার নিবেদিতার মূর্তি

এবার লন্ডনের রাস্তায় বসতে চলেছে সিস্টার নিবেদিতার পূর্ণাবয়ব ব্রোঞ্জমূর্তি। জানা গেছে, লন্ডনের সিস্টার নিবেদিতা সেলিব্রেশনস, ভারতের বিধাননগরের রামকৃষ্ণ বিবেকানন্দ সেন্টার, কলকাতার ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেনট, লন্ডনের বরো অব মেরটনের উদ্যোগে এই মূর্তিটি প্রতিষ্ঠা করা হবে। মূর্তিটির উদ্বোধন করবেন লন্ডন বেদান্ত সোসাইটির অধ্যক্ষ স্বামী সর্বস্থানন্দজি মহারাজ, যা নির্মাণ করেছেন সরগাছি রামকৃষ্ণ মিশনের তুষার মহারাজ।

সিস্টার নিবেদিতার জন্ম ১৮৬৭ সালের ২৮ অক্টোবর উত্তর আয়ারল্যান্ডে। তার আগের নাম মার্গারেট এলিজাবেথ নোবেল। ১৮৯৫ সালের নভেম্বরে ওয়েস্ট অ্যান্ডে তিনি বিবেকানন্দের একটি অভিভাষণ শুনে অনুপ্রাণিত হয়েছিলেন। ভারতে গিয়ে কাজ করতে চেয়েছিলেন সেই দেশের মানুষদের জন্য। তাদের পাশে দাঁড়াতে চেয়েছিলেন তিনি।



মার্গারেট এলিজাবেথ নোবেল এই আগ্রহ প্রকাশের পর অবশ্য তাকে প্রথমে উৎসাহিত করেননি স্বামী বিবেকানন্দ। আর্থিক বৈষম্য থেকে শুরু করে দুই দেশের জলবায়ুর মধ্যেও যে বিস্তর ফারাক রয়েছে, সেই প্রসঙ্গও তুলে ধরেছিলেন বিবেকানন্দ। এই যাবতীয় বৈষম্য মেনে এবং স্বাচ্ছন্দ্য ছেড়ে যদি তিনি ভারতে আসতে চান সেক্ষেত্রে নিবেদিতাকে স্বাগত জানিয়েছিলেন তিনি।

মার্গারেট গিয়েছিলেন কলকাতায়। তিনি মোম্বাসা জাহাজে করে কলকাতায় যান। ভারতে যাওয়ার পর সারদা দেবীর সঙ্গে সাক্ষাৎ হয় তার।। এরপর তাকে ব্রহ্মচর্যে দীক্ষিত করেন স্বামী বিবেকানন্দ। তিনিই তার নতুন নামকরণ করেন নিবেদিতা। ভারতের মানুষের জন্য তিনি কাজ করতে শুরু করেন। ১৮৯৮ সালে তিনি কলকাতায় নারীদের জন্য একটি স্কুল প্রতিষ্ঠা করেন।

ভারতের মানুষের জীবনযাত্রা উন্নতির জন্য একাধিক কাজ করেছেন তিনি। সেই দেশের মেয়েদের পড়াশোনা শেখার জন্য তিনি উৎসাহিত করেছিলেন। ১৮৯৯ সালে কলকাতায় ভয়াবহ মহামারি দেখা দেহ। সেই সময় সাধারণ মানুষের সেবায় ব্রতী হন তিনি। ১৯১১ সালে নিবেদিতা হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। তার শারীরিক অবস্থার কথা মাথায় রেখে তাকে দার্জিলিঙে নিয়ে গিয়েছিলেন জগদীশচন্দ্র বসু। সেই বছর ১৩ অক্টোবর সেখানেই তার মৃত্যু হয়। ভারতের সমাজের অগ্রগতি, নারীদের পড়াশোনা এবং তাদের জীবনযাত্রার মান উন্নয়নের কথা ভেবে শিক্ষার আলো প্রজ্বলিত করার মতো একাধিক উদ্যোগ নিয়েছিলেন তিনি।

# পর্তুগালে তাক লাগাচ্ছে ভাসমান সৌরবিদ্যুৎকেন্দ্র

কার্বন নির্গমন কমাতে পুনর্ব্যবহারযোগ্য জ্বালানি ব্যবহারের চাপ বাড়ছে। পর্তুগালে এক বাঁধের জলাশয়ে ভাসমান সোলার প্যানেল ব্যবহার করে অভিনব সমাধানসূত্র তুলে ধরা হচ্ছে। এশিয়ায়ও এমন প্রকল্পের প্রতি আগ্রহ বাড়ছে।

পর্তুগালের আলকেভা জলাশয়ে ইউরোপের সবচেয়ে বড় ভাসমান সোলার পার্ক শোভা পাচ্ছে, যা প্রায় ছয়টি ফুটবল মাঠের সমান। একমাত্র নৌকায় করে সেখানে পৌঁছানো যায়। এমন এক নৌকায় বসে ইডিপি কোম্পানির গ্রুপ ডিরেক্টর মিগেল পাতেনা একের পর এক সাক্ষাৎকার দিয়ে চলেন।

পাঁচ মেগাওয়াট ক্ষমতার সৌরবিদ্যুৎক্ষেত্র তৈরির কাজ শেষ করতে এই জ্বালানি কোম্পানির সাত বছর সময় লেগেছে। পাতেনা বলেন, 'এটা পুরোপুরি কাজ করছে। সবাই এর সম্ভাবনা পুরোপুরি উপলব্ধি করছেন। শুধু জ্বালানি বিক্রিই আমাদের টিমের আসল লক্ষ্য নয়। যতটা সম্ভব কম সম্পদ ব্যবহার করে টেকসই প্রক্রিয়া হলো প্রধান।'

পর্তুগালের জ্বালানি কোম্পানি পুনর্ব্যবহারযোগ্য জ্বালানিতে বিশাল বিনিয়োগ করছে। গোটা দেশে মাত্র ছয় শতাংশ জ্বালানির উৎস সৌরশক্তি। ভাসমান সোলার পার্কের একটা বাড়তি সুবিধা রয়েছে। কারণ, সেগুলো এমন জায়গা দখল করে, যেটা অন্য কোনোভাবে ব্যবহার করা সম্ভব নয়। জলে থাকার কারণে জমির তুলনায় আরও কার্যকরভাবে জ্বালানি উৎপাদন করা যায়। প্যানেল বেশি গরম হয় না, ফলে বেশিদিন টেকে।

যতটা সম্ভব জ্বালানি উৎপাদন করতে হলে প্যানেলগুলো পরিষ্কার রাখা জরুরি। সেই কাজ করার সময় ব্যালেন্সের ক্ষমতা ও ধৈর্য অত্যন্ত জরুরি। মিগেল পাতেনা মনে করেন, 'সৌরশক্তি এখনো পুরোপুরি বিকল্প হয়ে ওঠেনি, বরং অন্যান্য উৎসের পাশাপাশি সম্পূরক হিসেবে কাজে লাগানো হচ্ছে। আরও অগ্রসর হয়ে পরিবর্তন ও কার্বন নির্গমন পুরোপুরি বন্ধ করার প্রক্রিয়ার ক্ষেত্রে এটা একটা সমাধানসূত্র।'

সারিবদ্ধ সৌর প্যানেলগুলো বাঁধের জলবিদ্যুৎকেন্দ্রের মাধ্যমে গ্রিডের সঙ্গে সংযুক্ত। উদ্বৃত্ত সৌরশক্তি সংরক্ষণ করা যায় কিংবা জল আবার ওপরে আনার লক্ষ্যে পাম্প চালাতে ব্যবহার করা যায়। সেই পানি জলবিদ্যুৎ উৎপাদনের কাজে লাগে। আলকেভা জলাধারে ১২ হাজার প্যানেল ও ২৫ হাজার ফ্লোটার জল, বাতাস ও রুক্ষ ঢেউ সামলাতে সক্ষম। তা আগেভাগেই পরীক্ষা করে দেখা হয়েছে।

স্পেনের আলিকান্তে অঞ্চলের এক কারখানায় ফ্লোটারগুলো তৈরি করা হয়েছে। এই প্রযুক্তির নেপথ্যে অন্যতম ইঞ্জিনিয়ার হিসেবে কাজ করেছেন খুয়ান কার্লোস অ্যারনান্দেস। পুনর্ব্যবহৃত পলিথিন প্লাস্টিক দিয়ে সেগুলো তৈরি করা হয়েছে। পণ্যগুলো হটকেকের মতো বিক্রি হচ্ছে। অ্যারনান্দেস বলেন, 'আমরা ছোট একটি কোম্পানি। কিন্তু গত কয়েক বছরে আমাদের আকার বাড়ছে। এখন অন্তত ২০ জন ডিজাইন, বাণিজ্যিক দিক ও ইঞ্জিনিয়ারিং নিয়ে কাজ করছেন। উৎপাদন ক্ষেত্রে ৩০ থেকে ৪০ জন শ্রমিক নিয়োজিত।'

অ্যারনান্দেস ও এমিলিয়ো পন্সের সাফল্যের কাহিনি অনেক লম্বা। ২০০৮ সালে তাঁরা এই কোম্পানি প্রতিষ্ঠা করেন। এখন তাঁরা ফ্লোটারগুলো অন্য ধরনের পরিবেশের জন্য প্রস্তুত করে তুলছেন। যেমন পয়োনিষ্কাশন প্ল্যান্ট বা কৃষিবর্জ্য পুনর্ব্যবহার কেন্দ্র।

আলকেভার সৌর প্ল্যান্ট ইউরোপের সবচেয়ে বড় কৃত্রিম হ্রদের এক শতাংশও ঢাকতে পারেনি। হ্রদের ওপর আরও বড় আকারের ভাসমান অ্যারে তৈরির পরিকল্পনা করছে ইডিপি। ২০৩০ সালের মধ্যে পর্তুগাল শতভাগ পুনর্ব্যবহারযোগ্য জ্বালানি উৎপাদনের যে লক্ষ্যমাত্রা স্থির করেছে, এই উদ্যোগ তারই অংশ। মিগেল পাতেনা বলেন, 'এটা পর্তুগালের জন্য একটা মাপকাঠি এবং বাকি বিশ্বের জন্যও একটা দৃষ্টান্ত। আমাদের প্রকল্পই প্রথম জলবিদ্যুৎকেন্দ্র ব্যবহার করছে এবং বিশেষ করে এশিয়ার জন্য মাপকাঠি হয়ে উঠছে। এশিয়ায় এমন প্রকল্পকে ঘিরে গভীর আগ্রহ রয়েছে। কারণ, সেখানেও বিশাল বাঁধ রয়েছে এবং জ্বালানি সমস্যা সমাধানের চেষ্টা চলছে। তারাও এমন ধরনের প্রকল্প বড় আকারে শুরু করবে।'

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।






ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৯ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com







JAGARAN ■ 8 March, 2023 ■ আগরতলা ৮ মার্চ, ২০২৩ ইং ■ ২৩ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ, বুধবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ পৃষ্ঠা তিন

## নেতাদের সাথে শাহ ও নাড্ডার বৈঠকে মন্ত্রিসভা চূড়ান্ত, আজ শপথ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।।** ত্রিপুরায় বিজেপি জোট সরকারের পূর্ণাঙ্গ মন্ত্রিসভার সদস্য বাছাইয়ে চূড়ান্ত রূপ দিতে আজ বিকেলেই এসেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ এবং বিজেপির সর্ব ভারতীয় সভাপতি জে পি নাড্ডা। তাঁরা আগরতলায় এসেই সোজা রাজ্য অতিথিশালায় চলে যান এবং সেখানে বৈঠকে বসেছেন। বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য জানিয়েছেন, আগামীকাল বিজেপি জোট সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে। তাই, আজ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং বিজেপি সর্বভারতীয় সভাপতি এসেছেন। আগামীকালের শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রীও থাকবেন। এদিন বিমানবন্দরে তাঁদের অভ্যর্থনা জানাতে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা, বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব কুমার দেব, কেন্দ্রীয় মন্ত্রী প্রতিমা ভৌমিক, প্রদেশ বিজেপি প্রভারী ডঃ মহেশ শর্মা, নির্বাচন প্রভারী মহেন্দ্র সিং, উত্তর-পূর্বাঞ্চলের কো-অর্ডিনেটর সম্বিত পাত্র সহ অন্যান্যরা।

প্রসঙ্গত, গতকাল বিজেপি পরিষদীয় দলের বৈঠকে ডা: মানিক সাহা নেতা নির্বাচিত হয়েছেন। ওইদিন বৈঠকে প্রথমে কেন্দ্রীয় মন্ত্রী তথা নবনির্বাচিত বিধায়িকা প্রতিমা ভৌমিক পরিষদীয় নেতা হিসেবে ডা: মানিক সাহার নাম প্রস্তাব করেন। তারপর বিধায়ক রামপদ জমাতিয়া এবং রতন লাল নাথ তাঁর নাম প্রস্তাব করেন। সর্বসম্মতিক্রমেই ডা: মানিক বিজেপি পরিষদীয় দলের নেতা নির্বাচিত হয়েছেন। বৈঠকে শেষে বিজেপি রাজ্যপাল সত্যদেও নারায়ণ আর্য-র কাছে সরকার গঠনের দাবি পেশ করেছে।

আগামীকাল নতুন সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠানকে ঘিরে মন্ত্রিসভার অন্যান্য সদস্যদের বাছাই করা হবে। তাতে, কিছু নতুন মুখ আসবে বলে গুঞ্জন শুরু হয়েছে। তবে, অর্থমন্ত্রী এবং উপমুখ্যমন্ত্রী কে হবেন তা নিয়ে জট দেখা দিয়েছে। ২০১৮ সালে বিপ্লব কুমার দেব মুখ্যমন্ত্রী এবং জিষ্ণু দেববর্মা উপমুখ্যমন্ত্রী হয়েছিলেন। এবার ডা: মানিক সাহা পুণরায় মুখ্যমন্ত্রী হচ্ছেন। কিন্তু, জিষ্ণু দেববর্মা পরাজিত হওয়ায় উপমুখ্যমন্ত্রীর পদ বন্টন নিয়ে জোট দেখা দিয়েছে। পাশাপাশি তিনি অর্থ দফতরের দায়িত্বেও ছিলেন। তাই, অর্থমন্ত্রী কে হবে, বিজেপি সেই চিন্তায় পড়েছে।

এদিকে, কেন্দ্রীয় মন্ত্রী প্রতিমা ভৌমিক নির্বাচনে জয়ী হয়েছেন। ফলে, তাঁকে হেভিওয়েট দফতর দেওয়া না হলে বিষয়টি কতটা শুভনীয় হবে, সেই চিন্তাও বিজেপি-কে কুড়ে কুড়ে খাচ্ছে। তিনি অবশ্য দলের যে কোন সিদ্ধান্ত মেনে নিতে প্রস্তুত আছেন। এক্ষেত্রে দলের দায়িত্ব অনেকটাই বেড়ে গেছে। সূত্রের দাবি, যাবতীয় জট কাটাতেই কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং বিজেপি সর্বভারতীয় সভাপতি ☛ ৬ এর পাতায় দেখুন



নতুন মন্ত্রিসভার শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগ দিতে মঙ্গলবার আগরতলায় আসেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা।

## উদয়পুরে বোমা নিক্ষেপ, গুরুতর আহত মহিলা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।।** বোমা নিক্ষেপে আহত মহিলা। ঘটনা মঙ্গলবার সকাল সাড়ে দশটার নাগাদ উদয়পুরের রাজনগর শীতলা বাড়ি এলাকায়। বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন সেই মহিলা। রাজনৈতিক প্রতিহিংসা মূলক ঘটনার সাক্ষী রইল মন্দির নগরী। মঙ্গলবার দিন দুপুরে বোমা নিক্ষেপের এই ঘটনায় গুরুতর আহত হয় এক মহিলা।

ঘটনা মঙ্গলবার দুপুরে মন্দির নগরী উদয়পুরের রাজনগর শীতলা বাড়ি এলাকায়। ঘটনার বিবরণে জানা যায় এলাকার বাসিন্দা পারুল বালা দাস নিজ বাড়ি থেকে রাস্তার পাশে স্নান করার জন্য যাওয়া সময় আচমকা ওনার সামনে একটি বোম বিস্ফোরণ ঘটে। এতে পারুল বালা দাস গুরুতর ভাবে আহত হন। স্থানীয়রা বিকট শব্দ শুনতে পেয়ে ঘর থেকে বেরিয়ে দেখতে পান রাস্তার পাশে সংজ্ঞাহীন অবস্থায় পরে রয়েছে পারুল বালা দাস। সাথে সাথে পরিবারের লোকজন সহ এলাকাবাসিরা সংজ্ঞাহীন অবস্থায় পারুল বালা দাসকে গোমতী জেলা হাসপাতালে নিয়ে যায়।

জেলা হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা নিরীক্ষার পর আহত পারুল বালা দাসকে গোমতী জেলা হাসপাতালের মেডিসিন ☛ ৬ এর পাতায় দেখুন

## স্কুলছাত্রকে হাত-পা বেঁধে হত্যার চেষ্টা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।।** গৃহশিক্ষকের বাড়ি থেকে পড়া শেষে বাড়ি ফেরার পথে ধলাই জেলার কমলপুরের বালিগাও গ্রাম পঞ্চায়েতের অষ্টম শ্রেণীর এক ছাত্রকে রাস্তায় আটক করে হাত পা বেঁধে হত্যার উদ্দেশ্যে জলে ফেলে দেওয়া হয়। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

প্রাইভেট শিক্ষকের কাছে পড়াশুনা করে বাড়ি ফেরার পথে জীতেশ চক্রবর্তী (১৪) নামে এক অষ্টম শ্রেণির ছাত্রকে গলায় দড়ি দিয়ে হাত পা বেঁধে অপহরণ করে হত্যা করার উদ্দেশ্যে ছড়ার জলে ফেলে দেয় অপহরণকারী। শব্দ পেয়ে পার্শবর্তী বাড়ির লোকজন ছোটে আসেন। তাকে ফেলে দুষ্কৃতকারীরা পালিয়ে যায়। পরে তাকে উদ্ধার করে বিমল সিংহ মেমোরিয়াল হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বর্তমানে তার অবস্থা আশঙ্কা জনক।

এই ঘটনাটি ঘটে সোমবার সন্ধ্যা সাড়ে ছয়টায় কমলপুর থানার বালিগাঁও গ্রামে। শনিবার সন্ধ্যায় অষ্টম শ্রেণীর ছাত্র জীতেশ চক্রবর্তী গ্রামের জনৈক শিক্ষকের কাছে প্রাইভেট পড়ে বাড়ি যাওয়া পথে নৃপেন্দ্র দেবনাথ ও সুমেন দেবনাথ নামে দুই দুষ্কৃতকারী এই ঘটনা সংগঠিত করেছে বলে অভিযোগ। তাদের চিনতে পেরে কমলপুর ☛ ৬ এর পাতায় দেখুন

## রাজ্যজুড়ে দোল উৎসব পালিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।।** বছরভর নানা পার্বণ, নানা উৎসব, আনন্দের সময়। তবে সেই উৎসবের সূচনা কিন্তু হয় দোল উৎসব দিয়েই। ফাল্গুণের পূর্ণিমা তিথিতে দোল উৎসব হয়। শাস্ত্র অনুযায়ী, দোল পূর্ণিমা হিন্দুদের কাছে অত্যন্ত পবিত্র। মঙ্গলবার বিভিন্ন মন্দিরে অনুষ্ঠিত হয় দোল পূজা। দোল বা হোলি সম্প্রীতির উৎসব, তা নতুন করে মনে করিয়ে দেওয়ার প্রয়োজন নেই।

কিন্তু এক একটা সময় আসে, যখন সম্প্রীতি, সৌহার্দ্য, সৌভ্রাতৃত্ব শব্দ বেশি করে প্রাসঙ্গিক হয়ে ওঠে। তাই এইবারের দোল উৎসবে হিংসা, বিদ্বেষ বা সামাজিক দূরত্ব ভুলতে পারাই সবচেয়ে বড় লক্ষ্য হিসেবে ধরা দিক প্রত্যেকের কাছে এমনটাই কাম্য। সবার রঙে রঙ মেলাতে যেন প্রত্যেকে সফল হয়। ☛ ৬ এর পাতায় দেখুন

## আইপিএফটি যে পথে এগিয়েছিল তার পুনরাবৃত্তি চায় না মথা ঃ প্রদ্যোত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।।** মন্ত্রিত্ব ও সরকারের সুবিধা করে দিতে কোন জোট হবে না। মঙ্গলবার রাজ্যে ফিরে বলেন তিপ্রা মথা সুপ্রীমো প্রদ্যোত কিশোর দেববর্মা। মঙ্গলবার শিলং থেকে গুয়াহাটি হয়ে রাজ্যে ফেরেন তিনি। এম বি বি বিমানবন্দরে তিপ্রা মথার সুপ্রীমো জানান বিজেপি-র কাছ থেকে ফোন এসেছিল। সরকারের সঙ্গে থাকার জন্য দুই তিন জন আলোচনা করেন।

এই ক্ষেত্রে তিনি তার বক্তব্য স্পষ্ট করে জানিয়ে দিয়েছেন। সাংবিধানিক অধিকার আদায়ে লিখিত প্রতিশ্রুতি প্রদান করতে হবে। সরকারে বসার লোভে মন্ত্রিত্ব নিয়ে নিলেই চলবে না। আই পি এফ টি - যে পথে এগিয়েছিল তার



পুনরাবৃত্তি ঘটাতে চায় না তিপ্রা মথা। সম্মান জানিয়ে সাংবিধানিক ভাবে অধিকার আদায়ের বিষয়টি স্পষ্ট হলেই আগামীর সিদ্ধান্ত গ্রহণ করা হবে বলে জানান মথা সুপ্রীমো।

আসামের মুখ্যমন্ত্রীর আহ্বানে সাড়া ☛ ৬ এর পাতায় দেখুন

## বিলোনীয়ায় নাশকতার আগুনে পুড়ে ছারখার নয়টি দোকান ও বসত ঘর

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ৭ মার্চ।।** নাশকতার আগুনে পুড়ে ছাই নয়টি দোকানঘর সহ বসতবাড়ি। ঘটনা বিলোনিয়া শহরের এক নং টিলা প্রভাতী বাজার এলাকায়। সোমবার গভীর রাতে নাশকতার আগুনে পুড়লো বিলোনিয়া শহরের এক নং টিলা প্রভাতী বাজার সংলগ্ন তমাল কান্তি বণিকের বাড়িসহ নয়টি গরীব ব্যবসায়ীর দোকান এবং একটি ভাড়াটিয়া ঘর।

পুড়ে ছাই পরীক্ষার্থীর বই কাগজপত্র সহ ঘরের সমস্ত জিনিসপত্র। ক্ষয়ক্ষতির পরিমাণ আনুমানিক ২২ লক্ষেরও বেশি হবে বলে জানান বাড়ির মালিক তমাল কান্তি বনিক। এছাড়াও ব্যবসায়ী এবং ভাড়াটিয়াদের আরো কয়েক লক্ষ টাকা ক্ষয়ক্ষতি হয়েছে। ঘরের মধ্যে পুড়িয়ে মারার উদ্দ্যেশে দরজায় তালা ঝুলিয়ে দিয়ে আগুন ধরিয়ে দেওয়া হয় বলে জানা যায়। এরকম জঘন্যতম ঘটনায় আতঙ্কের পাশাপাশি , নিন্দায় সরব হয়েছে বুদ্ধিজীবী মহল থেকে শুরু করে সকল রাজনৈতিক দলের নেতৃত্বরা। তবে কে বা কাহারা এই ঘটনার সাথে জড়িত কিছু জানা না গেলেও অনুমান করা হচ্ছে রাজনৈতিক প্রতিহিংসার জেরে এই নাশকতামুলক ভাবে আগুন লাগানো হয়েছে।

এদিকে বাড়ির মালিক তমাল কান্তি বনিক সরকারের কাছে সাহায্যের আবেদন জানান। খবর পেয়ে সকালে ঘটনাস্থলে দ্রুত ছুটে আসেন বিলোনিয়া কেন্দ্রের বিজেপির বিজিত প্রার্থী তথা ৩৫ বিলোনিয়া মণ্ডল সভাপতি গৌতম সরকার,ঋষ্যমূখ মন্ডল সভাপতি সুশংকর ভৌমিক এলাকার নেতৃত্ব মানিক দাস সহ অন্যান্য নেতৃত্ব এবং কার্যকর্তারা।

ক্ষতিগ্রস্ত পরিবারের হাতে কিছু আর্থিক সাহায্য তুলে দেওয়ার পর প্রশাসনের সাথে কথা বলেন যাতে দ্রুত তদন্ত করে এই অসহায় পরিবার এবং ব্যবসায়ীদের যাতে যথাযথ সাহায্যের ☛ ৬ এর পাতায় দেখুন

## বেপরোয়া বাসের ধাক্কায় নিহত এএসআই, পলাতক চালক গ্রেপ্তার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।।** বেপরোয়া বাসের ধাক্কায় প্রাণ হারালেন পুলিশের এএসআই। দূর্ঘটনাটি ঘটেছে সোমবার রাতে খয়েরপুরের কাছে ত্রিনাথ এলাকায় জাতীয় সড়কে। দূর্ঘটনার পর বাস নিয়ে পালিয়ে যায় চালক। পরে আজ সকালে বোধজংনগর থানার পুলিশ বাস চালককে গ্রেপ্তার করেছে। তার নাম ব্রহ্মজিৎ ভট্টাচার্য (৪০)। বাড়ি কমলপুরের দূর্গচৌমুহনীতে। ঘাতক বাসের নম্বর টিআর-০৪-১২২৪। নিহত পুলিশ এএসআইয়ের নাম কমল দেবনাথ।

প্রসঙ্গত, প্রথমে মনে করা হয়েছিল রহস্য জনক ভাবে মৃত্যু বটতলা ফাঁড়ি থানায় কর্মরত এএসআই কমল দেবনাথের। ত্রিনাথ মন্দির সংলগ্ন রাস্তা থেকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার কমল দেবনাথের মৃতদেহ। রক্তাক্ত অবস্থায় এএসআই কমল দেবনাথের দেহ উদ্ধারের ঘটনাকে কেন্দ্র করে প্রশ্ন দেখা দিয়েছে জনমনে। জানা যায় এএসআই কমল দেবনাথ বটতলা ফাঁড়ি থানায় কর্মরত ছিলেন। ওনার বাড়ি রানীরবাজার এলাকায়। সোমবার বটতলা ফাঁড়ি থানায় ডিউটি শেষ করে বাইক নিয়ে বাড়ির উদ্দেশ্যে রওয়ানা হন।; পরবর্তী সময় আগরতলা শহরতলির ত্রিনাথ মন্দির সংলগ্ন রাস্তা থেকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার হয় এএসআই কমল দেবনাথের মৃতদেহ। স্থানীয়রা ঘটনা প্রত্যক্ষ করে দমকল বাহিনীর কর্মীদের খবর দেয়। দমকল বাহিনীর কর্মীরা ঘটনাস্থলে ছুটে গিয়ে ঘটনাস্থল থেকে রক্তাক্ত অবস্থায় কমল দেবনাথকে উদ্ধার করে জিবি হাসপাতালে নিয়ে যায়। জিবি হাসপাতালে নিয়ে যাওয়ার পর হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক কমল দেবনাথকে মৃত বলে ঘোষণা করে দেন। ঘটনার খবর পেয়ে জিবি হাসপাতালে ছুটে আসেন মৃত কমল দেবনাথের পরিবারের লোকজন। ☛ ৬ এর পাতায় দেখুন



বাস চালক ব্রহ্মজিৎ ভট্টাচার্যকে গ্রেপ্তার করেছে পুলিশ।

## জেনেরিক ঔষধকে জনপ্রিয় করে তুলতে জনসচেতনতা গড়ে তোলা প্রয়োজন ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।।** ত্রিপুরায় জেনেরিক ঔষধকে জনপ্রিয় করে তুলতে জনসচেতনতা গড়ে তোলা প্রয়োজন। জন ঔষধি কেন্দ্রগুলিতে জেনেরিক ঔষধ বা অন্যান্য চিকিৎসা সংক্রান্ত যন্ত্রপাতিগুলির গুণগতমান বজায় রাখার ক্ষেত্রে সরকার সচেতন। আজ আগরতলার অরুন্ধতিনগরের ঋষি অরবিন্দ হেলথ এন্ড ওয়েলনেস সেন্টার সংলগ্ন কমিউনিটি হলে আয়োজিত জন ঔষধি দিবস- ২০২৩ উদযাপনের আনুষ্ঠানিক উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা।

তাঁর কথায়, ত্রিপুরায় ২০টি জন ঔষধি কেন্দ্র রয়েছে। এই কেন্দ্রগুলিতে সুলভ মূল্যে জেনেরিক ঔষধের পাশাপাশি চিকিৎসার কাজে বিভিন্ন যন্ত্রপাতি ব্যবহার করায় সাধারণ মানুষ উপকৃত হচ্ছেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সাধারণ মানুষের কল্যাণ ও সমস্যা লাঘবে নিরন্তর কাজ করে চলেছেন। জন ঔষধি দিবস উদযাপন তারই একটি নিদর্শন। মুখ্যমন্ত্রী ঋষি অরবিন্দ হেলথ এন্ড ওয়েলনেস সেন্টারের উত্তরোত্তর শ্রীবৃদ্ধি কামনা করেন।

এদিন তিনি জন ঔষধি কেন্দ্রে পর্যাপ্ত পরিমাণে ঔষধ রাখার পাশাপাশি যেসব নতুন নতুন জেনেরিক ঔষধ সরবরাহ করা হবে তা পার্শবর্তী মেডিক্যাল কলেজ, মেডিক্যাল সেন্টার অথবা প্রাইভেট চিকিৎসকদের নজরে আনার বিষয়ের উপর গুরুত্ব আরোপ করেন। আজ মুখ্যমন্ত্রী জেনেরিক ঔষধ ব্যবহার সম্পর্কে আরও বেশী করে জনসচেতনতা বৃদ্ধির জন্য কর্মশালা আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন।

এদিকে, অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব ড় দেবাশিষ বসু বলেন, ভারতবর্ষের অন্যান্য প্রান্তের সাথে ত্রিপুরাতেও জন ঔষধি দিবস উদযাপন করা হচ্ছে। ৭ মার্চ থেকে বিভিন্ন সচেতনতামূলক ☛ ৬ এর পাতায় দেখুন



জেনেরিক ওষুধ দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসার ডাঃ মানিক সাহা সহ অন্যান্যরা।




# আন্তর্জাতিক নারী দিবস

নারী দিবস-১

## “সংসারের ঝামেলা ছেলেদের থেকে মেয়েদেরই অনেক বেশি নিতে হয়” : অরুন্ধতী ঘোষ

**অশোক সেনগুপ্ত**

কলকাতা, ৭ মার্চ (হি. স.) : মহিলাদের নিয়ে বিভিন্ন সময় হরেক পর্য্যবেক্ষণ হয়েছে নানা ভাবে। অনেকের দাবি, ‘অর্ধেক আকাশের’ বিকাশে সংসারের গুরুদায়িত্ব অন্তরায় হয়। কী বলছেন বিশিষ্টরা?

প্রাক্তন ডিরেক্টর জেনারেল (ডাক পরিষেবা) ও চিফ পোস্ট মাস্টার জেনারেল এই প্রতিবেদককে জানালেন, “ভারতের উন্নয়নের ইতিহাস এবং এতে নারীশ্রমের অংশগ্রহন আপাতদৃষ্টিতে পরস্পর বিরোধী। গত কয়েক দশকে, দ্রুত অর্থনৈতিক উন্নয়ন, নিম্নমুখী জন্মহার এবং স্ত্রী শিক্ষার প্রসার সত্বেও, আমাদের দেশের কর্মক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণ অপর্য্যাপ্তই রয়ে গেছে।

২০২২-এর একটি অর্থনৈতিক সমীক্ষা অনুযায়ী, ভারতে নারীশ্রমের হার ২০০৫এ ছিল ২৬ু কিন্তু ২০২০ তা কমে হয়েছে ১৯ু। এখানে উল্লেখ্য যে এই হার, কেবল যে বাংলাদেশে (৩৫ু) এবং শ্রীলঙ্কার (৩১ু) থেকে কম তাই নয়, ওয়ার্ল ব্যাংক এর সমীক্ষা অনুযায়ী, সারা পৃথিবীর সর্বনিম্ন হারের একটি। এই নিম্ন হারের কারণ কি? বছরের পর বছর সরকার বা কর্পোরেট বিশ্ব কর্মক্ষেত্রে লিঙ্গ বৈষম্য দূর করার কোনো সচেতন প্রচেষ্টা গ্রহণ করে নি। আমাদের সমাজে কোনো কাজের জন্যে ছেলেদের নিয়োগের প্রতি একটা সহজাত পক্ষপাত আছে। কারণ অনেকেই মনে করেন ছেলেরা মেয়েদের থেকে অনেক বেশি প্রতিশ্রুতিবদ্ধ।

মেয়েরা অনেক সময়ে বিয়ে, সন্তান এর জন্ম অথবা অন্য কোন সাংসারিক প্রয়োজনে চাকরি ছেড়ে দিতে বাধ্য হয়। সত্যি কথা বলতে কি, সংসারের ঝামেলা ছেলেদের থেকে মেয়েদেরই অনেক বেশি নিতে হয়। তাই সাংসারিক প্রয়োজনে, স্বামী বা স্ত্রীর মধ্যে, একজনকে যদি চাকরি ছাড়তে হয়, সেই একজন সবসময়ই হয় স্ত্রী। সরকার এবং সমাজ কে এটা বুঝতে হবে যে কর্মক্ষেত্রে মেয়েদের সংখ্যা যদি ছেলেদের সমান হয়, তাহলে আমাদের দেশের জিডিপি ২০২৫ সালে ৬০ু বেড়ে যাবে।“

নারী দিবস-২

## “ঘর নয় একদিন অগোছালোই রইলো” শাশ্বতী আচার্য্য মহান্তি

**অশোক সেনগুপ্ত**

কলকাতা, ৭ মার্চ ( হি.স.) : রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছিলেন, “গৃহে নারী যেমনি প্রবেশ করেছে কোথা থেকে অবতীর্ণ হল গৃহিণী, শিশু যেমনি কোলে এল মা তখনই প্রস্তুত। জীবরাজ্যে পরিণত বুদ্ধি এসেছে অনেক পরে। সে আপন জায়গা খুঁজে পায় সন্ধান ক’’রে, যুদ্ধ ক’’রে। দ্বিধা মিটিয়ে চলতে তার সময় যায়। এই দ্বিধার সঙ্গে কঠিন দ্বন্দ্বেই সে সবলতা ও সফলতা লাভ করে। এই দ্বিধাতরঙ্গের ওঠাপড়ায় শতাব্দীর পর শতাব্দী চলে যায়, সাংঘাতিক ভ্রম জমে উঠে বার বার মানুষের ইতিহাসকে দেয় বিপর্য্যস্ত ক’’রে।”

ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ সেরিব্রাল পালসির কোঅর্ডিনেটর শাশ্বতী আচার্য্য মহান্তি বলেন, “কথায় আছে ‘সংসার সুখের হয় রমণীর গুনে‘। কিন্তু রমণীর সুখ কিসে তার খবর কজন রাখে? সংসারের সবাই কে সুখী রাখতে রাখতে অধিকাংশ মেয়েদের জীবনটা হয়ে ওঠে একঘেয়েসে চাকুরি ও করুন বা শুধুই গৃহ বধূ। নিজের শখ ইচ্ছা আনন্দ সব বিসর্জন দিয়ে উঠেপড়ে লাগে সবাইকে সুখী করতে। দিনের শেষে তার না পাওয়া ইচ্ছা গুলো ডানা মেলে.. চোখ ভরে ওঠে জলে কিন্তু না সংসারের চাপ মেয়েদের বিকাশের পথে কোনো বাধা হতে পারে না। আমরা মেয়েরাই পারি নিজের ইচ্ছা গুলো কে মেলে ধরে নিজেকে বিকশিত করতে.. সে কবিতা গল্প লিখে বা ধুলো পরা সেতারটা ঝেড়েঝুড়ে আবার ঝংকার তুলতে বা সাদা ক্যানভাসটা রঙে রঙে ভরিয়ে তুলতে.শুধু একটু সময় বের করতেই হবে। না হয় একটা পদ কম রান্না করলাম। ঘর একদিন না হয় অগোছালো থাকলো সেই সময়টায় বিকশিত করবো নিজেকে আমাদের মেয়েদের মনে রাখতে হবে সংসার কে ভালো রাখার সাথে সাথে এই প্রার্থনা মনে রাখতে হবে “ অন্তর মম বিকশিত করো.. অন্তর তরো হে”।

নারী দিবস-৩

## “বাঙালী মেয়েরা মা দুর্গার প্রতীক, দশভূজা” ফরিদা ইয়াসমিন

**অশোক সেনগুপ্ত**

কলকাতা, ৭ মার্চ ( হি.স.) : “বাঙালী নারীকে ঘরে বাইরে দুটোই সামলাতে হয়। যে রাঁধে সে চুলও বাঁধে এই প্রবাদ সম্ভবত একমাত্র বাঙালী নারীর বেলায় খাটে।” এই মন্তব্য বাংলাদেশের জাতীয় প্রেস ক্লাবের সভাপতি ফরিদা ইয়াসমিনের।

এই প্রতিবেদককে তিনি বলেন, “সন্তান ঠিকমত মানুষ হল না এর পুরো দোষটি এসে পড়ে মায়ের ঘাড়েই। তাই নারী আগে তার ঘর সামলান। পরে তিনি ক্যারিয়ার নিয়ে ভাবেন। এই ভাবনাটা বেশিরভাগ নারীর ক্ষেত্রে সত্য। যখন নারী সংসারে প্রবেশ করেন তখন সংসার প্রাধান্য দিয়ে অন্য কাজ করেন। সেখানে পরিবার যদি সহযোগিতা না করে তাঁর পক্ষে ক্যারিয়ারে ভাল কিছু করা সম্ভব হয় না।

সংসারের ফাঁকে ফাঁকেই তাকে নারীর মৌলিক কাজগুলোও করতে হয়। ফলে তাঁর সৃজনশীলতা বাধাগ্রস্ত হয়। সংসারের মূল দায়িত্ব মেয়েদের উপর থাকে বলে তাদের নানা চাপ সামলাতে হয়। তবে আমাদের বাঙালী মেয়েরা মা দুর্গার প্রতীক, দশভূজা। সব সামলে তাঁরা এগুচ্ছেন। কিন্তু প্রয়োজন বাড়ির পুরুষেরও সহযোগিতা করা, সাংসারিক কাজে এগিয়ে এসে নারীর বিকাশের পথ সহজ করে দেয়া।“

নারী দিবস-৪

## “সংসার সুখী হয় রমনীর গুণে গুণবান পতি যদি থাকে তার সনে।’

**ড. রাজলক্ষ্মী বসু**

**অশোক সেনগুপ্ত**

কলকাতা, ৭ মার্চ ( হি.স.) : “সংসারের চাপ না, সংসারের মানসিকতা কখনও কখনও বিকাশের পথে অন্তরায়।” এই মন্তব্য প্রাবন্ধিক ড. রাজলক্ষ্মী বসুর।

তাঁর কথায়, “প্রশ্ন, সংসারটা কেমন মানুষ নিয়ে। যদি সেই সংসারে মহিলা মানেই ’রাঁধার পরে খাওয়া, আবার খাওয়ার পরে রাঁধা’ হয়, তবে অঢেল প্রাচুর্য্যতা সত্ত্বেও তাদের বাড়ির মহিলারা মহিলাই থাকে- মানুষের স্বীকৃতি পায় না। সেই সংসার মহিলার উন্নতির পূর্ণচ্ছেদ। সেখানে হেঁসেল আর কিছু মেয়েলিপনা বাদে সর্বত্র মেয়েদের গতিবিধি সীমাবদ্ধ।

আবার অনেক প্রতিবন্ধকতার সংসারেরও যখন অক্লান্ত পরিশ্রম শেষে একজন মহিলা আত্মবিশ্বাসে বলে ’ধরিব ধূম্রকেতুর পুচ্ছ বাহু বাড়াইব তপনে’ - নিশ্চিত যে সেই পরিবারে প্রগতিশীল পুরুষ রয়েছেন। আজকে সমস্যাটা একটু ভিন্ন। এখন বড় অংশের মেয়েদের হাতে অনেক সুযোগ স্বাধীনতা। পরিবারও নিউক্লিয়ার। তবুও কেন সংসারের চাপ এবং উন্নতি প্রসঙ্গ আসে? মেজরিটিয়ান শ্রেনী চরিত্রের মহিলা রয়েছে যারা নারী স্বাধীনতাকে ফ্যাশন পোশাকে সীমাবদ্ধ রাখে এবং মুখের জ্যামিতি দিয়েই গৃহ দাপট চালায়। তারা সময় সুযোগ সব পায়। সংসারের দোহাই দিয়েই তারা সারাটা জীবন কাটিয়ে দেয় এবং মুখেই মারিতং জগৎ।

সংসারের চাপ যেমন মহিলার আছে তেমন পুরুষদেরও আছেতো। হাজার চাপের পরেও সেই সংসারেই মহিলার উন্নতি হয় যারা দুটো ছত্রই বলে

’ সংসার সুখী হয় রমনীর গুণে
গুণবান পতি যদি থাকে তার সনে।’

নারী দিবস-৫

## “নারীর সর্বময়ী কর্তী হয়ে ওঠা কখনই মসৃণ হয় না” প্রহেলী ধর চৌধুরী

কলকাতা, ৭ মার্চ ( হি.স.) : নারীর ‘অর্ধেক আকাশ’’ পানে উড়ান শুরু হয়েছে বহুদিন আগে। গৃহকোণ ছেড়ে শিক্ষা, সংস্কৃতি, রাজনীতি, ব্যবসা, শিল্প সর্বক্ষেত্রে নারী তার আপন ভাগ্য জয় করে নিয়েছে। তবুও এই পুরুষতান্ত্রিক সমাজে নারীর সর্বময়ী কর্তী হয়ে ওঠা কখনই মসৃণ হয় না।

আলিয়া বিশ্ববিদ্যালয়ের গবেষক, লেখিকা প্রহেলী ধর চৌধুরী এই প্রতিবেদককে বলেন, “সংসার সুখের হয় রমণীর গুণে”- এ প্রবাদ বাক্য যে কতযুগের পুরোনো জানা নেই, কিন্তু সংসারের সুখ শান্তি ও কল্যাণ যে সংসারের মেয়েদের গৃহকর্মনিপুণতা, ত্যাগ ও সহ্যশক্তির ওপরেই নির্ভরশীল, তা নিয়ে আজও সমাজে দ্বিমত নেই।

বিংশ শতাব্দীর মাঝামাঝি সময় থেকেই মেয়েরা বেতনভিত্তিক কাজে যোগ দিলে একটি শব্দবন্ধ ভারী জনপ্রিয় হয়- “ঘরে-বাইরে”। অর্থাৎ যে মেয়েরা এতদিন শুধু ঘরের কাজই করত, এবার থেকে তারা ঘরের সাথে সাথে বাইরের কাজ-ও করবে। বাইরের কাজ তাদের বিদ্যমান ঘরের কাজের ওপর যোগ হয়ে তাদের কাজের পরিমাণ দ্বিগুণ করল কিন্তু সংসারের পুরুষ মানুষটিকে ঘরের কাজের ভাগ নিতে শেখাল না।

আজকের দিনে কর্মরতা ভারতীয় মহিলারা যখন গড়ে প্রত্যহ ছয়ঘন্টা ঘরের কাজ করেন, তখন পুরুষরা করেন গড়পরতা মোটে আধঘন্টা। এমন অসম শ্রমবন্টন যে মহিলাদের নিতান্ত শ্রমিক করেই রাখবে, বিকাশের কোন দিগন্তই খুলতে দেবে না, তা আর আলাদা করে বলার প্রয়োজন রাখে না।”

# ভারত বিশ্ব অর্থনীতির একটি ’’উজ্জ্বল স্থান’’ হয়ে উঠেছে: প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ৭ মার্চ (হি.স.) : গত নয় বছরে ভারতের অর্থনীতির মৌলিক বিষয়গুলিকে শক্তিশালী করার জন্য সরকারের প্রচেষ্টার উল্লেখ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মঙ্গলবার বলেছেন, আজ ভারতকে বিশ্ব অর্থনীতির ’’উজ্জ্বল স্থান’’ বলা হচ্ছে।

প্রধানমন্ত্রী ভিডিও কনফারেন্সের মাধ্যমে ’’বৃদ্ধির সুযোগ তৈরিতে আর্থিক পরিষেবার সম্ভাবনা বাড়ানো’’ থিমে বাজেট-পরবর্তী ওয়েবিনারের একটি সিরিজে ভাষণ দেওয়ার সময় বক্তব্য রাখছিলেন। এই সময় প্রধানমন্ত্রী মোদি বলেন, সরকার এই ওয়েবিনারের মাধ্যমে বাজেট বাস্তবায়নে সমষ্টিগত মালিকানা এবং সমান অংশগ্রহণের পথ প্রশস্ত করছে, যেখানে স্টেকহোল্ডারদের মতামত এবং পরামর্শগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রধানমন্ত্রী সেই সময়ের কথা স্মরণ করেন যখন বিশ্ব ভারতকে সন্দেহের চোখে দেখে। তিনি বলেন, ভারতের অর্থনীতি, বাজেট এবং লক্ষ্য নিয়ে আলোচনা প্রায়ই শুরু হয় এবং একটি প্রশ্ন দিয়ে শেষ হয়। তিনি আর্থিক শৃঙ্খলা, স্বচ্ছতা এবং অন্তর্ভুক্তিমূলক পদ্ধতির পরিবর্তনের কথা তুলে ধরে বলেন, আলোচনার শুরুতে এবং শেষে প্রশ্নবোধক চিহ্নটি আস্থা ও প্রত্যাশা দ্বারা প্রতিস্থাপিত হয়েছে।

প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, পিএলআই প্রকল্পের সুবিধা পাওয়ার জন্য আবেদনগুলি বর্ষিত হচ্ছে, যা ভারতকে বিশ্বব্যাপী সরবরাহ শৃঙ্খলের একটি গুরুত্বপূর্ণ অংশ করে তোলে। মোদী সবাইকে এই সুযোগের পুরো সদ্ব্যবহার করার আহ্বান জানিয়েছেন।

তিনি আরও বলেন, আজ সময়ের প্রয়োজন হল ভারতের ব্যাঙ্কিং ব্যবস্থার শক্তির সুবিধাগুলি সর্বাধিক সংখ্যক ব্যবহারকারীর কাছে পৌঁছানো উচিত। তিনি বলেন, সমস্ত স্টেকহোল্ডারকে ক্রেডিট খরচ কমাতে, ঋণের গতি বাড়ানো এবং পুরো প্রক্রিয়ার রি-ইঞ্জিনিয়ারিংয়ের মাধ্যমে দক্ষতার সাথে ক্ষুদ্র উদ্যোক্তাদের কাছে পৌঁছাতে কাজ করতে হবে।

## আমাদের দেশে শেষ কথা বলে মানুষ, অনুব্রত প্রসঙ্গে মন্তব্য ফিরহাদের

কলকাতা, ৭ মার্চ (হি.স.) : আমাদের দেশে এজেন্সিরাজ, কেন্দ্রীয় পুলিশরাজ শেষ কথা বলে না। শেষ কথা বলে মানুষ। রাজ্যের মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম মঙ্গলবার কলকাতায় এ কথা বলেন। অনুব্রত মণ্ডল প্রসঙ্গে প্রশ্ন করলে ফিরহাদ এদিন সাংবাদিকদের বলেন, দেশের বিচার ব্যবস্থার উপর আমরা সম্পূর্ণ আস্থাশীল। দেশের আইনের মাধ্যমেই সঠিক বিচার পাবেন অনুব্রত। আমাদের দেশের বিচারপতিরা আইনের বিষয়ে যথেষ্ট দক্ষ। তাঁরা কোনও ভুল করতে পারেন না।

একটা সময় দেশের সমস্ত বিরোধী দলের নেতাদের নিয়ে গিয়ে একটা জেলে আটকে রাখা হয়েছিল। সে সময়ও দমন-পীড়নের পথ নিয়েছিল তৎকালীন কেন্দ্রীয় সরকার। ফলস্বরূপ দেখা গিয়েছিল মানুষের ভোটে সেই সরকারকেও ক্ষমতা থেকে সরে যেতে হয়েছিল। দমন পীড়ন চালিয়ে এদেশে ক্ষমতায় বেশি দিন টিকে থাকা যায় না। নাম না করে ইন্দিরা জমানার কথা স্মরণ করিয়ে কেন্দ্রের বিজেপি নেতৃত্বাধীন সরকারকে তোপ দাগলেন মন্ত্রী ফিরহাদ হাকিম।

প্রসঙ্গত, এদিন সকালে আসানসোল জেল থেকে অনুব্রতকে নিয়ে কলকাতায় রওনা দেয় পুলিশ। তার আগে বর্ধমানের শক্তিগড়ে কনভয় থামিয়ে প্রাতরাশ সারেন জেলবন্দি তৃণমূলের জেলা সভাপতি অনুব্রত। এর পর জোকা ইএসআই হাসপাতালে পরীক্ষা নিরীক্ষা চলে তাঁর। সেখান থেকে ফিট সার্টিফিকেট নিয়ে ইডি মঙ্গলবারই তাঁকে দিল্লিতে নিয়ে যাবে।

## সিমলা-কালকা জাতীয় সড়কে গাড়ির ধাক্কায় পাঁচ শ্রমিকের মৃত্যু

সিমলা, ৭ মার্চ (হি.স.) : মঙ্গলবার সকালে হিমাচল প্রদেশের সোলান জেলার ধরমপুরে সিমলা-কালকা জাতীয় সড়কে একটি দ্রুতগামী গাড়ির ধাক্কায় নয়জনকে চাপা পড়ে। ঘটনাটি ঘটে সকাল ৯টা ২০ মিনিটে। এ দুর্ঘটনায় ঘটনাস্থলেই মৃত্যু হয় পাঁচজনের। গতির কারণেই এই দুর্ঘটনাটি ঘটেছে বলে জানা গিয়েছে। আহত চার শ্রমিককে পিজিআই চণ্ডীগড়ে রেফার করা হয়েছে।

ডিএসপি চৌহান জানিয়েছেন, মৃতদের মধ্যে রয়েছেন গুড্ডু যাদব, রাজা ভার্মা, নিপ্পু নিষাদ, মতি লাল যাদব এবং শনি। এই লোকেরা বিহার ও উত্তরপ্রদেশের আদিবাসী। আহতরা হলেন মহেশ, বুদুবীন, মহেশ ও অর্জুন। তাকে সিভিল হাসপাতাল ধরমপুর থেকে পিজিআই-তে স্থানান্তর করা হয়েছে। গাড়িটি আটক করে চালককে আটক করা হয়েছে। অভিযুক্ত চালকের নাম রাজেশ কুমার (২৩), সোলান জেলার কাসৌলির বাসিন্দা।

## ইন্দোনেশিয়ায় ভূমিধসে মৃত্যু ১৫ জনের, নিখোঁজ বহু

জাকার্তা, ৭ মার্চ (হি.স.) : ইন্দোনেশিয়ায় প্রবল বৃষ্টিপাতের জেরে ভূমিধসে প্রাণ গেল ১৫ জনের। এখনও পর্য্যন্ত নিখোঁজ রয়েছেন বহু মানুষ। সোমবার ইন্দোনেশিয়ার দক্ষিণ চিন সাগর তীরবর্তী নাতুনা অঞ্চলে এই ভূমিধসের ঘটনা ঘটেছে। প্রচণ্ড বৃষ্টিপাত জারি থাকায় ব্যাহত হচ্ছে উদ্ধারকাজ।

ইন্দোনেশিয়ার জাতীয় বিপর্যয় মোকাবিলা সংস্থার তরফে জানানো হয়েছে, ভূমিধসের কারণে ধসে গিয়েছে রাস্তা। এর ফলে দুর্য্যোগকবলিত এলাকার সঙ্গে সড়ক পথের যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে গেছে। যোগাযোগ ব্যবস্থা ভেঙে পড়ায় দুর্গত লোকদের সরিয়ে নিয়ে যাওয়ার প্রক্রিয়া ব্যাহত হচ্ছে। এখনও পর্য্যন্ত ১৫ জনের মৃত্যু হয়েছে বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এখনও পর্য্যন্ত প্রায় ৫০ জন নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছে উদ্ধারকারী দলের তরফে। উদ্ধারকাজে সহায়তা করার জন্য মঙ্গলবার থেকে একটি হেলিকপ্টার মোতায়েন করা হচ্ছে।

প্রসঙ্গত ইন্দোনেশিয়ায় বর্ষাকালে প্রায়ই ভূমিধসের ঘটনা ঘটে। কিছু জায়গায় যথেচ্ছহারে বনভূমি ধংসের ফলে ভূমি ধসের প্রবণতা আরও বেড়েছে। এছাড়া, দীর্ঘস্থায়ী বৃষ্টি সেখানে বন্যার অন্যতম কারণ।

## গুজরাটে ইরানের নৌকা থেকে ৪২৫ কোটি টাকার হেরোইন বাজেয়াপ্ত

আহমেদাবাদ, ৭ মার্চ (হি.স.) : ভারতীয় কোস্ট গার্ড এবং অ্যান্টি টেরারিস্ট স্কোয়াড (এটিএস) আরব সাগরে একটি বড় অভিযানে একটি ইরানী নৌকা আটক করে ৬ জন ক্রু সদস্যকে গ্রেফতার করেছে। তাদের কাছ থেকে ৬১ কেজি হেরোইন উদ্ধার করা হয়েছে। আন্তর্জাতিক বাজারে হেরোইনের মূল্য ৪২৫ কোটি টাকা বলে জানা গেছে।

গুজরাট এটিএস খবর ছিল যে ইরানি মাছ ধরার নৌকা থেকে ভারতে মাদক আনা হচ্ছে। এর ভিত্তিতে এটিএস এবং ভারতীয় কোস্টগার্ড যৌথ অভিযান চালিয়ে মাদকের একটি বড় চালান আটক করে। কোস্ট গার্ড স্পীড বোটে সমুদ্রে ১৯০ নটিক্যাল মাইল (৩৪০ কিমি) দূরত্ব অতিক্রম করেছিল।

সন্দেহজনক নৌকা দেখে নিরাপত্তাকর্মীরা থামার বার্তা দেন। এতে নাবিকরা নৌকা নিয়ে ভারতীয় সীমান্ত থেকে চলে যাওয়ার চেষ্টা করেন। নিরাপত্তাকর্মীরা নৌকাটি ঘেরাও করে তল্লাশি করলে মাদকের বড় চালান পাওয়া যায়। নৌকাটি দেবভূমি দ্বারকার ওখা বন্দরে নিয়ে আসা হয়।

## খারাপ এক্স-রে মেশিন, থমকে বি সি রায় হাসপাতালের পরিষেবা

কলকাতা, ৭ মার্চ (হি. স.) : বি সি রায় শিশু হাসপাতালে বিকল এক্স-রে মেশিন। হাসপাতাল সূত্রে খবর, ১১ নম্বর ঘরের এক্সে-রে মেশিনটি বিকল হয়ে পড়েছে। যার ফলে থমকে বি সি রায় হাসপাতালের পরিষেবা।

অভিযোগ, সোমবার থেকেই কাজ করছে না মেশিনটি। বি সি রায় হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছেন যে, এক্স-রে যন্ত্রের উপর অত্যাধিক চাপ পড়ছে। যার জেরে যন্ত্র গরম হয়ে যাচ্ছে। সেই কারণে প্রতিদিন মেশিনটিকে বিশ্রাম দেওয়ার প্রয়োজন হচ্ছে। প্রতিদিন গড়ে প্রায় ১৫০টি এক্স-রে হচ্ছে। অন্যান্য বছরে এত এক্স-রে হত না।

তবে এই সবের মধ্যে সব থেকে বেশি সমস্যায় পড়েছেন হাসপাতালে আগত অসুস্থ শিশুদের পরিবারের সদস্যরা। মঙ্গলবার এক ব্যক্তি জানান, “হাসপাতাল থেকে বলছে এক্স-রে মেশিন খারাপ হয়ে গিয়েছে। কালকে আমার দু’বার এসেছি। এ দিকে এক্স-রে রিপোর্ট ছাড়া ডাক্তারাও দেখছেন না। বাচ্চারা কাঁদছে। ট্রিটমেন্ট তো এমনভাবে হচ্ছে না।” প্রসঙ্গত, বিসি রায় শিশু হাসপাতালের প্রায় প্রতিনিয়ত মৃতের হার বাড়ছে।

## শিশু মৃত্যু অব্যাহত বিসি রায় হাসপাতালে, প্রাণ হারাল এক শিশুকন্যা

কলকাতা ৭ মার্চ (হি. স.) : জ্বর-শ্বাসকষ্ট জনিত সমস্যা নিয়ে বিসি রায় হাসপাতালে শিশুমৃত্যু অব্যাহত। মঙ্গলবার সকালে ফের মৃত্যু হয়েছে এক পাঁচ বছরের এক শিশুকন্যার।

জানা গেছে, মৃত ওই শিশুর নাম বিদিপ্তা প্রামাণিক। বাড়ি হাওড়ার বালিতে। শারীরিক অসুস্থতা নিয়ে প্রথমে ওই শিশুকে ভর্তি করা হয়েছিল উলুবেড়িয়ার এক নার্সিংহোমে। শুক্রবার থেকে ওই নার্সিংহোমে ভর্তি ছিল বিদিপ্তা। শুক্র ও শনিবার নার্সিংহোমে থাকার পর রবিবার কলকাতায় বিসি রায় হাসপাতালে স্থানান্তর করা হয় তাঁকে। জানা যাচ্ছে, সেই সময় বিদিপ্তার বুকে অনেকটা কফ জমে ছিল।এদিন সকালে সাড়ে ৯টা নাগাদ বালির ওই ছোট্ট শিশুকন্যার মৃত্যু হয়।

চিকিৎসক মহলের একাংশ আগে থেকেই বলে আসছিলেন, যখন বিসি রায় শিশু হাসপাতালে রোগীদের আনা হচ্ছে, তখন অনেকটা দেরি হয়ে যাচ্ছে। এই ক্ষেত্রেও অনেকটা একই ধরনের সমস্যা দেখা গেল। বিশেষ করে বিসি রায় হাসপাতালে বিগত কিছুদিনে যে শিশুদের মৃত্যু হচ্ছে, তাঁদের বেশিরভাগই অন্য কোনও হাসপাতাল থেকে স্থানান্তরিত করা হয়েছে।

## বারামুল্লা থেকে দুই লস্কর সহযোগী গ্রেফতার

বারামুল্লা, ৭ মার্চ (হি.স.) : বারামুল্লা জেলার কুঞ্জর থেকে তল্লাশি অভিযানের সময় নিরাপত্তা বাহিনী লস্কর-ই-তৈয়বা সন্ত্রাসী সংগঠনের দুই সহযোগীকে গ্রেফতার করেছে। দুজনের কাছ থেকে গোলাবারুদ উদ্ধার করা হয়েছে।

মঙ্গলবার পুলিশের এক মুখপাত্র বলেন, পুলিশের একটি যৌথ দল এবং সিআরপিএফের ১৭৬ তম ব্যাটালিয়ন সন্ত্রাসীদের উপস্থিতির খবর পেয়ে কুঞ্জরের মনচুক গ্রামে ঢুকে অনুসন্ধান অভিযান শুরু করে। অভিযান চলাকালে নিরাপত্তা বাহিনী দুই সন্দেহভাজনকে আটক করেছে। তিনি বলেন, সন্দেহভাজন ব্যক্তিরা খুরশিদ আহমেদ খানের ছেলে মুশতাক আহমেদ খান এবং রিয়াজ আহমেদ খানের ছেলে জিও মহিউদ্দিন খান। নিরাপত্তা বাহিনী তাদের কাছ থেকে দুটি একে-৪৭ ম্যাগাজিন, একে-৪৭-র ১৫ রাউন্ড কার্তুজ, নিষিদ্ধ লস্কর-ই-তৈয়বার ২০টি পোস্টার উদ্ধার করেছে।

পুলিশ জানিয়েছে, জিজ্ঞাসাবাদে দুজনেই প্রকাশ করেছে যে তারা সন্ত্রাসী সংগঠন লস্কর-ই-তৈয়বার হয়ে কাজ করত। সহযোগীরা জানায়, তারা কুঞ্জর ও আশপাশের এলাকায় সন্ত্রাসী কর্মকাণ্ড চালানোর উদ্দেশ্যে এসব অবৈধ গোলাবারুদ নিয়ে গেছে। থানায় মামলা দায়ের করে তদন্ত শুরু করা হয়েছে।

## রাহুল গান্ধী বিদেশের মাটি থেকে দেশের মানুষকে অপমান করেছেন: রবিশঙ্কর প্রসাদ

নয়াদিল্লি, ৭ মার্চ (হি.স.) : দেশের মানুষ রাহুল গান্ধীর কথা শোনে না, বোঝে না, তাই দেশের বাইরে দুঃখ প্রকাশ করেন। মঙ্গলবার লন্ডনে রাহুল গান্ধীর বক্তব্যের নিন্দা করে ভারতীয় জনতা পার্টি বলেছে, তিনি বিদেশের মাটি থেকে দেশের মানুষকে গ্রহণ করেন।

মঙ্গলবার ভারতীয় জনতা পার্টির নেতা তথা মুখপাত্র রবিশঙ্কর প্রসাদ দলের সদর দফতরে এক সাংবাদিক সম্মেলনে দেশে গণতন্ত্র, ভারত-চিন সম্পর্ক এবং রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ সম্পর্কে রাহুল গান্ধীর মন্তব্য সম্পর্কে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে এবং প্রাক্তন রাষ্ট্রপতি সোনিয়া গান্ধীর কাছে প্রশ্ন জিজ্ঞাসা করেছেন। উভয় নেতাকেই বিজেপি মুখপাত্র জিজ্ঞাসা করেন, তারা ইউরোপ এবং আমেরিকা থেকে ভারতের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের কংগ্রেস নেতার বক্তব্যকে সমর্থন করেন কিনা।

রবিশঙ্কর বলেন, রাহুল গান্ধী বিদেশে গেলে সমস্ত মর্যাদা এবং শালীনতা ভুলে যান। তিনি ভারতীয় গণতন্ত্র, জনসাধারণ, রাজনৈতিক ও বিচার ব্যবস্থা এবং লন্ডনে কৌশলগত নিরাপত্তাকে অপমান করেছেন।

বিজেপির মুখপাত্র রাহুল গান্ধীর আরএসএস সম্পর্কে তার মন্তব্যের সমালোচনা করে বলেন, তিনি আসলে মাওবাদী এবং নৈরাজ্যবাদীর প্রভাবে এটি করছেন। দেশের রাজনীতিতে আরএসএস-এর অবদান ব্যাখ্যা করে বিজেপি নেতা বলেন, আদর্শের ভিত্তিতে সংঘ কোথায় পৌঁছেছে আর কংগ্রেস কোথায় পৌঁছেছে।

## চাকরির বদলে জমি মামলায় লালুপ্রসাদকে ২ ঘণ্টা জেরা সিবিআইয়ের

নয়াদিল্লি, ৭ মার্চ (হি.স.) : আরজেডি সুপ্রিমো এবং প্রাক্তন রেলমন্ত্রী লালুপ্রসাদ যাদবকে জিজ্ঞাসাবাদ করল সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (সিবিআই)। সিবিআই সূত্রের খবর, চাকরির বদলে জমি সংক্রান্ত মামলায় মঙ্গলবার তাঁকে দুই ঘন্টা জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

সিবিআইয়ের দাবি, ২০০৪ থেকে ২০০৯ পর্যন্ত লালুপ্রসাদ যখন রেলমন্ত্রী ছিলেন তখন রেলে তিনি অনেককেই চাকরি পাইয়ে দিয়েছিলেন। চাকরির বিনিময়ে যাদব পরিবারের লোকজন সস্তায় জমি পেয়েছেন। এছাড়া তাঁরা উপহার হিসেবেও জমি পেয়েছেন বলে দাবি। সিবিআই সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার সকাল ১০.৪০টা নাগাদ সিবিআইয়ের সাত আধিকারিক দুটি গাড়িতে চেপে দিল্লির পান্ডারা পার্কে মিশা ভারতীর বাসভবনে পৌঁছোন। লালুপ্রসাদও বর্তমানে সেখানে রয়েছেন। চাকরির জন্য জমি কেলেঙ্কারিতে তাঁকে প্রায় দুই ঘন্টা জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

## তুরস্কে সাধারণ নির্বাচনে ৬ দলের জোটের প্রার্থী কামাল কিলিকডারোগলু

আঙ্কারা, ৭ মার্চ (হি.স.) : আগামী মে মাসে তুরস্কে সাধারণ নির্বাচনে। এই নির্বাচনে বর্তমান প্রেসিডেন্টের বিরুদ্ধে ৬ বিরোধী দল জোট বাঁধছে। ইতিমধ্যে তুর্কি প্রেসিডেন্ট পদে জোটের প্রার্থী হিসাবে ঠিক করা হয়েছে ‘তুরস্কের গান্ধী’ নামে খ্যাত কামাল কিলিকডারোগলুকে।

তুরস্কের বর্তমান প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান। প্রায় দুই দশক ধরে তুরস্কের ক্ষমতায় রয়েছেন তিনি। আগামী নির্বাচনে জিতে আসন ধরে রাখতে বদ্ধপরিকর এরদোয়ান। গত ফেব্রুয়ারি মাসে সে দেশে ভয়াবহ ভূমিকম্পের ফলে চরম বিপাকে রয়েছেন সেদেশের মানুষ।

## তিহাড় জেলে গিয়ে আজ মণীশ সিসোদিয়াকে জেরা করবে ইডি

নয়াদিল্লি, ৭ মার্চ (হি.স.) : আবগারি নীতি মামলায় ধৃত দিল্লির প্রাক্তন উপমুখ্যমন্ত্রী মণীশ সিসোদিয়াকে মঙ্গলবারই তিহাড় জেলে গিয়ে জেরা করবেন এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের আধিকারিকরা। মূলত আবগারি নীতি ঘোষণার জন্য যে ঘুষ নেওয়ার অভিযোগ উঠেছে আম আদমি পার্টির শীর্ষ নেতার বিরুদ্ধে সে বিষয়েই জেরা করতে চাইছেন ইডি আধিকারিকরা। অবৈধভাবে পাওয়া অর্থ কোথায় পাচার হয়েছে তা জানতে চান কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। তবে দিল্লির প্রাক্তন উপমুখ্যমন্ত্রীকে শ্যেন অ্যারেস্ট করা হবে কিনা তা নিয়ে সিদ্ধান্ত নিতে পারেননি ইডির শীর্ষ আধিকারিকরা।

দিল্লি আবগারি নীতি সংক্রান্ত মামলায় গত রবিবার রাতে মণীশ সিসোদিয়াকে গ্রেফতার করেছিল সিবিআই। সাত দিন কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার হেপাজতে থাকার পরে গতকাল সোমবারই রাউস হাউজ আদালত দিল্লির প্রাক্তন উপমুখ্যমন্ত্রীকে ১৪ দিনের জন্য জেল হেফাজতে পাঠানোর নির্দেশ দিয়েছে। ওই নির্দেশের পরেই সিসোদিয়াকে তিহাড় জেলে নিয়ে যাওয়া হয়েছে। আর তার কয়েক ঘন্টার মধ্যেই দিল্লির শাসকদলের দ্বিতীয় শীর্ষ নেতাকে জেলে গিয়ে জেরার সিদ্ধান্ত নিয়েছেন ইডির আধিকারিক।

## লালুপ্রসাদকে জেরার জন্য দিল্লির বাসভবনে পৌঁছলেন সিবিআই আধিকারিকরা

নয়াদিল্লি, ৭ মার্চ (হি.স.) : জমির বিনিময়ে চাকরি কেলেঙ্কারিতে লালুপ্রসাদ যাদবকে জিজ্ঞাসাবাদের জন্য আজ মঙ্গলবার সকাল এগারোটার আগেই মিশা ভারতীর বাসভবনে পৌঁছে গেলেন সিবিআই আধিকারিকরা। উল্লেখ্য, সোমবারই পটনায় লালু-পত্নী রাবড়ি দেবীকে চার ঘন্টা ধরে জেরা করেছিল কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার আধিকারিকরা।

প্রসঙ্গত, লালুর বিরুদ্ধে অভিযোগ ২০০৪ থেকে ২০০৯ সালে ইউপিএ জমানায় রেলমন্ত্রী থাকার সময়ে জমির বিনিময়ে রেলে চাকরি দিয়েছিলেন। গত বছরের জুলাইতে রেলমন্ত্রী থাকাকালীন তাঁর অফিসার অন স্পেশাল ডিউটির (ওএসডি) দায়িত্ব সামলানো ভোলা যাদবকে গ্রেফতার করেছে সিবিআই। অক্টোবর মাসে লালু, তাঁর স্ত্রী রাবড়ি দেবী, কন্যা মিশা ভারতী সহ ১৪ জনের বিরুদ্ধে চার্জশিট দাখিল করেছিল কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা।

গত রবিবারই তৃণমূল কংগ্রেস সহ আট বিরোধী দলের পক্ষ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি পাঠিয়ে সিবিআই-ইডি সহ কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাগুলির অপব্যবহার বন্ধ করার অনুরোধ জানানো হয়েছিল। ি

## দোলের দিন হরিদেবপুরে তরুণীর দেহ উদ্ধার, তদন্তে পুলিশ

কলকাতা, ৭ মার্চ (হি.স.) : দোলের দিন সকালে এক তরুণীর দেহ উদ্ধার হল কলকাতার হরিদেবপুরে। মঙ্গলবার সকালে হরিদেবপুরের নোনার মাঠের কাছ থেকে দেহ উদ্ধার করে পুলিশ। তরুণীর দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার পুলিশ তদন্তে নেমে হরিদেবপুরে অজ্ঞাতপরিচয় ওই মৃত তরুণীর নাম পরিচয় জানতে পেরেছে। মৃতার নাম ডালিয়া চক্রবর্তী। বয়স আনুমানিক ৩০ এর কাছাকাছি বলে অনুমান পুলিশের। তিনি নরেন্দ্রপুরের বাসিন্দা। সোমবার দুপুর পৌনে চারটে নাগাদ বাড়ি থেকে বেরিয়েছিলেন। এরপর থেকে তাঁর কোনও খোঁজ পাচ্ছিলেন না পরিবারের লোকজন। অবশেষে মঙ্গলবার সকালে হরিদেবপুর থেকে তাঁর দেহ উদ্ধার হল। তবে কীভাবে ওই তরুণী নরেন্দ্রপুর থেকে হরিদেবপুরে এলেন। তা এখনও স্পষ্ট নয়। কারা তাঁকে খুন করে ফেলে রেখে গেলেন তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা। গলায় ফাঁস দিয়ে তরুণীকে খুন করা হয়েছে বলে প্রাথমিক অনুমান তদন্তকারীদের। ইতিমধ্যে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

## কে ব্যথা নিয়েই জলসায় হোলি উদযাপন বিগ বি-র, শুভেচ্ছা জানালেন সকলকে

মুম্বই, ৭ মার্চ (হি.স.) : আমজনতার পাশাপাশি এদিন রঙের উৎসবে মেতে ওঠে সেলিব্রিটিরাও।অসুস্থতার মধ্যে জলসার বাড়িতে রঙের উৎসবে মেতে উঠলেন অমিতাভ বচ্চন। সোমবার রাতে তাঁর মুম্বইয়ের বাসভবন জলসায় হোলিকা দহন উদযাপনে সামিল ছিলেন বিগ বি।টুইটে নিজেই জানিয়েছেন তা। সেই সঙ্গে এদিন সকলকে হোলির শুভেচ্ছা জানান তিনি।

গতকালই একটি পোস্টের মাধ্যমে মেগাস্টার অমিতাভ বচ্চন নিজেই জানিয়েছিলেন, হায়দ্রাবাদে নাগ অশ্বিনীর প্রজেক্ট কে-চলচ্চিত্রে অ্যাকশন দৃশ্যে শুটিংয়ের সময়ে চরম আহত হয়েছেন অমিতাভ বচ্চন। বুকের পাঁজরের কার্টিলেজে আঘাত পেয়েছেন তিনি। সব শুটিং বাতিল করেছেন। এই খবর শোনার পরেই অভিনেতার ভক্তমহলে শুরু হয় চরম উদ্বেগ।

যদিও ভক্তদের উদ্দেশ্যে অভিনেতা নিজেই জানিয়েছেন যে, তিনি এখন ভালো আছেন। তবে কিছুদিন বিশ্রামে থাকতে হবে। চেন্নাইতে তাঁকে হাসপাতালে ভর্তি করা হলেও ডাক্তার কতগুলি পরীক্ষা-নিরিক্ষা করে ছেড়ে দিয়েছেন।

# নেপালের রাষ্ট্রপতি নির্বাচনে পাউডেলকে সমর্থন করার ঘোষণা ১০টি দলের

কাঠমাণ্ডু, ৭ মার্চ (হি.স.) : আগামী ৯ মার্চ নেপালে রাষ্ট্রপতি নির্বাচনের জন্য মধ্যরাত থেকে প্রচার নিষিদ্ধ করা হয়েছে। এই নির্বাচনে নেপালি কংগ্রেসের রামচন্দ্র পাউডেল এবং সিপিএন (ইউএমএল) এর সুভাষ চন্দ্র নেমওয়াংয়ের মধ্যে প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে। ১০টি দল পাউডেলকে সমর্থনের ঘোষণা দিয়েছে।

পাউডেলের পক্ষে মোট ১০টি দল, নেপালি কংগ্রেস, সিপিএন (এমসি), সিপিএন (ইউএস), রাষ্ট্রীয় জনতা পার্টি, জনমত পার্টি, ডেমোক্রেটিক সমাজবাদী পার্টি, সিভিল ইমিউনিটি পার্টি, রাষ্ট্রীয় জন মোর্চা, নেপাল সমাজবাদী পার্টি এবং আম জনতা। পার্টি। সিপিএন (ইউএমএল) ভাইস-চেয়ারম্যান নেমওয়াং ছাড়া কেউ তার দলের প্রতি সমর্থন ঘোষণা করেননি।

রাজকীয় দল রাষ্ট্রীয় প্রজাতন্ত্র পার্টি (আরপিপি) নেমওয়াংয়ের পক্ষে ভোট দেবে বলে আশা করা হচ্ছে। প্রেসিডেন্ট রাজেন্দ্র লিংডেন ইউএমএল প্রার্থী নেমওয়াংকে সমর্থন করার পক্ষে। তবে রবি লামিছনের নেতৃত্বাধীন রাষ্ট্রীয় স্বতন্ত্র পার্টি এখনও তাদের অবস্থান স্পষ্ট করেনি।

# উড়ান চলাকালীন বিমান কর্মীকে আক্রমণ যাত্রীর, গ্রেফতার অভিযুক্ত

লস অ্যাঞ্জেলস, ৭ মার্চ (হি.স.) : উড়ান চলাকালীন বিমান কর্মীকে আঘাত করার অভিযোগে অভিযুক্ত যাত্রী পুলিশের হাতে গ্রেফতার হয়েছে। জানা গিয়েছে, আমেরিকার লস অ্যাঞ্জেলস থেকে বস্টনগামী বিমানের আপৎকালীন দরজা খুলে ফেলার চেষ্টা করেন এক যাত্রী। বাধা দিতেই যাবতীয় সমস্যা উৎপত্তি। সূত্রের খবর বস্টনে উড়ান ল্যান্ডিংয়ের ৪৫ মিনিট আগে হঠাৎই বিমানের বিপদের অ্যালার্মটি বেজে ওঠে। এক বিমান কর্মী দেখেন, বিমানের আপৎকালীন দরজাটি প্রায় খুলে গিয়েছে। কোন রকমের সেটি আটকানোর পর বিমান কর্মীরা অভিযুক্ত যাত্রী ফ্রান্সিস্কো তোরেসকে জিজ্ঞাসাবাদ শুরু করেন।

জানা গিয়েছে, এই যাত্রী দীর্ঘক্ষণ আপৎকালীন দরজার সামনে দাঁড়িয়েছিলেন। বিমানের আপৎকালীন দরজা খোলার চেষ্টা করছেন। অভিযোগ একেবারেই অস্বীকার করেন ওই যাত্রী। কিন্তু জিজ্ঞাসাবাদ চলাকালীন হঠাৎই কাঁটা চামচ দিয়ে ক্রমাগত আঘাত করতে থাকেন অভিযুক্ত যাত্রী এক বিমান কর্মীকে। আহত বিমান কর্মীকে উদ্ধার করেন অন্যান্য যাত্রীরা। এরপর বিমান বস্টন লোগান আন্তর্জাতিক বিমানবন্দরে নামতেই অভিযুক্ত যাত্রীকে গ্রেফতার করা হয়েছে। উড়ান চলাকালীন এমন ঘটনায় ব্যাপক চাঞ্চল্য তৈরি হয়েছে। অভিযুক্ত যাত্রী কেন এমন করলেন, তা তদন্ত করে দেখা হচ্ছে।

**Corrigendum**

Name of Work : Design-Build-Operate for Used Water Management in Dharmanagar, Kailashahar and Kumarghat Towns by Interception & Diversion of Major drains of core areas and Providing STP and co-treatment of septage and disposal of treated effluent in Water Bodies in above three towns of Tripura.
Tender ID : 2023_TUDA_36484_1
PNieT No: 06/EE/TUDA/2022-23 Dt. 09.01.23
DNlet No: 07/EE/TUDA/2022-23 Dt. 09.01.23.
The preliminary study and Project Report has been uploaded as Annexure - I for conceptual study and for better understanding of the project by the bidder.
The Declaration format for the mandatory site visit has to be attached along with the Bid for qualifying to participate in the bid is attached as Annexure - II and the some clause in the Bid has been changed as stated in Annexure -III
The last date of dropping of tender will be on 13.03.2023 upto 3.00 pm instead of 27.02.2023 upto 3.00 pm. Opening of tender will be on 13.03.2023 at 3:30 PM.
Opening of tender will be on 13.03.2023 at 3.30 PM.
This is for information to all concern.

Executive Engineer
ICA/C-4356/23 Tripura Urban Planning & Development Authority
Agartala, Tripura(W)

**NOTICE INVITING SHORT QUOTATION**

Sealed rate quotation is hereby invited from the intending registered co-operative societies / Marketing co-operative/ SHGs/LAMPS/PACS/ Mahila Mandals under Ambassa Sub-Division for on time supply of pre-school Kits in connection with ICDS services in AWCs under Ambassa ICDS Project. Last date of submission of sealed quotation along with sample of "Pre School Kits" to the O/o the CDPO Ambassa ICDS Project is 14-03-2023 upto 4.00 PM. Bids will be opened on the same date at 4.30 PM in presence of bidders or authorized representatives. All terms and condition and other information are available in the office of the undersigned and can be seen on all working days during office hours w.e.f.07-03-2023.

Sd/-
CDPO
ICA/C-4355/23 Ambassa ICDS Project.
Ambassa Dhalai Tripura.

PNie-T NO:- 62/EE-1/2022-23, Dated 04/03/2023
The Executive Engineer, Division No-I, PWD(R&B), Agartala, Tripura (W) invited tender from the eligible bidders up to 15.00 hours on 16-03-2023 for 02 (Two) Nos. Maintenance work. For details visit httos://tripuratenders.gov.in or contact at Mobile No: 7004647849 for clarifications, if any. Any subsequent" corrigendum will be available at the website only.

EXECUTIVE ENGINEER
AGARTALA DIVISION NO-I, PWD (R & 8),
ICA/C-4347/23 AGARTALA, WEST TRIPURA

**NIeT No-57/EE/RD/BSGD/SPJ/2022-23/7756 , dt.04/03/2023**
On behalf of the Governor of Tripura, The Executive Engineer, R. D. Bishramganj Division, Bishramganj, Sepahijala District invites item wise e-tender(Two bid) from the resourceful & bonafied citizen/ Agency / firms for "Hiring of 1 (One) nos. BOLERO incl. fuel and driver for use by the Executive Engineer, RD Sonamura(Dhanpur) Division"upto 3.00 PM of 17/03/2023(2nd Call).
For details, interested bidders may contact in mob: 8974406541/ 9436133380 or mail in email id: eerdbsg@gmail.com.

( Er. DibSkar Shil)
Executive Engineer
ICA/C-4340/23 RD Bishramganj Division.
Sepahijala, Tripura

PNIeT No:- 52/EE/PWD(DWS)/AMB/2022-23
Single bid percentage rate e-tender is invited for the following work:-

| SL NO | NAME OF THE WORK | ESTIMATED COST | EARNEST MONEY | TIME FOR COMPLETION | CLASS OF BIDDER |
|---|---|---|---|---|---|
| 2 | DNIeT No.107/EE/PWD(DWS)/AMB/2022-23 (2nd Call) | Rs. 970047.00 | Rs. 19401.00 | 365 (three hundred sixty five) days | * |
| 3 | DNIeT No.108/EE/PWD(DWS)/AMB/2022-23 (2nd Call) | Rs. 7200997.00 | Rs. 144020.00 | 180 (One hundred eighty) days | |
| 4 | DNIeT No.10/SE/PWD(DWS)/C/AMB/2022-23 | Rs. 7756020.00 | Rs. 155120.00 | 180 (One hundred eighty) days | |

= Last Date and Time for Document Downloading and Bidding : 27-03-2023 up to 15.00 Hrs
= Date and Time for Opening of BID: 28-03-2023 at 16.00 Hrs.
= Website for Document Downloading and Bidding at Application https://tripuratenders.gov.in
= Tender Fee : ~ 4000.00 (for SI No 02 & 03) & 1000.00 (for SI No 01), (non : refundable).
Depositing of Tender Fee & EMD to be done by online payment mode as specified in DNIeT through https://tripuratenders.gov.in for any query M-9436355955 03826267230
All details are availble in the https ://tripuratenders.gov.in / www.eprocure.gov.in / epublishing

Executive Engineer
ICA/C-4339/23 DWS Division, Ambassa,
Dhalai District, Tripura

# নারীদিবস উপলক্ষে 'মানিকতলা দলছুট' একগুচ্ছ অন্য রকম নাটক

কলকাতা, ৭ মার্চ ( হি.স.) : নারীদিবস উপলক্ষে 'মানিকতলা দলছুট' একগুচ্ছ অন্য রকম নাটক করবে। বুধবার তারা আয়োজন করছে প্রথম পর্যায়ের উৎসব।

নাট্যদলের অধিকর্তা, অভিনেতা ও নির্দেশক মিঠু দে-এর। অনেকরকম প্রতিকূলতা পেরিয়ে তিনি দলটিকে এগিয়ে নিয়ে চলেছেন। তাঁরই পরিকল্পনা ও ভাবনায় এবছর রাজ্যের ছ''টি জেলায় জাতীয় মহিলা নাট্যোৎসব হবে। যেখানে থাকবে নারী পরিচালিত একগুচ্ছ নাটক। প্রথম পর্যায়ের উৎসব হবে আগামী ৮ মার্চ, নারী দিবসের দিনে। রাসবিহারী মোড়ে মুক্তাঙ্গন রঙ্গালয়ে। এছাড়াও অসম, ত্রিপুরা ও বাংলাদেশের নাট্যদল এখানে অংশ নেবে।

ওদিনের উৎসবে পরিবেশিত হবে বরানগর ভূমিসুত থিয়েটারের নাটকে গান" (পরিচালক সমাদৃতা পাল), গোবরডাঙা নকশা-এর "ড্রামা" (পরিচালক ভূমিসুত দাস), সুতপা থিয়েটারের "ইলাটিং বেলাটিং সইলো (পরিচালক জয়তী বসু), শ্যামবাজার নাট্যচক্র কেন্দ্রের 'দুষ্টু কথা' (পরিচালক মৃত্তিকা বসু), সপ্তক থিয়েটারের "তৃষ্ণা" (পরিচালক শ্রাবন্তী পাল), নবব্যারাকপুর ছন্দনীড়ের "স্মৃতির বিহঙ্গ" (পরিচালক সুতপা সরকার) এবং ডাকঘর থিয়েটারের "রিং" (পরিচালক শ্রেয়া সিং)। আর্থিক সহায়তায় কেন্দ্রীয় সরকারের সংস্কৃতি মন্ত্রক, সঙ্গীত নাটক আকাদেমি ও পূর্বাঞ্চলীয় সংস্কৃতি কেন্দ্র।

'মানিকতলা দলছুট'-এর পথ চলা শুরু ২০১২ সালের সেপ্টেম্বর থেকে। এই দল কলকাতার বস্তি, রাস্তা, বয়স্কদের হোম ও অন্যান্যদের নিয়ে যেমন নাটক করে, তেমনি প্রসেনিয়াম থিয়েটার করে বাংলা রঙ্গমঞ্চে আলাদা জায়গা করে নিয়েছে। গত দশ বছরে দলের প্রযোজিত উল্লেখযোগ্য নাটকের মধ্যে রয়েছে লাস্ট ট্রেন ও কমেডি, কালো বউ, বড়ি বাত ভুল যাও, নাফিসা কি কাহানি, জবানবন্দি, নিষ্পত্তি, ডিফেন্স প্রভৃতি।

'মানিকতলা দলছুট' শুধুমাত্র মঞ্চে নাটক করে না, সামাজিক সচেতনতা বাড়াতে অন্তত পাঁচশো নাটক করেছে। নাটকের পাশাপাশি দলের উদ্যোগে বছরের নানা সময়ে স্কুলভিত্তিক এবং সাধারণ কর্মশালাও হয়। দলের এক অনন্য উদ্যোগ ন্যাশনাল উইমেন থিয়েটার ফেস্টিভ্যাল। যা এককথায় হয়ে উঠবে থিয়েটার অফ দ্য উওমেন, ফর দ্য উওমেন, বাই দ্য উত্তমেন।

# "সহজ কথাটা না বুঝলে পশ্চিমবঙ্গে বিজেপির ভবিষ্যৎ অন্ধকার", মন্তব্য তথাগতর

কলকাতা, ৭ মার্চ ( হি.স.) : "মানুষ বিজেপিকে ভোট দিতে আসবেন মূলতঃ তার মতাদর্শে আকৃষ্ট হয়েই, কোথায় কটা নির্বাচিত কমিটি তা দেখে নয়। এই সহজ কথাটা না বুঝলে পশ্চিমবঙ্গে বিজেপির ভবিষ্যৎ অন্ধকার।"

মঙ্গলবার দুপুরে টুইটারে এই মন্তব্য করেছেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়। তিনি লিখেছেন, "সাগরদীঘিতে তৃণমূলের মুসলিম ভোট কেন কমে গেল তা নিয়ে তাঁরা দুশ্চিন্তায় আছেন, বিশ্লেষণ করছেন। কিন্তু বিজেপির হিন্দু ভোট কেন কমে গেল তা নিয়ে বিজেপির কোনো চিন্তা নেই, একমাত্র চিন্তা নিজেদের অমুক মন্ডলে কেন তমুককে বসানো হল তা নিয়েই। একটা পার্টি যখন এরকম অন্তর্মুখী হয়ে যায় তখন তার অগ্রগতির কোনো আশা থাকে না। এই অন্তর্মুখীনতা আমি উনিশশো-নব্বইয়ের দশক থেকে দেখে আসছি, এটা একটা অভিশাপ।জনসাধারণ কি চাইছেন, সেটা দিতে দলের কি কৌশল নিতে হবে, সেটা নিয়েই প্রথমে ভাবতে হবে, সাংগঠনিক ব্যাপার নিয়ে তার পরে।"

এর জবাবে সীতানাথ মার্দন্য, শুভেন্দু অধিকারী ও সৌমিত্র খানকে যুক্ত করে তথাগতবাবুকে টুইটারে লিখেছেন, "স্যার এই ব্যাপারে আপনার সাথে একমত হতে পারলাম না। ২০২১ সালে সাগরদিঘীতে বিজেপি-র প্রার্থী ছিলেন মাফুজা খাতুন। স্বাভাবিক ভাবেই সংখ্যালঘু ভোট বিজেপি পেয়েছিল। এইবার বিজেপি-র সংখ্যালঘু প্রার্থী না থাকায়, সেই বাড়তি সংখ্যালঘু ভোট বিজেপি পায়নি। হিন্দু ভোট বিজেপি-র একটিও কমেনি।"

# চোট সারাতে অস্ত্রোপচার, চলতি মরশুম শেষ নেইমারের

প্যারিস, ৭ মার্চ (হি.স.) : চোটের কারণেই এই মরশুম শেষ হয়ে গেল ব্রাজিলীয় ফুটবলার নেইমারের। প্যারিস সাঁ জাঁ (পিএসজি) নেইমারকে জানিয়ে দিয়েছে, তাঁর গোড়ালির লিগামেন্টের যা অবস্থা তাতে অস্ত্রোপচার ছাড়া দ্বিতীয় কোনও রাস্তা খোলা নেই। আর অস্ত্রোপচার করলে তিন-চার মাস মাঠের বাইরে থাকতে হবে। ফলে এই মরশুমে আর মাঠে দেখা যাবে না নেইমারের দৌড়।

নেইমারের যে চোট রয়েছে, তা জানা ছিল সবারই। বায়ার্ন মিউনিখের বিরুদ্ধে চ্যাম্পিয়ন্স লিগের ফিরতি সাক্ষাতে যে নামতে পারবেন না ব্রাজিলীয় তারকা, তাও জানা ছিল সবারই। কিন্তু চোট যে এতটা গুরুতর, তা জানা ছিল না। কাতার বিশ্বকাপে পায়ের গোড়ালিতে চোট পেয়েছিলেন নেইমার। ২০ ফেব্রুয়ারি লিল-এর বিরুদ্ধে ম্যাচে ফের গোড়ালিতে চোট পেয়ে মাঠ ছাড়েন তিনি। একাধিক চিকিৎসকের সঙ্গে কথা বলার পরে অস্ত্রোপচার করাই শ্রেয় বলে মনে হয়েছে। সেই কারণেই নেইমারকে এবার তোলা হবে অস্ত্রোপচারের টেবিলে। দোহায় তাঁর অনুশীলন হবে বলে জানা গিয়েছে। কিন্তু মাঠে ফিরতে ফিরতে লেগে যাবে তিন-চার মাস।

# প্রধানমন্ত্রী মোদী, অমিত শাহ, নাড্ডার উপস্থিতিতে মেঘালয়ের এমডিএ-০২ সরকারের মুখ্যমন্ত্রী পদে শপথ কনরাড সহ ১২ জন পরিষদীয় মন্ত্রীর

শিলং, ৭ মার্চ (হি.স.) : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা, উত্তর-পূর্বাঞ্চলে বিজেপির কো-অর্ডিনেটর সম্বিত পাত্র, নেডা-র আহ্বায়ক অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা, সিকিমের মুখ্যমন্ত্রী প্রেমসিং তামাং সহ উত্তরপূর্বীয় কয়েকটি রাজ্যের মুখ্যমন্ত্রী এবং বহুজনের উপস্থিতিতে মেঘালয়ের এমডিএ-০২ সরকারের মুখ্যমন্ত্রী পদে শপথ নিয়েছেন কনরাড কঙ্খল সাংমা। নির্ধারিত সূচি অনুযায়ী আজ মঙ্গলবার সকাল ১১.১৫ মিনিটে কনরাড সাংমাকে পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করিয়েছেন রাজ্যপাল ফাগু চৌহান। কনরাড সাংমা ছাড়াও অন্য ১১ জন বিধায়ককে মন্ত্রী পদে শপথবাক্য পাঠ করিয়েছেন রাজ্যপাল। আজ সকালে দু-দিনের কার্য্যসূচি নিয়ে গুয়াহাটি বিমানবন্দরে অবতরণ করেছিলেন প্রধানমন্ত্রী মোদী। গুয়াহাটি বিমানবন্দরে তাঁকে স্বাগত জানিয়েছেন রাজ্যপাল গুলাবচাঁদ কাটারিয়া, অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা এবং অসমের কয়েকজন মন্ত্রী ও শীর্ষ প্রশাসনিক আধিকারিকবর্গ। গুয়াহাটি থেকে ভারতীয় বায়ুসেনার হেলিকপ্টারে তিনি চলে আসেন মেঘালয়ের রাজধানী শিলং। এখানে তাঁকে স্বাগত জানান রাজ্যপাল ফাগু চৌহান, কনরাড সাংমা এবং অন্য কয়েকজন বরিষ্ঠ নেতা ও পদাধিকারী। এদিকে গতকাল রাতেই গুয়াহাটি পৌঁছে গিয়েছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা এবং উত্তর-পূর্বাঞ্চলে বিজেপির কো-অর্ডিনেটর সম্বিত পাত্র।

এখানে উল্লেখ করা যেতে পারে, এমডিএ-০২ সরকারে শাসক জোটের চেয়ারম্যান করা হয়েছে কনরাড কে সাংমাকে। তাঁকে নিয়ে তাঁর মন্ত্রিসভায় ১২ জন সদস্য নিয়েছেন। মন্ত্রিসভায় আটজন এনপিপি, দুটি ইউডিপি, একটি বিজেপি এবং একটি এইচএসপিডিপি-কে নেওয়া হয়েছে। ১২ মন্ত্রীর মধ্যে মুখ্যমন্ত্রী সহ কেবল চারজন গারোপাহাড় এবং বাকি আট ক্যাবিনেট মন্ত্রীকে খাসিপাহাড় অঞ্চল থেকে নিয়েছেন মুখ্যমন্ত্রী কনরাড। গতকাল মুখ্যমন্ত্রী সাংমা জানিয়েছিলেন, বিধানসভার স্পিকার পদের জন্য ঐকমত্য প্রার্থীর বিষয়ে সিদ্ধান্ত নিতে সমস্ত জোট অংশীদারের সাথে কথা বলবেন তিনি। প্রসঙ্গত, ৬০ বিধায়ক-বিশিষ্ট মেঘালয় বিধানসভা নির্বাচনে ৫৯টি আসনে ভোট হয়েছে। ভোটে বিজয়ীদের সংখ্যা যথাক্রমে ন্যাশনাল পিপলস পার্টি (এনপিপি) ২৬, বিজেপি ২, আঞ্চলিক দল হিল স্টেট পিপলস ডেমোকর্যাটিক পার্টি (এইচএসপিডিপি) ২, নির্দলীয় ২, আঞ্চলিক দল পিপলস ডেমোক্র্যাটিক ফ্রন্ট (পিডিএফ) ২, আঞ্চলিক দল ইউনাইটেড ডেমোক্র্যাটিক পার্টি (ইউডিপি) ১১, ভয়েস অব দ্য পিপল পার্টি (ভিপিপি) ৪, ভারতীয় জাতীয় কংগ্রেস ৫ এবং তৃণমূল কংগ্রেস ৫-। একটি আসন ইউনাইটেড ডেমোক্র্যাটিক পার্টি (ইউডিপি)-র প্রার্থী এইচডিআর লিংডোহের মৃত্যুতে সোহিয়ং বিধানসভা কেন্দ্রের ভোটগ্রহণ স্থগিত করা হয়েছে।

# নদিয়ায় পুলিশের গাড়িতে দুষ্কৃতীদের বোমা, কালীগঞ্জের ওসি-সহ জখম তিন

কৃষ্ণনগর, ৭ মার্চ (হি.স.) : পুরনো একটি বোমাবাজির মামলায় এক অভিযুক্তকে গ্রেফতার করতে গিয়ে হামলার মুখে পড়লেন নদিয়ার কালীগঞ্জ থানার পুলিশ। দুষ্কৃতীদের ছোড়া বোমা এসে পড়ল পুলিশের গাড়িতে। সেই বোমার আঘাতে জখম হয়েছেন কালীগঞ্জ থানার ওসি সৌরভ চক্রবর্তী-সহ তিন পুলিশকর্মী। সোমবার রাতের এই ঘটনাকে ঘিরে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে এলাকায়। ঘটনাস্থলে মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী।

পুলিশ সূত্রে খবর, বেশ কয়েক মাসের পুরনো একটি বোমাবাজির মামলার এক অভিযুক্তকে গ্রেফতার করতে সোমবার রাতে কালীগঞ্জেরই মোলান্দি গ্রামে অভিযান চালায় পুলিশ। রাত ন'টা নাগাদ কালীগঞ্জ থানার ওসি বেশ কিছু পুলিশকর্মী ও সিভিক ভলান্টিয়ারকে সঙ্গে নিয়ে ওই অভিযুক্তকে গ্রেফতারও করেন। অভিযুক্তকে গ্রেফতার করার পর গাড়িতে তোলার সময় তাঁকে পুলিশের হাত থেকে ছাড়িয়ে নিয়ে যাওয়ার চেষ্টা হয়। সেই সময়েই মোলান্দি স্কুলপাড়া এলাকায় পুলিশের গাড়ি লক্ষ্য করে বোমাবাজি শুরু হয়।

জখম পুলিশকর্মীদের উদ্ধার করে প্রথমে নিয়ে যাওয়া হয় শক্তিনগর জেলা হাসপাতালে। অন্য দু'জনের চিকিৎসা সেখানে হলেও ওসি সৌরভকে শক্তিনগর জেলা হাসপাতাল থেকে একটি বেসরকারি নার্সিংহোমে স্থানান্তরিত করা হয়েছে। কড়া নিরাপত্তায় মুড়ে ফেলা হয়েছে জেলা হাসপাতাল এবং ওই নার্সিংহোমটিকে। গভীর রাতে কৃষ্ণনগর জেলা পুলিশের অতিরিক্ত সুপার (গ্রামীণ) কৃশানু রায় বলেন, "ওসি আঘাত পেয়েছেন। এই মুহূর্তে এলাকা জুড়ে অভিযান চালানো হচ্ছে। গোটা ঘটনার তদন্ত শুরু করা হয়েছে।"

# আসানসোল থেকে কলকাতা স্বাস্থ্যপরীক্ষার পর ইডির বিমানে দিল্লি যাচ্ছেন অনুব্রত

কলকাতা, ৭ মার্চ (হি.স.) : দিল্লিযাত্রা কোনও ভাবে এড়াতে পারলেন না বীরভূমের দোর্দণ্ডপ্রতাপ নেতা অনুব্রত মন্ডল। মঙ্গলবার সকাল সকাল আসানসোল বিশেষ সংশোধনাগার থেকে অনুব্রতকে নিয়ে কলকাতার উদ্দেশ্যে রওনা দিল আসানসোল-দুর্গাপুর পুলিশের বিশেষ দল। কলকাতার জোকা ইএসআই হাসপাতালে তাঁর স্বাস্থ্য পরীক্ষা হবে। তারপর গরুপাচার মামলায় অভিযুক্ত নেতাকে ইডির হাতে তুলে দেওয়া হবে। জানা গিয়েছে, অনুব্রত মণ্ডলের কনভয়ে ছিল দু''টি পুলিশের দুটি এসকর্ট ভ্যান। একজন ইনসপেক্টর, এক সাব ইনসপেক্টর সহ ১২ জন পুলিশের একটি দল অনুব্রত মণ্ডলকে নিয়ে রওনা দিয়েছে আসানসোল সংশোধনাগার থেকে কলকাতার উদ্দেশে।

আজ সকালে কড়া নিরাপত্তায় আসানসোল সংশোধনাগার থেকে বের করা হয় দাপুটে তৃণমূল নেতাকে। বটল গ্রিন রঙের নতুন পাঞ্জাবি পরে অনুব্রত মণ্ডল রওনা দিলেন কলকাতা হয়ে দিল্লির পথে। এদিন সংশোধনাগার থেকে বেরনোর সময় তার চোখমুখে উদ্বেগের ছাপ স্পষ্ট বলেই মনে হয়েছে। সাংবাদিকদের কিছু একটা বলতে গিয়েও থমকে গেলেন তিনি।

সূত্রে জানা গিয়েছে, ইডি তাঁকে বিশেষ বিমানে দিল্লি নিয়ে যাবে। সেখানে পৌঁছে অনুব্রত মণ্ডলের আরও একবার স্বাস্থ্য পরীক্ষা হবে। এরপর সময় থাকলে আজই কোর্টে অথবা ম্যাজিস্ট্রেটের বাড়িতে তোলা হতে পারে গরুপাচার মামলার অন্যতম মূল অভিযুক্তকে। দেরি হলে বুধবার অনুব্রত মণ্ডলকে আদালতে কিংবা ম্যাজিস্ট্রেটের বাড়িতে তোলা হবে। তবে জানা গিয়েছে, বুধবার রাউস এভিনিউ কোর্ট বন্ধ থাকছে। সে ক্ষেত্রে বিশেষ আদালত কিংবা ম্যাজিস্ট্রেটের বাড়িতে অনুব্রত মণ্ডলকে হাজির করে তাঁকে হেফাজতে নেবে ইডি।

# হালকা যানবাহনের জন্য দুদিক চালু হল জম্মু-শ্রীনগর জাতীয় সড়ক

জম্মু, ৭ মার্চ (হি.স.) : মঙ্গলবার জম্মু-শ্রীনগর জাতীয় সড়ক উভয় দিকে হালকা যানবাহনের জন্য খুলে দেওয়া হয়েছে। ভারী যানবাহনকে একমুখী চলাচলের অনুমতি দেওয়া হয়েছে। সবশেষে জম্মু থেকে শ্রীনগরের উদ্দেশ্যে রওনা হবে নিরাপত্তা বাহিনীর গাড়ি।

রাজৌরি এবং পুঞ্চ জেলাকে দক্ষিণ কাশ্মীরের শোপিয়ানের সাথে সংযোগকারী মুঘল রোড এবং এসএসজি রোড তুষারপাত এবং পিচ্ছিল অবস্থার কারণে বন্ধ ছিল। মুঘল রোড থেকে বরফ সরানো হচ্ছে।

# আজ ভোপালে জনঔষধি দিবসের অনুষ্ঠানে ভার্চুয়াল ভাষণ প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ৭ মার্চ (হি.স.) : আজ মঙ্গলবার দিল্লির এইমসের অডিটোরিয়ামে সমগ্র ৫জি জন ঔষধি দিবসে আয়োজিত অনুষ্ঠানে ভার্চুয়াল যোগ দেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভারতীয় জন ঔষধি কেন্দ্রের সঙ্গে সরাসরি যোগাযোগ করবেন।

জানা গিয়েছে, রাজ্যপাল মাঙ্গুভাই প্যাটেল, মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান, জনস্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী প্রভুরাম চৌধুরী, চিকিৎসা শিক্ষা মন্ত্রী বিশ্ব সারং, সাংসদ, বিধায়ক এবং জেলার জনপ্রতিনিধি এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা এই কর্মসূচিতে অংশ নেবেন।

# উত্তরপ্রদেশের সীতাপুরে কারখানার শাটারিং ভেঙে এক শ্রমিকের মৃত্যু, জখম ৮

সীতাপুর (উত্তরপ্রদেশ), ৭ মার্চ (হি.স.) : উত্তরপ্রদেশের সীতাপুরে নির্মীয়মাণ কারখানায় দুর্ঘটনা। উত্তরপ্রদেশের বড় ভরি গ্রামের ঘটনা। ঘটনায় মৃত্যু হয়েছে ১ জনের, আহত হয়েছেন ৮ জন। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, বড় ভরি গ্রামে একটি কারখানায় নির্মাণকাজ চলছিল। সেখানেই গত কয়েকদিন থেকে চলছিল ছাদ ঢালাই। আচমকাই নির্মীয়মাণ কারখানার শাটারিং ধসে পড়ে। তার নীচে চাপা পড়েন বেশ কয়েকজন শ্রমিক। ঘটনাস্থলেই একজন শ্রমিকের মৃত্যু হয়েছে। আটজন আহত হয়েছেন। তাঁদের চিকিৎসার জন্য স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতদের অবস্থা স্থিতিশীল। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছেছে সীতাপুর থানার পুলিশ। তদন্ত চলছে।

# আজ দোল, রাজ্যজুড়ে রঙের উৎসবে মেতে উঠেছেন সকলে

কলকাতা, ৭ মার্চ (হি.স.) : আজ মঙ্গলবার দোলযাত্রা। রাজ্যজুড়ে পালিত হচ্ছে দোল উৎসব। ছোট বড় নির্বিশেষে দোল উৎসবে মেতে উঠেছেন। তবে দোলের দুদিন আগেই স্কুল, কলেজ সহ বিভিন্ন এলাকায় রঙের উৎসবের মহড়া শুরু হয়ে গিয়েছে। রাজ্যের বিভিন্ন এলাকায় বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে বসন্ত উৎসব পালিত হচ্ছে।

এদিন সকাল থেকেই বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে বেলুড়মঠে শুরু হয়েছে দোল উৎসব। বিভিন্ন মানুষের উপস্থিতিতে চলছে রঙের খেলা। পাশাপাশি বিদেশি ভক্তদের আগমনে দোল উৎসব মেতে উঠেছে বেলুড় মঠ। শুধুমাত্র বেলুড় মঠ নয়, রাজুর বিভিন্ন এলাকায় সকাল থেকেই শোভাযাত্রার মাধ্যমে দোল উৎসব চলছে। বিভিন্ন রংয়ের আবির খেলায় মেতেছেন খুদেরাও।

# কলকাতা আসার পথে শক্তিগড়ে প্রাতরাশ অনুব্রতর, মেনুতে ডালপুরি-ল্যাংচা

কলকাতা, ৭ মার্চ (হি.স.) : সোমবার আদালতের নির্দেশ মতোই রাতেই তোড়জোড় সম্পূর্ণ। মঙ্গলবার ভোরে প্রায় মাস ছয়েকের ঠিকানা আসানসোল সংশোধনাগার ছেড়ে কলকাতার পথে যাত্রা অনুব্রত মণ্ডলের। জেলে নয় এদিন শক্তিগড়ে প্রাতরাশ করলেন অনুব্রত।

কলকাতা আসার পথে আসানসোল কমিশনারেটের বিশাল কনভয় থামল শক্তিগড়ে। সেখানেই প্রাতরাশের ব্যবস্থা ছিল গোরু পাচার মামলায় অভিযুক্ত অনুব্রত মণ্ডলের। সূত্রের খবর, শক্তিগড়ে গাড়ি থামানোর কোনও পূর্ব পরিকল্পনা ছিল না, তবে অনুব্রত খিদে পেয়েছে বলে পুলিশ আধিকারিকদের জানানোয় গাড়ি থামানো হয় শক্তিগড়ের বিখ্যাত দোকানে।

এদিন অনুব্রতর মেনুতে ছিল ৪টে ডালপুরি, সঙ্গে এক বাটি আলুর তরকারি। ১টা ২০টাকা দামের রসগোল্লা ও ১টি ১৫ টাকা দামি ল্যাংচা। কিন্তু সূত্রের খবর, সুগার থাকায় মিষ্টিগুলি খাননি তিনি। তৃপ্তিভরে খান তিনি। টিফিন করার পর ফের কলকাতার উদ্দেশ্যে রওনা দেয় কনভয়। দিল্লির পথে রওনা দেওয়ার আগে কলকাতায় স্বাস্থ্য পরীক্ষা হবে অনুব্রতের। তারপরই তাঁকে ইডি-এর হাতে তুলে দেবেন আসানসোল কমিশনারেটের আধিকারিকরা। আসানসোল সংশোধনাগার থেকে কলকাতার পথে তৃণমূলের এই দাপুটে নেতার সুরক্ষার দায়িত্বে রয়েছেন একজন ইনসপেক্টর, এক সাব ইনসপেক্টর সহ ১২ জন পুলিশের একটি দল।

# ২৭ জানুয়ারি পর্যন্ত মায়ানমার ও বাংলাদেশ থেকে প্রায় ৩১,৫০০ শরণার্থী মিজোরামের বিভিন্ন স্থানে আশ্রিত

আইজল, ৭ মার্চ (হি.স.) : বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম থেকে ৫৬৬-এর বেশি শরণার্থী মিজোরামে প্রবেশ করেছেন। তাঁদের যাবতীয় সহায়তা করছে ইয়ং মিজো অ্যাসোসিয়েশন নামের বেসরকারি এক সংগঠন।

সূত্রের খবর, বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম থেকে ৫৬৬ জনের বেশি শরণার্থী রাজ্যের লংতাই জেলায় প্রবেশ করেছেন। তাঁরা বাংলাদেশ-মায়ানমার সীমান্ত পেরিয়ে মিজোরামে প্রবেশ করলে ইয়ং মিজো অ্যাসোসিয়েশন নামের বেসরকারি এক সংগঠন যাবতীয় সহায়তা করছে। অস্থায়ী তাবু তৈরি, পানীয় জল, খাদ্য সামগ্রী সরবরাহ করছেন সংগঠনের কর্মকর্তারা। সূত্রটি আরও জানিয়েছে, নতুন শরণার্থীরা ভারত-বাংলাদেশ-মায়ানমার ট্রাই-জংশন সংলগ্ন পারভা পার্ট-থ্রি গ্রামে এসে আশ্রয় নিয়েছেন। ইয়ং মিজো অ্যাসোসিয়েশনের কর্মকর্তাদের বক্তব্য, উভয় দেশের শরণার্থীরা জাতিগত মিজো। তাঁরা মিজো জনগণের সাথে একই সংস্কৃতি এবং বংশধর।

এদিকে রাজ্য সরকারের জনৈক শীর্ষ আধিকারিক জানান, ইতোমধ্যে ২৭ জানুয়ারি পর্যন্ত মায়ানমার ও বাংলাদেশ থেকে প্রায় ৩১ হাজার ৫০০ শরণার্থী মিজোরামের বিভিন্ন স্থানে আশ্রয় নিয়েছেন। তাঁদের মধ্যে বাংলাদেশ থেকে এসেছেন ৫৪১ জন। তিনি জানিয়েছেন, লংতাই জেলার আটটি গ্রামে ১৬০টি অস্থায়ী ক্যাম্পে বাংলাদেশি নাগরিকদের রাখা হয়েছে। প্রাসঙ্গিক এক জিজ্ঞাসার উত্তর দিতে গিয়ে সরকারি আধিকারিক জানান, মায়ানমারের নাগরিকরা বেশিরভাগই চিন থেকে ২০২১ সালের ফেব্রুয়ারিতে মিজোরামে পালিয়ে এসেছিলেন। প্রতিবেশী দেশে সামরিক অভ্যুত্থান এবং জাতিগত সংঘর্ষের পর প্রথমে তাঁরা বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম এবং পরে মিজোরামে আসা শুরু করেছেন।

## উৎসব পালিত

● প্রথম পাতার পর

সবাই নিরাপদে উৎসবে মাতবে এটাই কাঙ্খিত। সবাইকে মিলে লক্ষ্য রাখতে হবে, নিজের আনন্দ যেন অন্য কারও অশান্তির কারণ না হয়। সবাই মিলে এইগুলো লক্ষ্য রাখতে পারলেই দোল সবচেয়ে রঙিন হয়ে ধরা দেবে। মঙ্গলবার দোল পূর্ণিমা। এদিন বিভিন্ন মন্দির গুলিতে সকালে হয় দোল পুজা। অন্যান্য বছরের ন্যায় এই বছরও আগরতলার ইস্কন মন্দির, শ্রীকৃষ্ণ মন্দির, উমামহেশ্বর মন্দির সহ অন্যান্য মন্দির গুলিতে একই চিত্র ধরা পড়ে। হিন্দু ধর্মের অনুসারীদের পবিত্র দিন হচ্ছে দোল পূর্ণিমা। ভগবান শ্রী কৃষ্ণ এই দোল উৎসব পালন করেছিলেন। দশ অবতারের মধ্যে অন্যতম অবতার ছিলেন শ্রী কৃষ্ণ। বিভিন্ন সময়ে বিভিন্ন রুপে তিনি আবির্ভূত হয়েছেন।

দশম অবতারের আবির্ভাব হওয়ার সময় এখনো আসেনি। অশুভ শক্তির বিনাসের মাধ্যমে শুভ শক্তির আবির্ভাবের দিন দোল উৎসব। রাজ্যের মধ্যে শান্তি সম্প্রীতি বজায় থাকুক তাঁর উৎসবের দিনে এই কামনা করেন উমামহেশ্বর মন্দিরের পুরোহিত। জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সকল অংশের মানুষ এই উৎসবে মেতে ওঠেন বলে জানান এক মহিলা। দোল পূজার মাধ্যমে ধর্মীয় আচার শেষে আবির খেলায় সকলে মেতে উঠবেন বলেও জানান তিনি। সৎ সঙ্গ লাভের মাধ্যমে আনন্দে মেতে থাকার দিন হোলি। তাই সকলে আনন্দে মেতে উঠবেন বলে আশা ব্যক্ত করেন তিনি।

## চালক গ্রেপ্তার

● প্রথম পাতার পর

মৃত কমল দেবনাথের পরিবারের এক সদস্য জানান ওনারা খবর পেয়েছেন কমল দেবনাথের বাইককে একটি গাড়ি ধাক্কা মেরে পালিয়ে গেছে। তবে কি গাড়ি কমল দেবনাথের বাইককে ধাক্কা মেরেছে তা ওনারা জানতে পারেননি। অপরদিকে খয়েরপুর ফাঁড়ি থানার ওসি জানান দুর্ঘটনাস্থলে উপস্থিত লোকজন জানিয়েছে একটি গাড়ি কমল দেবনাথের বাইককে ধাক্কা মেরে পালিয়ে গেছে। পুলিশ পরে ওই গাড়ির চালককে গ্রেপ্তার করেছে।

## জেনেরিক

● প্রথম পাতার পর

কর্মসূচির মাধ্যমে এক সপ্তাহব্যাপী এই দিবসটি উদযাপন করা হবে। তিনি বলেন, ত্রিপুরায় স্বাস্থ্য ক্ষেত্রের উন্নয়ন সরকারের অগ্রাধিকারের ক্ষেত্র। স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে সরকার বিশেষভাবে গুরুত্ব দিয়েছে। আর্থিকভাবে দুর্বল পিছিয়েপড়া মানুষের কাছে উন্নত স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌছে দিতে সরকার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

## বসত ঘর

● প্রথম পাতার পর

ব্যাবস্থা করেন সেই আবেদন জানান উপস্থিত নেতৃত্বরা। ঘটনার খবর পেয়ে মঙ্গলবার সকালে ঘটনাস্থল পরিদর্শন করেন মহকুমা শাসক রতন ভৌমিক। সবকিছু খতিয়ে দেখে তিনি ক্ষতিগ্রস্তদের আর্থিক সাহায্য এবং ঘটনার প্রকৃত তদন্ত করে রহস্য উদঘাটনের আশ্বাস দেন মহকুমা শাসক।

## আজ শপথ

● প্রথম পাতার পর

নতুন সরকারের শপথ গ্রহণের একদিন পূর্বেই ত্রিপুরায় এসেছেন। বিজেপি প্রদেশ সভাপতি জানিয়েছেন, তাঁরা ত্রিপুরায় মন্ত্রিসভার সদস্য বাছাই নিয়ে চূড়ান্ত ফয়সালা করবেন। তবে, সংবাদ লেখা পর্যন্ত বিজেপির তরফে মন্ত্রিসভায় কাঁদের ঠাই দেওয়া হচ্ছে, সেই তালিকা প্রকাশ করা হয়নি।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল :** জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## দলীয় সিদ্ধান্তই পাথেয় ঃ রামপ্রসাদ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।। দলীয় সিদ্ধান্তই চূড়ান্ত। বিজেপি-র একজন বিধায়ক হিসাবে কাজ করে যেতে চান। দল যে সময় যে দায়িত্ব তা সঠিক ভাবে বাস্তবায়ন ঘটানোই হবে মূল লক্ষ্য। মঙ্গলবার দিল্লী থেকে রাজ্যে ফেরেন নব নির্বাচিত বিধায়ক রাম প্রসাদ পাল। এম বি বি বিমানবন্দরে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে এই কথা জানান তিনি। আরো বলেন সময় মত দল সিদ্ধান্ত নেবে মন্ত্রীত্ব কাদের দেওয়া হবে।

## মেধা অন্বেষার উদ্যোগে লাস্ট মোমেন্ট সাজেশন বিতরণ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।। বিধান শিশু উদ্যান মেধা অন্বেষার উদ্যোগে গন্ডাছড়া প্রেসক্লাবের সহযোগিতায় গন্ডাছড়া মহকুমা এলাকার উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের মধ্যে লাস্ট মোমেন্ট প্রিপারেশন বই বিতরণ অব্যাহত। সোমবার গন্ডাছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের পর মঙ্গলবার সরমা কবিগুরু রবীন্দ্রনাথ স্মৃতি বিদ্যাভবন দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের উচ্চমাধ্যমিক দুস্থ ছাত্র-ছাত্রীদের মধ্যে লাস্ট মোমেন্ট প্রিপারেশন বাংলা এবং ইংরেজি বিষয়ক সাজেশন বই বিতরণ করা হয়। এই উপলক্ষে কবিগুরু স্কুলে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক নিরঞ্জন কলই, বিদ্যালয়ের এসএমসি চেয়ারম্যান অতীশ চন্দ্র দাস, টিচার কাউন্সিলের সেক্রেটারি রতন পাল, শিক্ষক ইন্দ্রজিৎ দেবনাথ প্রমুখ। সাজেশন বই বিতরণ শেষে টিচার কাউন্সিলের সেক্রেটারি রতন পাল সাংবাদিকদের জানান বিগত ১৯ বছর যাবত বিধান শিশু উদ্যান মেধা অন্বেষার উদ্যোগে গোটা রাজ্যে উচ্চ মাধ্যমিক দুস্থ ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে বাংলা এবং ইংরেজি বিষয়ক সাজেশন বই বিতরণ করা হচ্ছে। এতে করে ছাত্রছাত্রীরা দারুনভাবে উপকৃত হচ্ছেন। তিনি জানান সাজেশন বই পেয়ে স্কুলের ছাত্র-ছাত্রী এবং শিক্ষক শিক্ষিকারাও দারুন খুশি।

## মশার উপদ্রব থেকে রেহাই দিতে পুর এলাকার ড্রেইনে ছাড়া হল গাব্বুচিয়া মাছ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।। গরম পড়তেই আগরতলা শহর জুড়ে বেড়েছে মশায় উপদ্রব। মশার উপদ্রব থেকে পরিত্রাণ দিতে পুর নিগম ধারাবাহিক ভাবে প্রচেষ্টা জারি রেখেছে। এরই মধ্যে মঙ্গলবার মশার লার্ভা ভক্ষনকারী বিশেষ প্রজাতীর গাব্বুচিয়া মাছ আগরতলা পুর নিগমের ড্রেন গুলিতে ছাড়ার পক্রিয়া শুরু হয়েছে। পশ্চিম জেলা স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় ও আগরতলা পুর নিগমের যৌথ উদ্যোগে প্রথম দফায় ৩ হাজার পোনা ছাড়া হয়। আগামী দিনে আগরতলা শহরের অন্যান্য ড্রেইন গুলিতে এই বিশেষ প্রজাতীর মাছের পোনা ছাড়া হবে বলে জানান মেয়র দীপক মজুমদার। মশার উপদ্রব থেকে নিগমবাসীকে পরিত্রাণ দিতে পুর নিগম কাজ করে চলেছে। স্বাস্থ্য দপ্তরের সহায়তায় এই উদ্যোগ অব্যাহত রাখা হবে। যাতে করে মশার বংশ বিস্তার না ঘটতে পারে। পুর নিগম শহরকে স্বচ্ছ রাখতে কাজ করে যাচ্ছে। তবে একাংশ শহরবাসী বাড়ি ঘড়ের আবর্জনা এখনো ড্রেইনে নিক্ষেপ করছে। যাতে করে ড্রেইন গুলিতে জল জমে গিয়ে মশার উপদ্রব বৃদ্ধি পাচ্ছে। তাদের উদ্দেশ্যে মেয়র আহ্বান জানান এই ধরনের কর্মকান্ড থেকে বিরত থাকার জন্য। এদিন কালাপানিয়া খালে এই বিশেষ প্রজাতীর মাছের পোণা ছাড়া হয়।

## বকুনির জেরে বিষ পান, মৃত উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী

পূর্ব বর্ধমান, ৭ মার্চ (হি.স.) : সামনেই উচ্চ মাধ্যমিক পরীক্ষা। তার আগেই এক পরীক্ষার্থীর অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য ছড়িয়ে পড়ল পূর্ব বর্ধমানে। ভাতারের বড়বেলুন গ্রামের বাসিন্দা ওই ছাত্রীর নাম সোনালি কোড়া, বয়স ১৮। মঙ্গলবার দুপুরে চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করেন।জানা গিয়েছে, বাড়িতে পড়াশোনা নিয়েই তাঁকে বকাবকি করা হয়। তবে কিশোরী যে এমন চরম সিদ্ধান্ত নিয়ে নেবে, তা বুঝে উঠতে পারেননি পরিবারের সদস্যরাও। সোমবার তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।ভাতারের বড়বেলুন গ্রামের বাসিন্দা সোনালি কোড়া।

## পালিত

● আটের পাতার পর

পালন ও আলোচনা সভা। দিনটির তাৎপর্য সম্পর্কে জানাতে গিয়ে বাংলাদেশ সহকারী হাইকমিশনার আরিফ মহম্মদ জানান ১৯৭১ সালের ৭ মার্চ শেখ মুজিবর রহমান ঢাকার রেস কোর্স ময়দানে ঐতিহাসিক ভাষণের মাধ্যমে স্বাধীনতার ডাক দেন। এই ভাষণের পর থেকেই বাঙালী স্বাধীনতা আন্দোলনে পুরোদমে ঝাঁপিয়ে পড়ে। নতুন জাতি স্বত্বা গঠনের আশায় বাঙালি জাতি অনুপ্রানিত হয়। নবীন প্রজন্মের কাছে তাঁর এই ঐতিহাসিক ভাষণ পৌঁছে দিয়ে উদ্বুদ্ধ করার জন্যই দিনটি প্রতিবছর পালন করা হয় বলে জানান তিনি। ছিলেন আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য সহ অন্যান্যরা।

## এক

● আটের পাতার পর

কাজ দেওয়া যাবে না বলে সাফ জানিয়ে দেন। এরপর আখাদুর রহমান চন্ডিপুর ব্লকে একটি লিখিত আকারে অভিযোগ দেন যে স্থায়ী বাসিন্দা হয়েও কেন এই কাজ পাবেন না বলে। শুরু হয় হুমকি-ধমকি। জানা যায় মঙ্গলবার উভয় পক্ষের মধ্যে বাকবিতণ্ডা শুরু হয়। এরপর তা হাতাহাতিতে রূপান্তরিত হয়। অভিযোগ আখাদুর রহমানকে তার আপন দুই ভাই দা লাটি দিয়ে বেধড়ক মারপিট করে। আখাদুর রহমানকে বাঁচাতে তার মা এলে তিনিও রক্ষা পাননি। পরবর্তী সময় আখাদুর রহমানকে চিকিৎসার জন্য কৈলাশহর ঊনকোটি জেলা হাসপাতালে নিয়ে আসা হয়। বর্তমানে কৈলাশহর ঊনকোটি জেলা হাসপাতালে চিকিৎসাধীন আখাদুর রহমান। ঘটনার তদন্তে কৈলাশহর থানার পুলিশ। এই ঘটনাকে কেন্দ্র করে সংশ্লিষ্ট এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়ে পড়ে।

## আহত মহিলা

● প্রথম পাতার পর

বিভাগে ভর্তি রাখেন। গোমতী জেলা হাসপাতালের চিকিৎসক অজয় দাস জানান সংজ্ঞাহীন অবস্থায় পারুল বালা দাসকে হাসপাতালে নিয়ে আসা হয়েছিল। হাসপাতালে নিয়ে আসার পর জ্ঞান ফিরে আসে পারুল বালা দাসের। বর্তমানে তিনি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

## স্কুলছাত্রকে

● প্রথম পাতার পর

থানায় মামলা দায়ের করা হয়েছে।

খবর পেয়ে কমলপুর থানার পুলিশ বিমল সিংহ মেমোরিয়াল হাসপাতালে ছুটে যায়। এই ঘটনার সংবাদ ছড়িয়ে পড়তেই এলাকায় তীব্র আতঙ্কের সৃষ্টি হয়। ঘটনার সুষ্ঠু তদন্তক্রমে অভিযুক্তদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।

## প্রদ্যোত

● প্রথম পাতার পর

দিয়ে বৈঠকে গিয়েছিলেন তিনি। কিন্তু আলোচনায় বসে রাজনৈতিক সমস্যার সামাধান না ঘটিয়ে জাতির সমস্যার সমাধান ঘটাতে হবে বলে জানান মথা সুপ্রীমো। ৩৩ শতাংশ জনজাতিদের ব্রাত্য রেখে কেউ ত্রিপুরায় ক্ষমতা চালাতে চাইলে আগামী দিনে তাদের সমস্যায় পড়তে হবে। মন্ত্রিত্ব ও সরকারের সুবিধা করে দিতে কোন জোট হবে না বলে জানান স্পষ্ট জানান তিনি।





রাজ্যের বিভিন্ন জায়গায় উৎসাহ উদ্দীপনায় দোল ও হোলি উৎসব পালিত। ছবি নিজস্ব।

## হিংসাত্মক কার্যকলাপ বন্ধ করার দাবি হিউম্যান রাইটস অর্গানাইজেশনের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।।** এভাবে নির্বাচনোত্তর সন্ত্রাস অব্যাহত থাকলে ভবিষ্যতে কোন নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করবেন না নাগরিকরা। অবাধ সুষ্ঠু নির্বাচন সম্পন্ন করার প্রতিশ্রুতি দিয়ে এবার ভোট গ্রহণ পর্ব অনুষ্ঠিত হয়। কিন্তু ভোটগ্রহণের পর থেকেই বিরোধী দলের কর্মী-সমর্থক ও ভোটারদের হুমকি বাড়ি করে মামলা সম্পদ বিনষ্ট করা সহ নানা হিংসাত্মক কার্যকলাপ অব্যাহত রয়েছে। এ ধরনের হিংসাত্ব কার্যকলাপ কোনভাবেই কাম্য নয়। অবিলম্বে হিংসাত্মক কার্যকলাপ বন্ধ করার দাবি জানিয়েছে ত্রিপুরা হিউমেন রাইটস অর্গানাইজেসন। নির্বাচন পরবর্তী হিংসা এবং সন্ত্রাসের পরিপ্রেক্ষিতে মঙ্গলবার ত্রিপুরা হিউম্যান রাইটস অর্গানাইজেশনের উদ্যোগে আগরতলা প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। রাজ্য সরকারের কাছে আহ্বান জানান অবিলম্বে হিংসার ঘটনা বন্ধ করার জন্য। নির্বাচন পরবর্তী হিংসা এবং সন্ত্রাসের পরিপ্রেক্ষিতে মঙ্গলবার ত্রিপুরা হিউম্যান রাইটস অর্গানাইজেশনের উদ্যোগে আগরতলা প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। ত্রিপুরা হিউম্যান রাইটস অর্গানাইজেশনের সম্পাদক তথা বরিষ্ঠ আইনজীবী পুরুষোত্তম রায় বর্মণ বলেন নির্বাচনের পর থেকে রাজ্য জুড়ে হিংসার ঘটনা ঘটছে। ফলাফল ঘোষণার পর স্পষ্ট হয়েছে বিজেপি-আই পি এফ টি জোট ক্ষমতায় এসেছেন। ৪০ শতাংশ ভোট পেয়ে তারা ক্ষমতায় এসেছেন। তবে এই পরাজয় সকলকে মেনে নিতেই হবে। এই ক্ষেত্রে সকলে আশা করেছিল নির্বাচন কমিশন যে ভাবে ফলাফল পরবর্তী সময়ে শান্তি বজায় রাখার বার্তা দিয়েছেন তা সঠিক ভাবে কার্যকর হবে। এই বার কোন অশান্তির ঘটনা ঘটবে না বলে সকলেরই আশা ছিল। কিন্তু এটা শেষ পর্যন্ত হয়নি। ২ মার্চ থেকে এখনো পর্যন্ত ১ হাজারের মত এই হিংসার ঘটনা ঘটেছে। পরীক্ষা চলাকালীন সময়ে এই ঘটনা অত্যন্ত উদ্বেগ জনক। তাই রাজ্য সরকারের কাছে আহ্বান জানান অবিলম্বে হিংসার ঘটনা বন্ধ করার জন্য। ভোট দেওয়া কোন অপরাধ নয়। তবে কেন তাদের উপর আক্রমণ হানিয়ে আনা হবে এই নিয়ে প্রশ্ন তোলেন তিনি। এই অবস্থায় আগামী দিনে আর ভোট দিতে যাবে না বলে আশঙ্কা ব্যক্ত করেন ত্রিপুরা হিউম্যান রাইটস অর্গানাইজেশনের সম্পাদক তথা বরিষ্ঠ আইনজীবী পুরুষোত্তম রায় বর্মণ। বুধবার নতুন মন্ত্রীসভা শপথ নেবেন। তাই তাদের উদ্দেশ্যে সংযত হয়ে বিজয় উৎসব কারার আহ্বান জানান তিনি।

## তৃণমূলের ওপর ক্ষোভ কমার লক্ষণ নেই ফুরফুরা শরিফের

হুগলি, ৭ মার্চ (হি.স.) : ফুরফুরা শরিফের সঙ্গে সম্পর্ক উন্নয়নে তৎপর তৃণমূল। সেভাবে আগ্রহী নয় ফুরফুরা শরিফ। আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকীকে দীর্ঘদিন ধরে গ্রেফতার করে রাখার পর অবশেষে জামিন মিলেছে। কিন্তু এতদিন তাঁকে আটকে রাখায় বেজায় বিরক্ত ফুরফুরা শরিফের পীরজাদা আব্বাস সিদ্দিকী।

নওশাদ সিদ্দিকী যখন গ্রেফতার হয়েছিলেন, তখন রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম, তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষরা কড়া ভাষায় আক্রমণ শানিয়েছিলেন নওশাদকে। আইএসএফ বিজেপির হয়ে ভোট কাটুয়ার কাজ করছে বলেও কটাক্ষ করেছিল তৃণমূল। এমনকী আইএসএফকে বিজেপির বি টিম বলে খোঁচাও দেওয়া হয়েছিল।

যদিও পরবর্তী সময়ে নওশাদের জামিনের পর তৃণমূল বিধায়ক তথা রাজ্যের মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী বলেছিলেন, নওশাদের মুক্তিতে তিনি খুশি। সম্প্রতি নওশাদ সিদ্দিকীর সঙ্গে দেখাও করতে গিয়েছিলেন তিনি। যদিও আইএসএফ বিধায়কের সঙ্গে তাঁর সাক্ষাৎ হয়নি।এদিকে সোমবার থেকে ফুরফুরা শরিফে শুরু হয়েছে তিনদিনের ধর্মীয় অনুষ্ঠান, যা চলবে বুধবার পর্যন্ত। সেই ধর্মীয় অনুষ্ঠান চলাকালীন নওশাদের সঙ্গে শাসক দলের বেশ কয়েকজন নেতা দেখা করতে আসতে পারেন বলে গুঞ্জন ছড়িয়েছে।সেই প্রসঙ্গে প্রশ্নের উত্তরে আব্বাস সিদ্দিকী বলেন, 'নওশাদ সিদ্দিকীর সঙ্গে যে দুর্ব্যবহার করা হয়েছে, এতে লক্ষ লক্ষ মানুষ ক্ষিপ্ত। কেউ এলে তাঁদের সঙ্গে কোনও মানুষ দুর্ব্যবহার করলে বাংলার মাটিতে ফুরফুরা শরিফের দুর্নাম ছড়িয়ে যাবে। লাখো ভিড়ের মাঝে কেউ যদি ক্ষোভ সামলাতে না পারে বা তাঁদেরই সাজানো লোক বিশৃঙ্খলা সৃষ্টি করে ফুরফুরা শরিফের বদনাম করতে চেষ্টা করবে।'

## নতুন মন্ত্রিসভার শপথ গ্রহণ অনুষ্ঠান বয়কট করছে বামফ্রন্ট

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।।রাজনৈতিক সন্ত্রাসের কারণে নতুন মন্ত্রিসভার শপথ গ্রহণ অনুষ্ঠান বয়কট করছে বামফ্রন্ট। দলের পক্ষে এক বিবৃতিতে বলা হয়েছে, ত্রিপুরার নতুন মন্ত্রীসভা গঠনের জন্য ৮ই মার্চ শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সরকারের মুখ্যসচিব মহোদয় ত্রিপুরার পূর্বতন মুখ্যমন্ত্রী মানিক সরকার সহ বামপন্থী দল সমূহের সম্পাদকদের এই অনুষ্ঠানে উপস্থিত থাকবার জন্য আমন্ত্রণ পত্রের মাধ্যমে অনুরোধ জানিয়েছেন। এই আমন্ত্রণ জানানোর জন্য মুখ্যসচিবকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু ভোটের ফল ঘোষণার দিন থেকে সারা ত্রিপুরার বুকে শাসক দলের দুর্বৃত্তদের মাধ্যমে যে পরিকল্পিত অভাবনীয় রাজনৈতিক সন্ত্রাস চালানো হচ্ছে তার প্রতিবাদে অত্যন্ত দুঃখ ও ক্ষোভের সাথে ত্রিপুরা বামফ্রন্ট এর পক্ষ থেকে এই শপথগ্রহণ অনুষ্ঠান আমরা বয়কট করছি। নতুন সরকারকে আমরা শুভেচ্ছা জানাচ্ছি। সাথে সাথে আবেদন জানাচ্ছি দ্রুত রাজনৈতিক সন্ত্রাস বন্ধ করে রাজ্যে শান্তি-সম্প্রীতির পরিবেশ ফিরিয়ে আনতে নতুন সরকার কার্যকরি ব্যবস্থা গ্রহণ করুন। দলমত নির্বিশেষে সকল অংশের মানুষকে শান্তি স্থাপনে ঐক্যবদ্ধ করতে উদ্যোগ গ্রহণ করুন।

## কলকাতায় ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন

কলকাতা, ৭ মার্চ (হি.স.) : বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭১ সালের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রদানের ৫২ বছরপূর্তি মঙ্গলবার যথাযোগ্য মর্যাদায় পালন করল বাংলাদেশ উপ-হাইকমিশন, কলকাতা।

সকালে উপ-হাইকমিশন প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে কার্যক্রম শুরু হয়। পতাকা উত্তোলন করেন কলকাতায় নিযুক্ত বাংলাদেশের মান্যবর উপ-হাইকমিশনার আন্দালিব ইলিয়াস। এর পর উপ-হাইকমিশনার আন্দালিব ইলিয়াস-এর নেতৃত্বে উপ-হাইকমিশনের রাজনৈতিক, ক্রীড়া ও শিক্ষা, বাণিজ্য, কনস্যুলার এবং প্রেস উইং-এর দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তাগণকে নিয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

বিকালে উপ-হাইকমিশনার আন্দালিব ইলিয়াস-এর সভাপতিত্বে উপ-হাইকমিশনের "বাংলাদেশ গ্যালারি"-তে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের মন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী, এম.পি এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল আবু মোহাম্মদ আমিন উদ্দিন। অনুষ্ঠানে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কলকাতার ভারত-বাংলাদেশ মৈত্রী সমিতির সদস্য এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড় বরেন্দু মণ্ডল ও পশ্চিমবঙ্গের দি টেলিগ্রাফ পত্রিকার সিনিয়র সাংবাদিক দেবদীপ পুরোহিত।আলোচনার শুরুতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭১ সালের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণটি প্রদর্শিত হয়। এরপর কলকাতাস্থ বাংলাদেশ উপ-হাইকমিশনের কাউন্সেলর (শিক্ষা ও ক্রীড়া), রিয়াজুল ইসলাম রাষ্ট্রপতির বানী এবং কাউন্সিলর (কনস্যুলার) এএসএম আলমাস হোসেন প্রধানমন্ত্রীর বানী পড়ে শোনান।শুভেচ্ছা বক্তব্যে উপ-হাইকমিশনার আন্দালিব ইলিয়াস বলেন, "৭ই মার্চের ভাষণ আমাদের চিরন্তন প্রেরণার উৎস। এটি একটি অনন্য রণকৌশলের দলিল। এই ভাষণে অনুপ্রাণিত হয়েই ১৯৭১ সালের ১৮ এপ্রিল কলকাতায় তৎকালীন পাকিস্তান উপ-হাইকমিশনের বাঙ্গালী কর্মকর্তারা বিদ্রোহ করেছিলেন। মুক্তিযুদ্ধের পুরো সময়টি এই মিশন কাজ করেছিল বাংলাদেশ হাইকমিশন হিসেবে।গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অ্যাটর্নি জেনারেল জনাব আবু মোহাম্মদ আমিন উদ্দিন বলেন, ১৮ মিনিটের ১৩০৫ শব্দের সেই ঐতিহাসিক ভাষণটি জাতির পিতা দিয়েছিলেন সবদিক বুঝে। ঘরে ঘরে দূর্গ গড়ে তুলে সবকিছুর জন্য প্রস্তুত থাকার আহবান জানিয়ে জাতির পিতা স্বাধীনতা সংগ্রামের জন্য তৈরী হওয়ার কথাই বুঝিয়ে দিয়েছিলেন। প্রধান অতিথির বক্তব্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের মন্ত্রী জনাব সাইফুজ্জামান চৌধুরী বলেন, ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময়েই জাতির পিতা উপলব্ধি করেছিলেন স্বাধীনতা সংগ্রামের প্রয়োজনীয়তার কথা। আজ স্বাধীনতার পঞ্চাশ বছর পেরিয়ে আমরা অর্থনৈতিকভাবে অনেক অগ্রসর একটি দেশ। প্রতিবেশী ভারতের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রেখে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্থনৈতিকভাবে আরও এগিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন ভূমিমন্ত্রী।অনুষ্ঠানটির সঞ্চালনা করেন, উপ-হাইকমিশনের দ্বিতীয় সচিব (রাজনৈতিক), শেখ মারেফাত তারিকুল ইসলাম।

## রঙের উৎসবে শোভন ও বৈশাখী, নেটানাগরিকদের সম্মিলিত ব্যঙ্গ

কলকাতা, ৭ মার্চ (হি.স.) : রঙের উৎসবে মাতলেন শোভন চট্টোপাধ্যায় ও বৈশাখী বন্দ্যোপাধ্যায়। নিজেদের বাড়িতে আবির খেলায় মাতলেন তাঁরা। সঙ্গে ছিল বৈশাখী বন্দ্যোপাধ্যায়ের মেয়ে এবং অনেকে। শোভন চট্টোপাধ্যায়ের পরনে এদিন ছিল ধুতি-পাঞ্জাবি, চোখে রোদচশমা।

একটি বাংলা সংবাদ চ্যানেলে সন্ধ্যা ৭টায় এই ভিডিওর দর্শকসংখ্যা হয়েছে ৪ হাজার ২০০। পোস্ট করার ৩৭ মিনিটে লাইক, মন্তব্য এবং শেয়ার হয়েছে যথাক্রমে ৩৩৬, ৬৯ ও ১৯। দীপক কুমার পাল লিখেছেন, "সত্যি কি বিচিত্র এই দেশ, সত্য যুগে কৃষ্ণ যেমন অন্যের বউকে পটিয়ে আজকের দিনে দোল খেলেছিল ঠিক তেমনি এই কলি যুগে ওই রকম ঘটনার পুনরাবৃত্ত আমরা এই চ্যানেলের দৌলতে ঘরে বসে দেখতে পাবো এটা ভাবতে পারিনি।"আসমান জামান লিখেছেন, "কী হারে টাকা কামিয়েছে সেটা উপলব্ধি করুন।" উত্তম বর্মন লিখেছেন, "এক জেনারেশনের লজ্জা।" নারায়ন কামিল্যা লিখেছেন, "কাকা জিও ও লাভলি"। বিপ্লব পাল লিখেছেন, "গালি মনে পড়লো না কোনও।"হীরাপদ যশ লিখেছেন, "খুব বেহায়া না হলে সবার সামনে কেউ এভাবে আসে না।" অরিজিৎ মিত্র লিখেছেন, "চোওওওওওওররররর।" বাদশা খান লিখেছেন, "এদের কে কে নিয়েছে রাজনীতিতে?" দেবজ্যোতি মজুমদার লিখেছেন, "এই না হলে দিদির ভাই!"

# সুপার ডিভিশন : শতদলকে হারিয়ে জে.সি.সি আবারও তৃতীয় শীর্ষে

## জেসিসি:- ২৬৪/৭(৫০) শতদল:- ১৫৬/১০(৩২.১)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।। জয়নগর ক্রিকেট ক্লাব দুর্দান্ত। ফিরতি লীগেও দাপটের সঙ্গে শতদলকে হারিয়ে জয়নগর ক্রিকেট ক্লাব (জেসিসি) পুনরায় পয়েন্ট তালিকায় তৃতীয় শীর্ষে উঠে এসেছে। প্রথম লীগের মতোই ফিরতি লীগেও জেসিসি ১০৮ রানের ব্যবধানে শতদল সংঘকে পরাজিত করেছে। প্রথম লীগে হারের মোক্ষম জবাব দিতে শতদল সংঘ মরিয়া ছিল। কিন্তু জেসিসি-র তুষার সাহা, তার বিধ্বংসী বোলিংয়ে মূলতঃ শতদল শিবিরে ধ্বস নামিয়ে দলকে সহজ জয় এনে দেয়। খেলা ছিল এমবিবি স্টেডিয়ামে। টিসিএ আয়োজিত বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশন ফিরতি লীগের গুরুত্বপূর্ণ ম্যাচ। সকালে খেলা শুরুতে টস জিতে জেসিসি প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয়। নির্ধারিত ৫০ ওভারে ৭ উইকেট হারিয়ে ২৬৪ রান সংগ্রহ করে। দলের পক্ষে প্রারম্ভিক ব্যাটসম্যানদের গড় সাফল্যে দলের স্কোর অনেকটা সমৃদ্ধ হয়। রোহিত ঘোষের ৬৮ রান, ওপেনার দ্বীপজয় দেব-এর ৪৯ রান, রিমন সাহার ৪০ রান উল্লেখযোগ্য। রোহিত ৭৫ বল খেলে সাতটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ৬৮ রান পায়। শতদল সংঘের বোলার ভিকি সাহা ও সাধব খান দুটি করে এবং বিজয় রায় ও পবন চান্দেল একটি করে উইকেট পেয়েছে। জবাবে ব্যাট করতে নেমে শতদল সংঘ শুরু থেকেই উইকেট হারিয়ে ছন্নছাড়া ক্রিকেট খেলতে থাকে। অবশেষে ৩২.১ ওভার খেলে ১৫৬ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। দলের পক্ষে অরিন্দম বর্মনের ৪৩ রান এবং হিতেশ চৌহানের ২৬ রান উল্লেখযোগ্য হলেও অন্যদের ব্যর্থতায় শেষ রক্ষা সম্ভব হয়নি। জয়নগর ক্রিকেট ক্লাবের তুষার সাহা আজ দুর্দান্ত সাফল্য পেয়েছে। ৪৪ রানের বিনিময়ে একাই ৬টি উইকেট দখল করে। এছাড়া, অমরেশ দাস ১৯ রানে তিনটি এবং প্রিন্স মৌর্য একটি উইকেট পেয়েছে। দুর্দান্ত বোলিংয়ের স্বীকৃতি হিসেবে তুষার পেয়েছে প্লেয়ার অফ দ্য ম্যাচের খেতাব। জয়নগর ক্রিকেট ক্লাব ১০৮ রানের ব্যবধানে জয় ছিনিয়ে শতদল-কে ছাপিয়ে তৃতীয় শীর্ষে উঠে এসেছে।

# বিশ্ববিদ্যালয় ক্রিকেট : নিয়ম রক্ষার শেষ ম্যাচেও হেরে বিদায় ত্রিপুরার

## এবিবি ইউ:- ১৯৬/৭(২৫) ত্রিপুরা:- ৯৮/৯(২০)

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।। নিয়ম রক্ষার শেষ ম্যাচেও হারলো ত্রিপুরা। লীগ পর্যায়ের খেলায় ত্রিপুরা বিশ্ববিদ্যালয় টিম যতটুকু অগ্রণী ছিল, পজিশন নির্ণায়ক লীগ ম্যাচে ততটুকুই যেন ব্যাকফুটে খেলেছে। পজিশন ম্যাচে টানা তিন খেলায় হেরে ত্রিপুরা দলের এখন ঘরে ফেরার পালা। ত্রিপুরা দল আজ ৯৮ রানে হেরেছে অটল বিহারী বাজপেয়ি ইউনিভার্সিটির কাছে। রবিবার পূর্বাঞ্চল ইউনিভার্সিটি সঙ্গে ছয় উইকেটে হেরে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় এক ধাপ পিছিয়ে পড়েছিল। কার্যত বিদায় ত্রিপুরার সোমবারে কলহন ইউনিভার্সিটি-র কাছে ৩২ রানে হেরে। ভুবনেশ্বরে কিট ক্রিকেট স্টেডিয়ামে আজ সকালে ম্যাচ শুরুতে টস জিতে ত্রিপুরা ইউনিভার্সিটি প্রথমে বোলিংয়ের সিদ্ধান্ত নেয়। ব্যাটিংয়ের আমন্ত্রণ পেয়ে অটল বিহারী বাজপেয়ি ইউনিভার্সিটি ২৫ ওভার খেলে ৭ উইকেট হারিয়ে ১৯৬ রান সংগ্রহ করে। দলের পক্ষে পরিবেশ ধরের ৬৪ রান বেশ উল্লেখযোগ্য। ৩১ বল খেলে পরিবেশ ৫টি বাউন্ডারি ও ৬টি ওভার বাউন্ডারি মেরে ৬৪ রান পায়। এছাড়া রোহিত নেতানীর অপরাজিত ৫৫ রানও উল্লেখ করার মতো। ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের সন্দীপ সরকার ২১ রানে ২টি উইকেট দখল করে। এছাড়া, পামির দেবনাথ, পারভেজ সুলতান, দীপ্তনু চক্রবর্তী ও অভিজিৎ দেববর্মা প্রত্যেকে একটি করে উইকেট পেয়েছে। জবাবে ব্যাট করতে নেমে ত্রিপুরা বিশ্ববিদ্যালয় দলের ব্যাটসম্যানরা মূলতঃ ব্যর্থতার পরিচয় দেয়। ৪২ রানের মধ্যে পরপর ৩ উইকেটের পতন ত্রিপুরা দলকে পিছিয়ে দেয়। মিডল অর্ডারে শুভম সূত্রধর ১৯ রান পেলেও তেমনভাবে আর কেউ দলের হাল ধরতে পারেনি। এবং শেষ পর্যন্ত ২০ ওভার খেলে ৯৮ রানে ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। অটল বিহারি বাজপেয়ি ইউনিভার্সিটির মাহতাব খান ও সানি পাণ্ডে দুটি করে উইকেট পেয়েছে।

# উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের উদ্যোগে বৃহত্তম রেটিং দাবা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।। দেশের মধ্যে বৃহৎ আয়তনের প্রাইজমানি দাবা প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। প্রথমবারের মতো নর্থ ফ্রন্টিয়ার রেলওয়ে আন্তর্জাতিক ফিডে রেপিড এন্ড ব্লিটজ রেটিং দাবা টুর্নামেন্ট ২০২৩ অনুষ্ঠিত হবে ২৫ থেকে ২৭ মার্চ। খেলা হবে নর্থ ফ্রন্টিয়ার রেলওয়ে অডিটোরিয়ামে। উদ্যোক্তা নর্থ ফ্রন্টিয়ার রেলওয়ে স্পোর্টস অ্যাসোসিয়েশন হলেও সহযোগিতায় থাকবে ফিডে এবং অল ইন্ডিয়া চেস ফেডারেশন অনুমোদিত আসাম দাবা অ্যাসোসিয়েশন। প্রতিযোগিতা ২৫ মার্চে শুরু হলেও অংশ গ্রহণেচ্ছুদের নির্ধারিত ফি-র বিনিময়ে এন্টি নিতে হবে ২৩ মার্চের মধ্যে। রেপিভ এবং ব্লিটজ দুটি বিভাগে প্রতিযোগিতা হবে। বালক বালিকা উভয় গ্রুপে বয়স ভিত্তিক অনূর্ধ ৬, অনূর্ধ ৮, অনূর্ধ ১০, অনূর্ধ ১২ এবং অনূর্ধ ১৪ মোট পাঁচটি বিভাগে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারী সহ দুটি ইভেন্টে সেরা ৪০ এবং সেরা ৩০ জনকে প্রাইজমানি প্রদান করা হবে। দুটো ইভেন্টে আয়োজিত টুর্নামেন্টে মোট প্রাইজমানি রয়েছে ১২ লক্ষ টাকা। ক্যাটেগরি ভিত্তিক উত্তর-পূর্বের সেরা দশ, আসামের সেরা দশ, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে সেরা ৪, ছোটদের সেরা ৩, ইত্যাদি ১৬ টি পৃথক পৃথক গ্রুপেও পুরস্কৃত করা হবে। অংশগ্রহণেচ্ছুদের আসাম চেস অ্যাসোসিয়েশনের ওয়েবসাইটে লগ অন করে বিস্তারিত জেনে বা ই-মেইলে এন্টি পাঠাতে জানানো হয়েছে।

# প্রাক্তন ফুটবলার মঘা-দা প্রয়াত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।। প্রয়াত হলেন প্রাক্তন ফুটবলার স্বপন (মঘা) সাহা। মঙ্গলবার সকালে প্রয়াত হয়েছেন তিনি। প্রিয় সদস্যের প্রয়ানে ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের পক্ষ থেকে উনার বিদেহী আত্মার চিরশান্তি কামনা করে উনার পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়েছে। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের সাধারণ সম্পাদক অমিত চৌধুরী এ খবর জানিয়েছেন।

# ধর্মনগরে প্রথম ডিভিশন ক্রিকেট উদ্বোধনী ম্যাচে ও পি সি - দূর্গাপুর

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।। উদ্বোধনী ম্যাচে ও পি সি খেলবে দূর্গাপুরের বিরুদ্ধে। ১০ মার্চ হবে আসরের উদ্বোধনী ম্যাচ। মহকুমার কলেজ স্টেডিয়ামে। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত মালাবতি প্রথম ডিভিশন লিগ ক্রিকেটে। এবছর আসরে অংশে নিয়েছে ৮ দল। ওই দলগুলোকে ২ গ্রুপে রাখা হয়েছে: ও পি সি, এন এস সরণী, দূর্গাপুর, অঙ্কুর খেলবে 'এ' গ্রুপে। জি সি সি সি, পানিসাগর, কদমতলা পি সি এবং সি আর সি সি সি খেলবে 'বি' গ্রুপে। দুই গ্রুপের প্রথম দুই দল সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করবে। ২৩ এবং ২৪ মার্চ হবে আসরের দুটি সেমিফাইনাল ম্যাচ। ফাইনাল হবে ২৬ মার্চ। আসরের সবকটি ম্যাচ হবে নবনির্মিত কলেজ স্টেডিয়ামে। মহকুমা ক্রিকেট সংস্থার সচিব শেখর সিনহা আসরের ক্রীড়াসূচী ঘোষনা করেন। তিনি বলেন, 'আসর সুষ্ঠভাবে সম্পন্ন করতে যাবতীয় উদ্যোগ নেওয়া হচ্ছে। নতুনভাবে সাজিয়ে তোলা হচ্ছে মাঠ'। এদিকে আসরে ভালো ফলাফল করতে সবকটি দল অনুশীলনে নেমে পড়েছে বলে জানান তিনি।

ঘোষিত ক্রীড়া সূচী: ১০ মার্চ: ও পি সি - দূর্গাপুর, ১১ মার্চ: জি সি সি- সি আর সি, ১২ মার্চ:এন এস সরণী-অঙ্কুর, ১৩ মার্চ: কদমতলা- পানিসাগর, ১৪ মার্চ: ও পি সি - অঙ্কুর, ১৫ মার্চ: কদমতলা- জি সি সি সি, ১৭ মার্চ:সি আর সি সি সি-পানিসাগর, ১৮ মার্চ:দূর্গাপুর-অঙ্কুর, ১৯ মার্চ: জি সি সি সি- পানিসাগর, ২০ মার্চ:ও পি সি- এন এস সরণী, ২১ মার্চ: কদমতলা- সি আর সি সি সি, ২৩ মার্চ: প্রথম সেমিফাইনাল, ২৪ মার্চ: দ্বিতীয় সেমিফাইনাল, ২৬ মার্চ: ফাইনাল।

# ৭ম জয় ছিনিয়ে চ্যাম্পিয়নের আরও কাছে স্ফুলিঙ্গ, হেরেই চলেছে কসমো

## স্ফুলিঙ্গ-৩১৫ কসমোপলিটন-১১৭

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।। স্ফুলিঙ্গের গড়া পাহাড় সমান রানের নীচে চাপা পড়লো কসমোপলিটন ক্লাব। সহজেই কসমোপলিটন ক্লাবকে পরাজিত করে খেতাবের দৌড়ে আরেককদম এগিয়ে গেলো মণিশঙ্কর মুড়াসিংরা। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশন লিগ ক্রিকেটে। নরসিংগড় পুলিস ট্রেণিং আকাদেমি মাঠে অনুষ্ঠিত ম্যাচে স্ফুলিঙ্গ ১৯৮ রানের বড় ব্যবধানে পরাজিত করে কসমোপলিটন ক্লাবকে। বিজয়ী দলের আনন্দ ভৌমিক প্রথমে ব্যাট হাতে ৬৭ রান করার পর বল হাতে ৩ উইকেট তুলে নিয়ে দলকে বড় ব্যবধানে জয় এনে দিতে মূখ্য ভূমিকা নিয়েছেন। বিক্রম কুমার দাস, বিক্রম দেবনাথ এবং আনন্দ ভৌমিক- ওই ত্রয়ীর হাত ধরে বড় স্কোর গড়লো খেতাবের অন্যতম দাবিদার স্ফুলিঙ্গ ক্লাব। সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে স্ফুলিঙ্গ ক্লাব নির্ধারিত ৫০ ওভারে সবকটি উইকেট হারিয়ে পাহাড় সমান ৩১৫ রান করে। দলের পক্ষে ওপেনার বিক্রম কুমার দাস ৬৮ বল খেলে ১১ টি বাউন্ডারির সাহায্যে ৭৬, বিক্রম দেবনাথ ৪৫ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ৪ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬৮, আনন্দ ভৌমিক ৫০ বল খেলে ৫ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ৬৭, জয়দীপ বনিক ৫০ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২৮, মণিশঙ্কর মুড়া সিং ২৬ বল খেলে ১ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২২ এবং অভিজিৎ সরকার ৭ বল খেলে ১ টি বাউন্ডারি ও ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৮ রান করেন। দল অতিরিক্ত খাতে পায় ১৪ রান। কসমোপলিটনের পক্ষে রিয়াজ উদ্দিন (৫/৬২) এবং সৌরভ দাস (২/৬৩) সফল বোলার। জবাবে খেলতে নেমে কসমোপলিটন ক্লাব স্ফুলিঙ্গের গড়া বিশাল রানের নীচে চাপা পড়ে মাত্র ১১৭ রান করতে সক্ষম হয়।


## বিজ্ঞপ্তি

এতদ্বারা অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যান ভুক্ত ছাত্র / ছাত্রীদের জানানো যাইতেছে যে রাজ্য সরকারের ঘোষিত শতুশ প্রকল্প (One time financial support for economically weaker meritorious OBC students) অনুযায়ী ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী আর্থিকভাবে দুর্বল অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যান ভুক্ত ছাত্র / ছাত্রীদের সরকার অনুমোদিত যে কোনও শিক্ষা প্রতিষ্ঠানে বিভির পেশাগত পাঠ্যকমে পড়াশোনা করার জন্য নিমলিখিত শর্ত লাগে একক তান হায়তা প্রদান- করা হবে।

১ যে সকল ছাত্র / ছাত্রী কমপক্ষে ২ (দুই) বছরের পাঠ্যক্রমের জন্য সরকার রাজ্যের এবং রাজ্যের বাইরের যে কোনও শিক্ষা প্রতিষ্ঠানে ২০২২-২৩ ইং সালে প্রথম বর্ষে ভর্তি হয়েছে এবং মাধ্যমিকোত্তর বৃত্তি (Post Matric Scholarship for OBC Students Tripura) এর জন্য নাম নথিভুক্ত করেছেন।

২ National Scholarship Portal Stat level verification এর পর যোগ্য বলে বিবেচিত হয়েছে এবং অবশ্যই নূন্যতম ৫০ পেঞ্চাশ) শতাংশ নম্বরসহ মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ হয়েছে কেবলমাত্র সেই সকল ছাত্র / ছাত্রীরাই এই সহায়তার -- জন্য আগামী ২৫/০৩/২০২৩ ইং তারিখের মধ্যে (bms.tripura.gov.in) Online ০৭১১৯ এর মাধ্যমে আবেদন করে অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যান দপ্তরে আবেদনপত্রটি ৩০/০৩/২০২৩ ইং তারিখের মধ্যে জমা দিতে হইবে। উক্ত তারিখের মধ্যে কোন ছাত্র-ছাত্রী আবেদনপত্র জমা করতে না পারলে দপ্তর দায়ী থাকবে না। জমা দেবার সময় অবশ্যই i) NSP form (ii) BMS form (iii) 1st Year Admission letter (iv) Last year Marksheet (v) Course Completion Certificate (vi) OBC Certificate (vii) Bank Details.

৩ এককালীন সহায়তার মোট ১,৪০,০০০ (এক লক্ষ) টাকার অর্থরাশি দুই কিস্তির মাধ্যমে দেওয়া হবে। প্রথম কিস্তির ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা দেওয়া হবে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার পর এবং দ্বিতীয় কিস্তির ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা দেওয়া হবে নিদিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কতৃক প্রথমবর্ষের "উীর্ণের, প্রমানপত্র দাখিলের পর

৪ উক্ত এককালীন সহায়তা মঞ্জরের ক্ষেত্রে মাধ্যমিকোত্তর বৃত্তি পাওয়ার যোগ্য প্রাহীদের কোনও প্রতিবন্ধকতা সৃষ্টি হবে না।

৫ অন্যান্য পশ্চাদপদ শ্রেল্পী কল্যান দপ্তরের বাৎসরিক বাজেট বরাদ্দের উপর ভিত্তি করে এককালীন সহায়তা প্রদানের পরিমান নির্ধারিত হবে। সম্পূর্ণ মেধার উপর ভিভি করে ছাত্রছাত্রীর সংখ্যাও নির্ধারিত হবে। তবে এক্ষেত্রে মোট আসন সংখ্যার ৮০ শতাংশ ছাত্র/ছাত্রী নির্বাচন করা হবে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ (TBSE) এবং ২০ শতাংশ কেন্দ্রীয় শিক্ষা পর্ষদ (CBSE/ICSE) এবং অন্যান্য পর্যদ থেকে পাশ করা ছাত্র/ছাত্রীদের থেকে নেওয়া হবে।

৬ ২০২২২৩ ইং অর্থবছরের জন্য সরকার কর্তৃক অনুমোদিত যে সমস্ত পাঠক্রমে (Course) উক্ত প্রকল্পের অধীন এই আর্থিক সহায়তা পাওয়ার জন্য আবেদন করা যেতে পারে তা নিম্নে উল্লেখ করা হলঃ-

| SL No | Courses |
|---|---|
| | **AUXILIARY NURSE MIDWIFERY(ANM) 7** |
| 1 | AUXILIARY NURSE MIDWIFERY(ANM) |
| 2 | DIPLOMA(NURSING)-2 YEARS |
| | **BACHELOR OF SCIENCE IN NURSING** |
| 3 | BACHELOR OF SCIENCE IN NURSING (HONOURS) |
| 4 | BACHELOR OF SCIENCE IN NURSING(NURSING)(4 YEARS) |
| 5 | BACHELOR OF SCIENCE IN NURSING(NURSING)-2 YEARS |
| 6 | BSC (POST BASIC NURSING DISTANCE MODE) |
| 7 | BSC (POST BASIC NURSING REGULAR MODE) |
| | **GENERAL NURSING MIDWIFERY(G.N.M)** |
| Ws | BACHELOR OF SCIENCE IN NURSING(NURSING)(3 YEARS) |
| 9 | DIPLOMA(NURSING)-3 YEARS |
| 10 | GENERAL NURSING MIDWIFERY(G.N.M) |
| 11 | BACHELOR OF EDUCATION(B.ED EDUCATION) |
| 11 | B.ED(CHILD DEVELOPMENT) |
| 12. | BACHELOR OF EDUCATION - SPECIAL EDUCATION(MENTAL RETARDATION) - 2 YEARS |
| 13 | BACHELOR OF EDUCATION(B.ED EDUCATION) |
| 14 | BACHELOR OF PHYSICAL EDUCATION(8.P.ED) |
| 15 | BACHELOR OF PHYSICAL EDUCATION(8.PED) - i |
| 16 | POST GRADUATE DIPLOMA(PHYSICAL EDUCATION) |
| 17 | PRIMARY TEACHERS TRAINING(B.ED.)-2 YEARS |
| | **DIPLOMA IN ELEMENTARY EDUCATION(D.EL.ED.)** |
| 18 | D.EL.ED |
| 19 | DIPLOMA IN EDUCATION( SPECIAL EDUCATION (MENTAL RETARDATION)) |
| 20 | DIPLOMA IN ELEMENTARY EDUCATION(D'EL.ED.) - |
| 21 | DIPLOMA OF EDUCATION(PRIMARY TEACHERS TRAINING) i |
| 22 | PRIMARY TEACHERS TRAINING(D.ED)-2 YEARS. |
| | **Bachelor of Paramedical Course** |
| 23 | BACHELOR IN HOSPITAL MANAGEMENT (BHM) |
| 24 | BACHELOR IN MEDICAL RADIO DIAGNOSIS & IMAGING TECHNOLOGY (BMRIT) |
| 25 | BACHELOR IN MEDICAL TECHNOLOGY-OPRATION THEATRE (BMT-OT) |
| 26 | BACHELOR IN RADIOTHERAPY TECHNOLOGY (BMRT) |
| 27 | BACHELOR OF OPTOMETRY |
| 28 | BACHELOR OF PHYSIOTHERAPY(PHYSIOTHERAPY) |
| 29 | BACHELOR OF SCIENCE (CARDIAC PERFUSION TECHNOLOGY) |
| 30 | BACHELOR OF SCIENCE (EMERGENCY MEDICAL TECHNOLOGY) |
| 31 | BACHELOR OF SCIENCE (MEDICAL LABORATORY TECHNOLOGY) |
| 32 | BACHELOR OF SCIENCE(MEDICAL LAB TECHNOLOGY) |
| 33 | BACHELOR OF SCIENCE(MEDICAL TECHNOLOGY(HONOURS)) |
| | **BACHELOR OF TECHNOLOGY / ENGINEERING** |
| 34 | B.TECH (COMPUTER SCIENCE & ENGINEERING) |
| 35 | BACHELOR OF COMPUTER APPLICATION(BCA) |
| 36 | BACHELOR OF COMPUTER APPLICATIONS(COMPUTER APPLICATION) |
| 37 | BACHELOR OF ENGINEERING(AERONAUTICAL ENGINEERING) |
| 38 | BACHELOR OF ENGINEERING (CIVIL ENGINEERING) |
| 39 | BACHELOR OF ENGINEERING(COMPUTER SCIENCE & ENGINEERING) |
| 40. | BACHELOR OF ENGINEERING(MECHANICAL ENGINEERING) |
| 41 | BACHELOR OF TECHNOLOGY (ADVANCED MECHATRONICS AND INDUSTRIAL AUTOMATION) LATERAL ENTRY-3 YEARS |
| 42 | BACHELOR OF TECHNOLOGY (CIVIL ENGINEERING WITH COMPUTER APPLICATION) |
| 43 | BACHELOR OF TECHNOLOGY (CIVIL ENGINEERING WITH COMPUTER APPLICATION) LATERAL ENTRY-3 YEARS |
| 44 | BACHELOR OF TECHNOLOGY (COMPUTER ENGINEERING) : |
| 45 | BACHELOR OF TECHNOLOGY (ELECTRICAL AND COMPUTER ENGINEERING) |
| 46 | BACHELOR OF TECHNOLOGY (ELECTRICAL AND COMPUTER SCIENCE ENGINEERING) LATERAL ENTRY-3 YEARS |
| 47 | BACHELOR OF TECHNOLOGY(APPLIED ELECTRONICS & INSTRUMENTATION (AEI) |
| 48 | BACHELOR OF TECHNOLOGY(CHEMICAL ENGINEERING) |
| 49 | BACHELOR OF TECHNOLOGY(CIVIL ENGINEERING )(LATERAL ENTRY) |
| 50 | BACHELOR OF TECHNOLOGY(CIVIL ENGINEERING) |
| 51 | BACHELOR OF TECHNQLOGY (COMPUTER AND COMMUNICATION ENGINEERING)-4 YEARS |
| 52 | BACHELOR OF TECHNOLOGY(COMPUTER SCIENCE AND ENGINEERING - LATERAL ENTRY) |
| 53 | BACHELOR OF TECHNOLOGY(COMPUTER SCIENCE AND ENGINEERING) |
| 54 | BACHELOR OF TECHNOLOGY(COMPUTER SCIENCE AND ENGINEERING)-ARTIFICIAL INTELLIGENCE |
| 55 | BACHELOR OF TECHNOLOGY(ELECTRICAL ENGINEERING) |
| 56 | BACHELOR OF TECHNOLOGY(ELECTRICAL ENGINEERING)(LATERAL ENTRY) |
| 57 | BACHELOR OF TECHNOLOGY(ELECTRONICS AND COMMUNICATION ENGINEERING(ECE)) |
| 58 | BACHELOR OF TECHNOLOGY (ELECTRONICS AND COMMUNICATION ENGINEERING)(LATERAL ENTRY) |
| 59 | BACHELOR OF TECHNOLOGY(INFORMATION TECHNOLOGY) |
| 60 | BACHELOR OF TECHNOLOGY(MECHANICAL ENGINEERING) |
| 61 | BACHELOR OF TECHNOLOGY(MECHANICAL ENGINEERING)-LATERAL ENTRY-3 YEARS |
| 62 | BACHELOR OF TECHNOLOGY(PRODUCTION ENGINEERING (PE)) |
| 63 | DUAL DEGREE-BACHELOR OF SCIENCE, MASTER OF SCIENCE BACHELOR OF LAW(LL.B) |
| 64 | BACHELOR OF ARTS AND BACHELOR OF LAW (BABL) |
| 65. | BACHELOR OF BUSINESS ADMINISTRATION(BUSINESS ADMINISTRATION) |
| 66 | BACHELOR OF BUSINESS ADMINISTRATION, BACHELOR OF LAW OR **LAWS(B.B.A. LLB)** |
| 67 | BACHELOR OF LAW(LL.B) |
| 68 | BACHELOR OF LAW(LLB)-HONORS-5 YEARS |
| | **Ps Medical** |
| 69 | BACHELOR OF DENTAL SURGERY(DENTISTRY) |
| 70 | BACHELOR OF HOMEOPATHIC MEDICINE AND SURGERY(HOMEOPATHY) 5 YEARS |
| 71 | BACHELOR OF MEDICINE AND BACHELOR OF SURGERY (I.B.B.S)-5 YEARS |
| 72 | BACHELOR OF NATUROPATHY AND YOGA SCIENCE(B.N.Y.S) 5 YEARS |
| | **PHARMACY(B.PHARM)** |
| 73 | BACHELOR OF PHARMACY(B.PHARM) |
| | **DIPLOMA (ENGINEERING & Paramedical Course)** |
| 74 | DIPLOMA (CLOUD COMPUTING WITH BIGDATA)-3 YEARS |
| 75 | DIPLOMA (ELECTRICAL ENGINEERING) |
| 76 | DIPLOMA (ELECTRONICS & COMMUNICATION ENGINEERING E.C.E)-3YEARS 7 |
| 77 | DIPLOMA (MEDICAL LAB TECHNOLOGY) |
| 73 | DIPLOMA (OPERATION THEATER TECHNOLOGY)-3YEARS |
| 79 | DIPLOMA (PLASTIC TECHNOLOGY(DPT))-3 YEARS |
| 80 | DIPLOMA ENGG.(COMPUTER ENGINEERING)-3YEARS |
| 81 | DIPLOMA ENGG.(COMPUTER SCIENCE) |
| 82 | DIPLOMA ENGG.(COMPUTER TECHNOLOGY) |
| 83 | DIPLOMA ENGG.(MEDICAL LABORATORY TECHNOLOGY) |
| 84 | DIPLOMA IN MECHANICAL ENGINEERING (3 YEARS) 4 |
| 85 | DIPLOMA IN PLASTICS MOULD TECHNOLOGY (DPMT) |
| 86 | DIPLOMA MECHANICAL ENGINEERING (DIPLOMA IN MECHANICAL ENGG.)-3YEARS |
| 87 | DIPLOMA( ELECTRICAL ENGINEERING)-3 YEARS |
| 88 | DIPLOMA( ELECTRONICS & TELECOMMUNICATION ENGINEERING)-3 YEARS |
| 89 | DIPLOMA(AERONAUTICAL ENGINEERING)-3 YEARS |
| 90 | DIPLOMA(AUTOMOBILE ENGINEERING)(POLYTECHNIC) |
| 91 | DIPLOMA(CIVIL ENGINEERING)-3YEARS |
| 92 | DIPLOMA(COMPUTER SCIENCE & ENGINEERING)-3YEARS |
| | **MASTER OF TECHNOLOGY** |
| 93 | M.TECH(CIVIL ENGINEERING(CE)) |
| 94 | M.TECH(COMPUTER SCIENCE ENGINEERING) |
| 95 | M.TECH(ELECTRICAL ENGINEERING) |
| 96 | M.TECH(ELECTRONICS ENGINEERING) |
| 97 | M.TECH(MATERIALS SCIENCE & ENGINEERING) |
| 98 | M.TECH(TRANSPORTATION ENGINEERING) |
| 99 | MASTER OF COMPUTER APPLICATIONS(MCA)-3YEARS |
| 100 | MASTER OF ENGINEERING(CIVIL) |
| 101 | MASTER OF TECHNOLOGY(DATA SCIENCE) |
| To2 | MASTER OF TECHNOLOGY(POWER AND ENERGY SYSTEMS)-2 YEARS |
| 103 | MASTER OF TECHNOLOGY(THERMALENGINEERING) = 7 |
| 104 | MASTER OF TECHMOLOGY(VLSI EMBEDED SYSTEM) |
| | **Master of Paramedical Course** |
| 105 | M.SC (NURSING) _ |
| 106 | MASTER OF OPTOMETRY(OPHTHALMOLOGY) |
| 107 | MASTER OF PHYSIOTHERAPY & REHABILITATION |
| 108 | MASTER OF SCIENCE(MEDICALLABORATORY TECHNOLOGY) |
| | **MASTER OF EDUCATION** |
| 109 | MASTER OF EDUCATION(M.ED) |
| 110 | MASTER OF PHYSICAL EDUCATION(MPED PHYSICAL EDUCATION) |

বিস্তারিত বিবরণের জন্য অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর, গোর্খাবস্তি, এয়ারপোর্ট রোড, আগরতলা যোগাযোগ করা যেতে পারে।

ওয়েবসাইট ঃ www.obcw.tripura.govin দুরভাষ নম্বর ঃ- ০৩৮১ ২৩২ ৯০৩৪
Whatsap Number 8798224220

ICA/D-2129/23

অধিকর্তা
অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তর

# ঢাকায় ভয়াবহ বিস্ফোরণে ১৬ জনের মৃত্যু, আহত শতাধিক

।। মনির হোসেন।। ঢাকা, মার্চ ০৭।। বাংলাদেশের রাজধানী ঢাকার সিদ্দিকবাজারে ভবনে ভয়াবহ বিস্ফোরণে নিহত মানুষের সংখ্যা বেড়ে ১৬ হয়েছে। এ ঘটনায় আরও শতাধিক ব্যক্তি আহত হয়েছেন। নিহত মানুষের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। মঙ্গলবার বিকেল পাঁচটার দিকে ঢাকার গুলিস্তানে বিআরটিসির বাস কাউন্টারের কাছে সিদ্দিকবাজারে ভয়াবহ বিস্ফোরণ ঘটে। এতে পাশাপাশি দুটি বহুতল ভবন ক্ষতিগ্রস্ত হয়। একটি ভবন সাততলা এবং আরেকটি ভবন পাঁচতলা। এর মধ্যে সাততলা ভবনের বেসমেন্ট, প্রথম ও দ্বিতীয় তলা বিধ্বস্ত হয়েছে। আর পাঁচতলা ভবনের নিচতলাও বিধ্বস্ত হয়েছে। এই ভবনের দ্বিতীয় থেকে পঞ্চম তলা পর্যন্ত ব্র্যাক ব্যাংকের কার্যালয়। সেখানে উদ্ধারকাজ চালাচ্ছে ফায়ার সার্ভিসের ১১টি ইউনিট। বিকেলে এই বিস্ফোরণের খবর জানিয়ে ফায়ার সার্ভিসের পক্ষ থেকে ঘটনাস্থল বলা হয়েছিল গুলিস্তানের বিআরটিসির বাস কাউন্টারের পাশে। বিস্ফোরণে ক্ষতিগ্রস্ত ভবন দুটি থেকে আহত শতাধিক ব্যক্তিকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।



বিস্ফোরণে নিহত ১৬ জনের লাশ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে আনা হয়েছে। লাশগুলো প্যাকেটবন্দী করে হাসপাতালের জরুরি বিভাগে রাখা হয়েছে। নিহত ব্যক্তিদের মধ্যে অন্তত দুজন নারী। তাৎক্ষণিকভাবে নিহত ব্যক্তিদের বিস্তারিত পরিচয় জানা যায়নি। এর আগে গত রবিবার ঢাকার সায়েন্স ল্যাব এলাকায় একটি ভবনে বিস্ফোরণে তিনজন নিহত হন। তার আগের দিন শনিবার চট্টগ্রামের সীতাকুন্ডে সীমা অক্সিজেন লিমিটেডে বিস্ফোরণ ও আগুন লেগে এ পর্যন্ত সাতজন নিহত হয়েছেন। আহত হয়েছেন অনেকে।

ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল পুলিশ ক্যাম্পের পরিদর্শক বাচ্চু মিয়া বলেন, এ ঘটনায় এখন পর্যন্ত ১৬ জনের মরদেহ ঢামেক হাসপাতালে রয়েছে। লাশগুলো ঢামেক মর্গে রাখা হয়েছে। আহত অন্তত ২০ জনের জরুরি বিভাগে চিকিৎসা চলছে। ঢামেক হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল নাজমুল হক ১৬ জনের মৃতদেহ মর্গে রাখার কথা নিশ্চিত করেছেন। সন্ধ্যা সাড়ে ছয়টায় ঘটনাস্থল পরিদর্শনে আসেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার খন্দকার গোলাম ফারুকসহ ঊর্ধতন কর্মকর্তারা।

লাশঘরে স্বজনদের আর্তনাদ: ঢাকায় বিস্ফোরণের ঘটনায় এ পর্যন্ত নিহত ১৬ জনের মরদেহ রাখা হয়েছে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের মর্গে। নিহতদের মধ্যে দুজন নারী, বাকিরা সবাই পুরুষ। মর্গের ভেতরে স্বজনরা লাশ শনাক্তের চেষ্টা করছেন। আর মর্গের ভেতর থেকে ভেসে আসছে আর্তনাদ। মঙ্গলবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে জরুরি বিভাগের মর্গের সামনে থেকে আর্তনাদ শোনা যায়। দেখা যায়, স্বজনরা লাশের খোঁজ করছেন। লাশ পেলেই আর্তনাদের শব্দ বেড়ে যাচ্ছে। এক নারীকে বলতে শোনা যায়, ওরে বাবা, আমি তোকে পেলাম, কিন্তু লাশ। পরে ওই নারী বেহুঁশ হয়ে পড়েন। ওই লাশ ঘরের দায়িত্বরত একজন জানান, অনেকেই আসছে লাশ সনাক্তের চেষ্টা করছেন আবার অনেকেই লাশ সনাক্ত করছেন। তবে যারাই স্বজনের সন্ধানে লাশ ঘরে ঢুকছেন সবাই আর্তনার চিৎকার করে কান্নাকাটি করছে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের টিকিট কাউন্টারের দায়িত্বে থাকা রতন সজিব জানান, সিদ্দিক বাজারের বিস্ফোরণের ঘটনায় চিকিৎসার জন্য আমরা ৯০ জনকে টিকিট দিয়েছি। টিকিট ছাড়াও বেশ কয়েকজন চিকিৎসা নিয়েছেন।

# সিপাহীজলা যুব মোর্চার সম্পাদকের উপর হামলা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।।** বিনা কারণে তিপ্রা মথা ও সিপিআইএম দুষ্কৃতিকারীরা আক্রমণ চালায় বিজেপি সিপাহীজলাজলা জেলার যুব মোর্চার সাধারণ সম্পাদক গৌতম ঘোষ, কার্যকর্তা জহিরুল ইসলাম, দুলাল দেবনাথ, অজয় ঘোষ সহ মোট ৫ জনের উপর। রড, দা, লাঠি দিয়ে আক্রমণ চালায় বলে অভিযোগ। আক্রমনে এই ৫ জনের মধ্যে গৌতম ঘোষকে বিরোধী দলের দুস্ককীতিরা এমন ভাবে আক্রমণ করে যেখানে বর্তমানে গৌতম ঘোষ মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে। দুষ্কৃতীদের আক্রমণে গৌতম ঘোষের একটি চোখ নষ্ট হওয়ার সম্ভাবনা রয়েছে। কিন্তু আক্রমণের মূল চক্রি ছিল শুভম দাস এবং টুটন দাস। এই ২ জন গৌতম ঘোষকে রাতে ফোন করে মেলাঘর তেল কাজলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয় সংলগ্ন ব্রিজের সেতুর সিঁড়ির কাছে নিয়ে যায়। তারপর বিভিন্ন জায়গা থেকে মথার এবং সিপিআইএমের দুষ্কৃতীরা ছুটে আসে। সেখানে গৌতমের সঙ্গে ছিল ভারতীয় জনতা পার্টি আরো তিনজন কার্যকর্তা। বিরোধী দুষ্কৃতীদের একত্রিত হয়ে চারজনের উপর এলোপাথারে আক্রমণ চালায়। এর মধ্যে শুভম দাস সবচেয়ে বেশি আক্রমণ করে গৌতম ঘোষকে। মুহূর্তে খবর পেয়ে অজয় ঘোষ এবং তার ভাই বন্ধুরা ঘটনাস্থলে উপস্থিত হয়। শেষ পর্যন্ত মেলাঘর হাসপাতালে এই চারজনকে অ্যাম্বুলেন্স করে নিয়ে যাওয়া হয়। ঘটনাটি ঘটে সোমবার রাত এগারোটা নাগাদ। শেষ খবর পাওয়া পর্যন্ত গৌতম ঘোষ সহ এবং ঐ কার্যকর্তা তিনজনের অবস্থা শোচনীয় হওয়া মঙ্গলবার সকালবেলা তাদেরকে মেলাঘর হাসপাতাল থেকে জিবি হাসপাতালে রেফার করে দেওয়া হয়। এদিকে ভারতীয় জনতা পার্টির কার্যকর্তারা বা বিভিন্ন সংগঠনের কার্যকর্তারা তেল কাজলা গ্রাম পঞ্চায়েতের সদস্য তথা তেল কাজলার বিশিষ্ট সমাজসেবক ব্যক্তি আব্দুল মতিন মিয়ার নেতৃত্বে প্রায় ২০ থেকে ২৫ জনের প্রতিনিধি দল গৌতম ঘোষের বাড়িতে যায়। সেখানে গৌতম ঘোষের পরিবারকে সান্তনা দেওয়ার চেষ্টা করে। তাদেরকে দেখে গৌতম ঘোষের মা ছেলের জন্য কাঁদতে থাকে। তেল কাজলা গ্রাম পঞ্চায়েতের মেম্বার তথা ওই এলাকার বিশিষ্ট সমাজসেবক আব্দুল মতিন মিয়া বলেন তারা আক্রমণে বিশ্বাসী নয়। তারা শান্তিতে বিশ্বাসী। ভারতীয় জনতা পার্টি প্রতিশোধের আগুনে না গিয়ে বরঞ্চ এলাকা শান্তি সম্প্রীতি বজায় রাখার জন্য আহ্বান জানান। এই বিষয়ে মেলাঘর থানায় মামলা দায়ের করা হয়েছে।

# কৈলাসহরে বিজেপি ও কংগ্রেস কর্মীদের সংঘর্ষে আহত এক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।। ছনতৈল গ্রাম পঞ্চায়েতের অধীনে মুসলিম পল্লী ৩ নং ওয়ার্ড এলাকায় কংগ্রেস ও বিজেপি দলের মধ্যে সংঘর্ষে গুরুতর আহত এক কংগ্রেস দলের কর্মী। ঘটনার তদন্তে কৈলাশহর থানার পুলিশ।ছনতৈল গ্রাম পঞ্চায়েতের অধীনে মুসলিম পল্লী ৩ নং ওয়ার্ড এলাকায় কংগ্রেস ও বিজেপি দলের মধ্যে সংঘর্ষে গুরুতর আহত এক কংগ্রেস দলের কর্মী। সংবাদে প্রকাশ আখাদুর রহমান একজন সক্রিয় কংগ্রেস দলের কর্মী। ওই একই এলাকায় একটি জলের পাম্প মেশিন বসানো হয়। যথারীতি সেই পাম্প মেশিন চালানোর জন্য একজন কর্মী নিয়োগ করা হবে। সেই মোতাবেক আখাদুর রহমান সংশ্লিষ্ট পঞ্চায়েতে তাকে এই কাজ দেওয়ার জন্য দাবি করেন। অভিযোগ তার আপন দুই ভাই বিজেপি দলের সক্রিয় সদস্য। তারা এই ☛ ৬ এর পাতায় দেখুন


# পৃথক স্থানে দুই যুবকের ফাঁসিতে আত্মহত্যা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।। ফাঁসিতে আত্মহত্যা এক যুবকের। ঘটনা সোমবার গভীর রাতে তেলিয়ামুড়া থানাধিন বাইশগরিয়া এলাকায়। আত্মঘাতী যুবকের নাম চিরঞ্জিত সরকার, বয়স ২৮ বছর। ঘটনার বিবরণে জানা যায় চিরঞ্জিত সরকার সোমবার গভীর রাতে নিজ বাড়িতে রাখা টমটমে ফাঁসিতে আত্মহত্যা করে। পরবর্তী সময় পরিবারের লোকজন ঘটনা প্রত্যক্ষ করে চিৎকার চেঁচামেচি শুরু করলে ছুটে আসে এলাকার লোকজন। খবর দেওয়া হয় তেলিয়ামুড়া থানার পুলিশকে। তেলিয়ামুড়া থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে মৃতদেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালে নিয়ে যায়। মঙ্গলবার দুপুর ময়না তদন্তের পর মৃতদেহটি পরিবারের লোকজনদের হাতে তুলে দেওয়া হয়। মৃত যুবকের বড় ভাইয়ের বক্তব্য পরিবারে কোন ধরনের সমস্যা ছিল না। চিরঞ্জিত টমটম চালক ছিল। সোমবার রাতে কি কারনে সে আত্মহত্যা করেছে তা পরিবারের কারো বোধগম্য নয়। পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যু মামলা হাতে নিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে।চন্ডিপুর বিধানসভার অধীন হালাইপার গ্রাম পঞ্চায়েত এলাকায় ফাঁসিতে আত্মঘাতী ১ ব্যক্তি। মৃত ব্যক্তির নাম লিটন মাহিশ্য দাস। বয়স ৩০।

জানা জায় লিটন মহিষ্যদাস কৈলাশহরের একটি বনেদি কাপড়ের দোকানের কর্মচারীর হিসাবে কাজ করতো। বাড়িতে একাই থাকত বলে জানা যায়। মঙ্গলবার সকালে তার নিজ বাড়িতে দরজা বন্ধ করে ঘরের মধ্যে ফাঁসিতে আত্মহত্যা করে। ঘড় বন্ধ দেখে ডাকাডাকি শুরু করলে কোন সারা শব্দ না পেয়ে খবর পাঠানো হয় কৈলাশহর থানায়। ঘটনাস্থলে ছুটে যায় কৈলাশহর থানার পুলিশ। কৈলাশহর থানার পুলিশ এলাকাবাসীর সহযোগিতায় দরজা ভেঙ্গে দেখতে পান যে, লিটন মাহিস্য দাস ফাঁসিতে ঝুলে রয়েছেন। এরপর নিয়ে আসা হয় উকোটি জেলা হাসপাতালে। কর্তব্যরত চিকিৎসক লিটন মাহিশ্য দাসকে মৃত বলে ঘোষণা করেন। তবে কি কারনে লিটন আত্মহত্যার পথ বেছে নিল তা এখনো জানা যায়নি। এই ঘটনায় সংশ্লিষ্ট এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

# বাংলাদেশের ঐতিহাসিক ভাষণ দিবস পালিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৭ মার্চ।।** বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ঐতিহাসিক ৭ ই মার্চ ভাষণ উপলক্ষ্যে মঙ্গলবার বাংলাদেশের সরকারি হাই কমিশন আগরতলায় বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ঐতিহাসিক ৭ ই মার্চ ভাষণ উপলক্ষ্যে মঙ্গলবার বাংলাদেশের সরকারি হাই কমিশন আগরতলায় বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিন সকালে বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করেন বাংলাদেশ সহকারী হাইকমিশনার আরিফ মহম্মদ। এরপর জাতীয় সংগীত পরিবেশন করা হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করা হয়। এরপর হয় নীরবতা ☛ ৬ এর পাতায় দেখুন




স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।